Chief Achievement Office
Students with Disabilities & English Language Learners
52 Chambers Street
New York, New York 10007

আরো তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন

schools.nyc.gov

T&I-11888 (Bengali)

Department of Education

প্যারেন্ট হ্যান্ডবুক

স্কুল বয়সী ছেলেমেয়েদের জন্য বিশেষ শিক্ষা পরিষেবা

মাইকেল আর. ব্লুমবার্গ
মেয়র

জুয়েল আই. ক্লাইন
চ্যান্সেলর

আপনার সন্তানের শিক্ষায় অংশগ্রহণ

এক নজরে

আপনার সন্তানকে আপনিই সবচেয়ে ভালো জানেন। আপনার ছেলেমেয়ের জন্য সম্ভাব্য সেরা শিক্ষার পরিকল্পনা প্রণয়নে আপনার ধ্যান-ধারণা, মতামত এবং বক্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতিটি প্রতিবন্ধী ছেলেমেয়ের বিনামূল্যে যথাযথ ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (যথাযথ সরকারি শিক্ষা, এফএপিই) পাবার অধিকার রয়েছে। এ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে যাতে আপনি আপনার সন্তানকে সাফল্য লাভে সাহায্য করতে তার জন্য সবচেয়ে উপযুক্ত কর্মসূচি প্রণয়নে তার স্কুলের কর্মীদের সাথে কাজ করতে পারেন।

সেকশন ১ শুরু

শুরুতেই সঠিক প্রশ্ন জিজ্ঞাসা | *পৃষ্ঠা ২ দেখুন*

আপনি যদি মনে করেন আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন তাহলে শুরুতেই সঠিক প্রশ্ন জিজ্ঞাসা করাটা গুরুত্বপূর্ণ। এখানে কিছু প্রশ্ন দেয়া হল যা আপনি আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করতে পারেন:

- আমার সন্তানের প্রতিবেদনপত্রে যে গ্রেড প্রদান করা হয়েছে তার অর্থ কী? তার কাছ থেকে যে ধরনের কাজ প্রত্যাশা করা হচ্ছে সে তাই করছে কি?
- আমার সন্তানকে আমি যা পড়ে শোনাচ্ছি সে তা বুঝতে পারছে কিনা আমি তা কীভাবে বুঝব?
- আমি ও আমার সন্তান যখন একত্রে কোনকিছু পড়ব তখন আমি তাকে (আমার সন্তানকে) কী ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করব?
- আমার সন্তান যদি গণিতের হোমওয়ার্ক নিয়ে সমস্যায় পড়ে তাহলে আমি তাকে কীভাবে সাহায্য করতে পারি?
- গণিত শিক্ষার কী কী কার্যক্রম আমি বাড়িতে বা মহল্লায় করতে পারি?
- আমার সন্তান স্কুলের অন্যান্য শিক্ষার্থীর সাথে ভালোভাবে মেলামেশা করতে পারছে কি?
- আমার সন্তানের নির্দেশনা অনুসরণ করতে বা তাকে যা করতে বলা হয় তা করতে কোন অসুবিধা হয় কি? যদি ক্লাসে তার এমনটি হয় তাহলে আপনি কী করেন?
- আমার সন্তান কীভাবে শিক্ষাগ্রহণ করছে সে সম্পর্কে আপনি আমাকে কী বলতে পারেন (আপনি কী লক্ষ করেছেন)?
- স্কুল চলাকালে বা স্কুল ছুটির পর এমন কোন অতিরিক্ত পরিষেবা আছে কি যা আমার সন্তানকে সাহায্য করতে পারে? যদি তা থেকে থাকে তাহলে কীভাবে আমরা আমাদের সন্তানের জন্য এ বাড়তি সহায়তাটি পেতে পারি?
- আমার সন্তান যাতে স্কুলে তার সর্বোচ্চ নৈপুণ্য প্রদর্শন করতে পারে সেজন্য তাকে সাহায্য করতে বাড়িতে আমি কী কী করতে পারি?

সেকশন ২ বিশেষ শিক্ষার প্রক্রিয়া কখন শুরু হবে

বিশেষ শিক্ষা প্রক্রিয়ার ধাপসমূহ | *পৃষ্ঠা ৪ দেখুন*

১ প্রাথমিক রেফারেল বা রেফারেলের জন্য অনুরোধ
২ মূল্যায়ন
৩ আইইপি দলের বৈঠক
৪ বিশেষ শিক্ষা পরিষেবার ব্যবস্থা করা
৫ বার্ষিক পর্যালোচনা/পুনর্মূল্যায়ন

প্রথম পদক্ষেপ আপনার সন্তান প্রতিবন্ধী কিনা এবং তার বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন কিনা তা নির্ধারণ। আপনি বা স্কুলের কোন কর্মী **প্রাথমিক রেফারেল** বা অন্য কোন ব্যক্তি **রেফারেলের অনুরোধ** জানানোর মাধ্যমে প্রক্রিয়া শুরু করতে পারেন। আপনি সম্মতি প্রদান করার পর আপনার সন্তানের বিকাশের ইতিহাস ও আচরণ, সে কী জানে ও কীভাবে শেখে এবং তার দক্ষতা, সামর্থ্য ও যেসব ক্ষেত্রে তার সাহায্য প্রয়োজন তা নির্ধারণের জন্য তাকে মূল্যায়ন করা হবে।

বেশিরভাগ ক্ষেত্রে আপনার সন্তানকে প্রাথমিকভাবে মূল্যায়নের জন্য আপনার সম্মতিলাভের **৬০ ক্যালেন্ডার দিবসের** মধ্যেই সব প্রয়োজনীয় মূল্যায়ন সম্পন্ন করতে হবে এবং ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি) দলের বৈঠক আহ্বান করতে হবে।

আপনার সন্তানের মূল্যায়ন সম্পন্ন হয়ে যাবার পর আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা লাভের যোগ্যতা এবং প্রয়োজন মোতাবেক তার জন্য একটি ব্যক্তিক শিক্ষা কর্মসূচি প্রণয়নের বিষয় নিয়ে আলোচনার জন্য আপনি একটি বৈঠকে যোগ দেবেন। শিক্ষক ও অন্যান্য পেশাজীবী যারা আপনার সন্তান সম্পর্কে জানেন বা আপনার সন্তানের মূল্যায়নে অংশগ্রহণ করেছেন বা আপনার সন্তানকে পরিষেবা প্রদান করতে পারেন তারাও এ বৈঠকে অংশগ্রহণ করবেন। *আইইপি দলের সদস্যদের সম্পর্কে আরো তথ্যের জন্য পৃষ্ঠা ১০ দেখুন।*

আইইপি দলের বৈঠকে আপনার ভূমিকা | *পৃষ্ঠা ৯ দেখুন*

আপনি আইইপি দলের একজন গুরুত্বপূর্ণ সদস্য এবং আপনার মতামত মূল্যবান। আইইপি দলের বৈঠকে আপনার উচিত:

- আপনার সন্তান কীভাবে শেখে, তার আগ্রহের বিষয় কোনগুলো, এবং আপনার সন্তান সম্পর্কে অন্যান্য তথ্য প্রদান করা যা একমাত্র পিতামাতার পক্ষেই জানা সম্ভব;
- স্কুলে আপনার সন্তানের কোন্ বিষয়ের ওপর কাজ করা প্রয়োজন সে সম্পর্কে দলের অন্যান্য সদস্য কী ভাবছেন তা শুনুন এবং পরামর্শ বিনিময় করুন;
- আপনার সন্তান স্কুলে যা শিখছে তা বাড়িতে চর্চা করছে কিনা সে সম্পর্কে জানান;
- দলের সকল সদস্য ও বৈঠকে অংশগ্রহণকারীদের সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

আপনার সন্তানের অগ্রগতি পর্যালোচনা | *পৃষ্ঠা ১২ দেখুন*

আপনার সন্তানের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি বছর আইইপি দলের বৈঠক অনুষ্ঠিত হওয়া প্রয়োজন। আপনার সন্তান যদি ইতিমধ্যেই বিশেষ শিক্ষা পরিষেবা পেয়ে থাকে তাহলে সে যে সেবাগুলো পাচ্ছে তা পুনরায় মূল্যায়ন করা প্রয়োজন কিনা তা নির্ধারণে আপনার সন্তানকে পুনরায় মূল্যায়নের জন্য সুপারিশ করা হতে পারে। আপনি এবং ডিপার্টমেন্ট অব এডুকেশন যদি লিখিতভাবে এর অন্যথা করার বিষয়ে সম্মত না হন তাহলে বছরে একবারের বেশি পুনর্মূল্যায়ন করা হবে না। অধিকন্তু আপনি ও স্কুল ডিস্ট্রিক্ট যদি লিখিতভাবে এ বিষয়ে সম্মত না হন যে এর কোন প্রয়োজন নেই, তাহলে বাধ্যতামূলক তিন-বছরের মূল্যায়ন অবশ্যই সম্পন্ন করা হবে। আপনার সন্তানের চাহিদা আরো ভালোভাবে পূরণের জন্য প্রয়োজনে তার আইইপি সংশোধন করা হবে।

সেকশন ৩ ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)

যোগ্যতা নির্ধারণ | *পৃষ্ঠা ১৪ দেখুন*

নিম্নলিখিত এক বা একাধিক ধরনের প্রতিবন্ধিতার মানদণ্ডের ওপর ভিত্তি করে আপনার সন্তান বিশেষ শিক্ষা পরিষেবা লাভের যোগ্য কিনা আইইপি দল সে বিষয়ে সিদ্ধান্ত নেবে:

- অটিজম
- বধির
- বধির-অন্ধত্ব
- আবেগজনিত সমস্যা
- শ্রবণ প্রতিবন্ধিতা
- শিক্ষণ প্রতিবন্ধিতা
- মানসিক প্রতিবন্ধিতা
- একাধিক ধরনের প্রতিবন্ধিতা
- অস্থি বিকৃতিরোগ
- অন্যান্য স্বাস্থ্য প্রতিবন্ধিতা
- মূক বা ভাষা প্রতিবন্ধিতা
- মানসিক আঘাতের বা ভয়ের কারণে মস্তিষ্কে জখম
- দৃষ্টি প্রতিবন্ধিতা

আইইপি কী? | *পৃষ্ঠা ১৭ দেখুন*

আইইপি বিশেষ শিক্ষা পরিষেবার জন্য আপনার সন্তানের যোগ্যতানথিভুক্ত করে এবং আপনার সন্তানের বিশেষ চাহিদা পূরণের জন্য যে বিশেষ শিক্ষা পরিষেবা উপযুক্ত তা প্রদানের জন্য স্কুলের পরিকল্পনাকে আনুষ্ঠানিক রূপ দেয়। এতে আপনার সন্তান সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য থাকে এবং আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য যে শিক্ষা কর্মসূচি থাকে তা অন্তর্ভুক্ত থাকে:

- স্কুলে আপনার সন্তানের বর্তমান নৈপুণ্য এবং এক স্কুলবর্ষের মধ্যে স্বাভাবিকভাবে যেসব লক্ষ্য অর্জন করা সম্ভব;
- বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা; পরামর্শ পরিষেবা; ভাষা, অকুপেশনাল ও ফিজিক্যাল থেরাপি; আধাপেশাদার সহায়তা, সহায়ক প্রযুক্তি, আচরণ অনুশাসন এবং পরিমার্জন;
- অপ্রতিবন্ধী শিশুদের সাথে অংশগ্রহণ, এবং/বা সুযোগসুবিধাকে মূলধারায় আনা;
- স্টেট ও সিটিভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণ, উত্তীর্ণের মানদণ্ড এবং ডিপ্লোমার লক্ষ্য;
- কত তারিখ থেকে সেবা প্রদান শুরু হবে, কতদিন পর পর প্রদান করা হবে, কোথায় প্রদান করা হবে এবং কতদিন ধরে প্রদান করা হবে;
- আপনার সন্তানের অগ্রগতি পরিমাপের পদ্ধতি

সেকশন ৪ স্কুল বয়সীদের বিশেষ শিক্ষা পরিষেবা–কী প্রত্যাশা করতে হবে

আপনার সন্তানের চাহিদা সবচেয়ে ভালোভাবে পূরণ হয় এমন পরিবেশে তাকে শিক্ষাদান | *পৃষ্ঠা ২০ দেখুন*

আপনার সন্তানের জন্য পরিষেবার সুপারিশ করার সময় আইইপি দলকে অবশ্যই বিবেচনায় রাখতে হবে যে যতদূর সম্ভব যথাযথ হয় অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে আপনার সন্তানকে শিক্ষা গ্রহণের সুযোগ প্রদান করে কীভাবে তাকে পরিষেবা প্রদান করা যায়। এই অংশে বিশেষ শিক্ষা পরিষেবার রূপরেখা প্রদান করা হবে।

বিশেষ ক্লাস অনুপাত | *পৃষ্ঠা ২৪ দেখুন*

বিশেষ ক্লাসে আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক এবং/বা ব্যবস্থাপনা চাহিদার ওপর ভিত্তি করে বিভিন্ন অনুপাতে কর্মী নিয়োগ করা হয়। এসব ক্লাসে ছয় থেকে পনেরো জন শিক্ষার্থী এবং একজন বিশেষ শিক্ষার শিক্ষক এবং চারজন পর্যন্ত আধা-পেশাদার থাকতে পারে।

১২:১ প্রাথমিক ও জুনিয়র/মিডল স্কুল	১৫:১ হাই স্কুল	১২:১:১	৮:১:১	৬:১:১	১২:১:৪
স্বনিয়ন্ত্রিত ক্লাসে বিশেষায়িত শিক্ষানির্দেশনা		অতিরিক্ত প্রাপ্তবয়স্ক সহায়তা এবং বিশেষায়িত শিক্ষানির্দেশনা	তীব্র চাহিদা এবং প্রত্যেকের প্রতি মনোযোগ দেয়া	সব বা অধিকাংশ ক্ষেত্রেই তীব্র চাহিদা	মারাত্মক ও বহুবিধ প্রতিবন্ধিতা

সেকশন ৫ আইইপি প্রণয়নের পর: ভর্তি প্রক্রিয়া ও পরিষেবার ব্যবস্থা

স্থান নির্ধারণ | *পৃষ্ঠা ২৯ দেখুন*

আইইপি দলের বৈঠক শেষ করার পূর্বে আপনার সন্তানের বর্তমান পাবলিক স্কুলে যেসব কর্মসূচি রয়েছে এবং সে এই স্কুলে থাকতে পারবে কিনা সে সম্পর্কে অবশ্যই আলোচনা হওয়া প্রয়োজন। আপনার সন্তানের জন্য যদি এমন বিশেষ শিক্ষা পরিষেবার সুপারিশ করা হয় যা আপনার সন্তানের বর্তমান স্কুলে নেই তাহলে ডিস্ট্রিক্ট প্রতিনিধি অবশ্যই ডিস্ট্রিক্টের অন্য যেসব স্কুলে এইসব পরিষেবা আছে তাদের সাথে আলাপ করবেন।

সম্মতি প্রদান | *পৃষ্ঠা ৩০ দেখুন*

আপনার সন্তান যদি এর আগে আর কখনো বিশেষ শিক্ষা পরিষেবা গ্রহণ না করে থাকে তাহলে যেসব পরিষেবা প্রদানের সুপারিশ করা হয়েছে তা প্রদানের পূর্বে অবশ্যই আপনার সম্মতির প্রয়োজন হবে। আপনি যদি সম্মতি না দেন তাহলে আপনার সন্তানকে সুপারিশকৃত সেবা প্রদান না করে সাধারণ শিক্ষাই দেয়া হবে।

আপনি সব বাধ্যতামূলক আইইপি বিশেষ শিক্ষা পরিষেবার জন্য আপনার সম্মতি যেকোন সময়ে লিখিতভাবে প্রত্যাহার করে নিতে পারেন, তবে বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবার অংশ বিশেষের জন্য আপনি সম্মতি প্রত্যাহার করে নিতে পারবেন না।

ভর্তির সময়সীমা | *পৃষ্টা ৩২ দেখুন*

যদি এই প্রথমবারের মত আপনার সন্তানকে মূল্যায়ন করা হয়ে থাকে, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনকে মূল্যায়নের জন্য আপনার সম্মতি পাবার ৬০স্কুল দিবসের মধ্যে আইইপি-তে যেভাবে সুপারিশ করা হয়েছে সেভাবে আপনার সন্তানের জন্য পরিষেবার ব্যবস্থা করতে হবে। আপনার সন্তান যদি ইতিমধ্যেই বিশেষ শিক্ষা পরিষেবা পেয়ে থাকে তাহলে পুনর্মূল্যায়নের জন্য অনুরোধ পাবার ৬০ স্কুল দিবসের মধ্যে ডিপার্টমেন্টকে পরিষেবার ব্যবস্থা করতে হবে।

নথির গোপনীয়তা | *পৃষ্ঠা ৩৩ দেখুন*

আপনার সন্তানের মূল্যায়নের নথিতে লিখিত সব তথ্য গোপন রাখা হবে এবং আপনার অনুমতি ছাড়া বা আপনার সন্তানের নথি/রেকর্ড প্রকাশের জন্য আদালতের কোন আদেশ না থাকলে তা বাইরের কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে প্রদান করা হবে না। আপনার সন্তানের সাথে যেসব স্কুলের কর্মী কাজ করে তারাই কেবল এসব নথি দেখতে পাবে। অধিকন্তু ডিওই আপনার সন্তানের জন্য গুরুত্বপূর্ণ বাইরের প্রতিষ্ঠানের কাছ থেকে প্রতিবেদন বা স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট নেয়ার জন্য আপনার অনুমতি চাইতে পারে।

যথাযথ প্রক্রিয়া | *পৃষ্ঠা ৩৬ দেখুন*

আপনার সন্তানের বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা (এফএপিই) পাবার এবং আপনার পিতামাতা হিসেবে এ প্রক্রিয়ার সাথে যুক্ত হবার ও তা পুরোপুরি বোঝার অধিকার রয়েছে। আপনার সন্তানের শিক্ষার বিষয়ে স্কুলের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করার এবং মতপার্থক্যের অবসান ঘটানোর জন্য মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানি জন্য আবেদন জানানোর এবং মধ্যস্থতাকারী বা নিরপেক্ষ শুনানির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার অধিকার আপনার রয়েছে।

সেকশন ৬ হাইস্কুল ডিপ্লোমা বিকল্প এবং মাধ্যমিক পরবর্তী পরিকল্পনা

হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশন সুসম্পন্ন করা একজন কিশোরের জীবনে একটি গুরুত্বপূর্ণ পর্যায়। হাই স্কুল গ্র্যাজুয়েশনের জন্য প্রস্তুতি নিতে শিক্ষার্থী ও পিতামাতাকে সব শর্ত সম্পর্কে জানতে হয় এবং শিক্ষার্থীদের এসব লক্ষ্য অর্জনে সহায়তা করতে প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করতে হয়। নিউ ইয়র্ক স্টেট শিক্ষার্থীদের জন্য নিম্নলিখিত ডিপ্লোমাগুলোর ব্যবস্থা করে:

- উচ্চতর রিজেন্টস ডিপ্লোমা
- রিজেন্টস ডিপ্লোমা
- স্থানীয় ডিপ্লোমা
- আইইপি ডিপ্লোমা

আপনার সন্তান যদি কোন বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে থাকে , তাহলে সে স্থানীয় বা রিজেন্ট ডিপ্লোমা লাভের যোগ্য হবে না। অনুগ্রহ করে মনে রাখবেন আপনার সন্তানের আইইপি ডিপ্লোমা সত্যায়িত করে যে আপনার সন্তান তার আইইপি-এর লক্ষ্য পূরণ করেছে। কলেজ বা সামরিক বাহিনীতে ভর্তির জন্য বা কিছু কিছু চাকুরিতে যোগ্যতা নির্ধারণকারী হাই স্কুল ডিপ্লোমা হিসেবে আইইপি ডিপ্লোমাকে গ্রহণ করা হয় না।

ক্রান্তিকালীন সেবা | *পৃষ্ঠা ৩৮ দেখুন*

ক্রান্তিকালীন সেবা হচ্ছে একগুচ্ছ সুসমন্বিত কার্যক্রম যা আপনার সন্তানকে স্কুল থেকে স্কুল পরবর্তী কার্যক্রমে প্রবেশের সময় সহায়তা করবে। আপনার সন্তান যে বছর ১৫-তে পা দেবে সে বছর থেকেই এ সেবা পাবে। এসব কার্যক্রমকে অবশ্যই আপনার সন্তানের শক্তি, পছন্দ ও আগ্রহের কথা বিবেচনায় রেখে চাহিদানির্ভর করতে হবে।

বিশেষ শিক্ষার শিক্ষার্থীরা নিউ ইয়র্ক সিটি স্কুল ব্যবস্থা ছেড়ে চলে যাচ্ছে কেননা তারা একটি ডিপ্লোমা লাভ করবে বা যারা ২১ বছরে পদার্পণ করবে তাদেরকে অবশ্যই স্টুডেন্ট একজিট সামারি লাভ করতে হবে। এটি শিক্ষার্থীর শক্তি, সামর্থ্য, চাহিদা ও সীমাবদ্ধতার অর্থপূর্ণ চিত্র তুলে ধরবে। মাধ্যমিক-পরবর্তী শিক্ষায়, কর্মস্থলে ও কম্যুনিটিতে যুক্তিসঙ্গত স্থান ও সহায়তা পেতে তার যোগ্যতা প্রতিষ্ঠায় এটি তাকে সাহায্য করবে।

প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য উত্তীর্ণের শর্তাবলি | *পৃষ্ঠা ৩৯ দেখুন*

যেসব শিক্ষার্থী ২০০৭, ২০০৮ বা ২০০৯ সালের সেপ্টেম্বরে ৯ম গ্রেডে প্রবেশ করেছে তাদের উত্তীর্ণের শর্তাবলি এই সেকশনে অন্তর্ভুক্ত করা হয়েছে। এখানে লোকাল বা স্থানীয়, রিজেন্ট বা উচ্চতর ডিপ্লোমা সংক্রান্ত তথ্যও প্রদান করা হয়েছে। যেসব শিক্ষার্থীরা ২০০১ থেকে ২০০৬ সালের মধ্যে ৯ম গ্রেডে প্রবেশ করেছে তাদের উচিত তাদের উত্তীর্ণের শর্তাবলি নিয়ে স্কুল কর্মীদের সাথে আলোচনা করা বা http://schools.nyc.gov.-এই ঠিকানায় আমাদের ওয়েবসাইট ভিজিট করা।

প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বৃত্তিমূলক ও শিক্ষা পরিষেবা দপ্তর (ভিইএসআইডি) | *পৃষ্ঠা ৪০ দেখুন*

ভিইএসআইডি-এর জন্য যোগাযোগের তথ্য, এটি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এডুকেশনের একটি অফিস যা যোগ্য ব্যক্তিদের চাকুরির জন্য প্রস্তুতি গ্রহণে পরিষেবা প্রদান করে থাকে।

এই প্রকাশনার ছবিগুলো শুধু অলঙ্করণের উদ্দেশে ব্যবহৃত হয়েছে। এসব ছবির শিক্ষাথীরা মডেল। নিউ ইয়র্ক সিটি এডুকেশন এমন দাবি করছে না যে এই সহায়িকায় যেসব ব্যক্তির ছবি আছে তারা বিশেষ শিক্ষার শিক্ষাথী কিংবা নিউ ইয়র্ক সিটি স্কুলসমূহে পড়ে।

আমার কাছে প্রতিটি শিক্ষার্থীই গুরুত্বপূর্ণ।

আপনার সন্তানের শিক্ষায় অংশগ্রহণ

স্বাগতম

সব শিক্ষার্থী যাতে তাদের লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা ও সংশ্লিষ্ট পরিষেবা পায় তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোয় আমরা নিবেদিত।

একজন পিতামাতা হিশেবে আপনি এই ব্রতর একটি অপরিহার্য অংশ: আপনার সন্তানের শিক্ষকেরা তাদের কাজ সবচেয়ে ভালভাবে করতে পারেন যখন আপনার সন্তানের চাহিদা নির্ধারণ ও তার সফল স্কুল অভিজ্ঞতা লাভের বিষয়টি নিশ্চিত করার জন্য আপনি শিক্ষকদের সাথে হাত মিলিয়ে কাজ করেন।

এই সহায়িকা প্রণয়ন করা হয়েছে প্রতিবন্ধী বলে সুপারিশকৃত বা চিহ্নিত একজন শিক্ষার্থীর পিতামাতা হিশেবে আপনার যেসব অধিকার রয়েছে সেগুলো বোঝার ব্যাপারে আপনাকে সাহায্য করার জন্য। এটি শিক্ষক ও কর্মীদের সাথে মিলিতভাবে কাজ করায় এবং আপনার সন্তানের শিক্ষায় সক্রিয় অংশগ্রহণকারী হওয়ায় আপনাকে সহায়তা করার জন্য প্রয়োজনীয় তথ্যও জুগিয়ে থাকে।

আমরা আপনাকে এই সহায়িকার তথ্য আপনার সন্তানের শিক্ষক ও অন্যান্য স্কুল কর্মীর সাথে আলোচনা করার জন্য উৎসাহিত করছি। এরপরও যদি আপনার প্রশ্ন থাকে, আপনি 311 নম্বরে অথবা এই বুকলেটের শেষে সন্নিবেশিত তালিকা থেকে যথাযথ ডিস্ট্রিক্ট কমিটি অন স্পেশাল এডুকেশন-এ ফোন করতে পারেন।

আমরা আপনার সন্তানকে তার সর্বোচ্চ সম্ভাবনা অনুযায়ী শেখায়, বিকশিত হওয়ায় এবং অর্জন করায় সহায়তা করার জন্য আপনার সাথে কাজ করার অপেক্ষায় রইলাম।

বিশ্বস্ত

লরা রড্রিগেজ
চিফ অ্যাচিভমেন্ট অফিসার

সূচিপত্র

সেকশন ১ :

পৃষ্ঠা ১ | **আপনার সন্তানের সেরা শিক্ষার জন্য আসুন এখনই শুরু করি**
পৃষ্ঠা ২ | শুরুতেই সঠিক প্রশ্ন জিজ্ঞাসা
পৃষ্ঠা ২ | এরপর কী? আপনার সন্তানের অতিরিক্ত সহায়তা প্রয়োজন কি?
পৃষ্ঠা ২ | শিক্ষককে যেসব প্রশ্ন জিজ্ঞাসা করবেন

সেকশন ২ :

পৃষ্ঠা ৩ | **বিশেষ শিক্ষার প্রক্রিয়া কখন শুরু হয়: মূল্যায়নের জন্য প্রাথমিক রেফারেল**
পৃষ্ঠা ৪ | প্রাথমিক রেফারেল প্রক্রিয়া
পৃষ্ঠা ৫ | প্রাথমিক মূল্যায়নে কী কী অন্তর্ভুক্ত থাকবে?
পৃষ্ঠা ৫ | স্বাধীন মূল্যায়ন
পৃষ্ঠা ৬ | বাইলিঙ্গুয়াল মূল্যায়ন
পৃষ্ঠা ৬ | আপনার সন্তান যদি ইতিমধ্যেই প্রতিবন্ধী শিক্ষার্থী হিসেবে চিহ্নিত হয়ে থাকে তাহলে কী হবে?
পৃষ্ঠা ৭ | পিতামাতা কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য রূপরেখা/নির্দেশনা
পৃষ্ঠা ৭ | মূল্যায়ন সম্পন্ন হবার পর: আইইপি দলের বৈঠক
পৃষ্ঠা ৮ | আইইপি দলের সদস্যদের প্রত্যাশিত অবদানের সারসংক্ষেপ
পৃষ্ঠা ৮ | আইইপি দলের বৈঠকে আপনি যেসব প্রশ্ন জিজ্ঞাসা করবেন
পৃষ্ঠা ৯ | আইইপি দলের বৈঠকে আপনার ভূমিকা
পৃষ্ঠা ১০ | আইইপি দলের সদস্যবৃন্দ
পৃষ্ঠা ১১ | আইইপি সদস্যদের ওজর
পৃষ্ঠা ১২ | বার্ষিক পর্যালোচনার পর আইইপি সংশোধন

সেকশন ৩ :

পৃষ্ঠা ১৩ | **ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)**
পৃষ্ঠা ১৪ | যোগ্যতা
পৃষ্ঠা ১৭ | আইইপি এর বিষয়বস্তু
পৃষ্ঠা ১৮ | ক্রান্তিকালীন পরিষেবা

সেকশন ৪ :

পৃষ্ঠা ১৯ | **স্কুল বয়সীদের বিশেষ শিক্ষা পরিষেবা– কী প্রত্যাশা করতে হবে**
পৃষ্ঠা ২০ | সংশ্লিষ্ট পরিষেবা
পৃষ্ঠা ২১ | স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (এসইটিএসএস)
পৃষ্ঠা ২২ | কোলাবোরেটিভ টিম টিচিং/ইনটিগ্রেটেড কো-টিচিং (সিটিটি/আইসিটি)
পৃষ্ঠা ২২ | বিশেষ ক্লাস পরিষেবা
পৃষ্ঠা ২৩ | মারাত্মক প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত পাবলিক/সরকারি স্কুল (ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল)
পৃষ্ঠা ২৩ | নিউ ইয়র্ক স্টেট– সমর্থিত স্কুল
পৃষ্ঠা ২৪ | বিশেষ ক্লাসের অনুপাত: আপনার সন্তানের জন্য কোন অনুপাতটি সঠিক হবে?
পৃষ্ঠা ২৫ | নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের অনুমোদনপ্রাপ্ত বেসরকারি স্কুল (দিবা)
পৃষ্ঠা ২৫ | নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের অনুমোদনপ্রাপ্ত বেসরকারি স্কুল (আবাসিক)
পৃষ্ঠা ২৫ | বাড়ি ও হাসপাতালে শিক্ষানির্দেশনা
পৃষ্ঠা ২৬ | সম্পূরক সহায়তা ও পরিষেবা
পৃষ্ঠা ২৬ | শ্রেণিমুক্ত পরিষেবাসহ সাধারণ শিক্ষা
পৃষ্ঠা ২৬ | বিশেষায়িত পরিবহন সংস্থান
পৃষ্ঠা ২৮ | অতিরিক্ত বিশেষ শিক্ষা পরিষেবা

সেকশন ৫ :

পৃষ্ঠা ২৯ | **আইইপি প্রণয়নের পর: আইইপি দলের বৈঠকে ভর্তির প্রক্রিয়া ও পরিষেবা ব্যবস্থাপন**
পৃষ্ঠা ৩২ | ভর্তির সময়সীমা
পৃষ্ঠা ৩৪ | পিতামাতাদের জন্য বিকল্প
পৃষ্ঠা ৩৬ | যথাযথ প্রক্রিয়া

সেকশন ৬ :

পৃষ্ঠা ৩৭ | **হাইস্কুল ডিপ্লোমার বিকল্প ও মাধ্যমিক পরবর্তী পরিকল্পনা**
পৃষ্ঠা ৩৭ | আইইপি ডিপ্লোমা
পৃষ্ঠা ৩৮ | ডিপ্লোমার আবশ্যিক শর্তাবলি
পৃষ্ঠা ৩৮ | ক্রান্তিকালীন পরিষেবা ও মাধ্যমিক পরবর্তী বিকল্প
পৃষ্ঠা ৩৯ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য গ্রাজুয়েশনের শর্তাবলি
পৃষ্ঠা ৪০ | অফিস অব ভোকেশনাল অ্যান্ড এডুকেশনাল সার্ভিসেস ফর ইনডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিস (ভিইএসআইডি)

পৃষ্ঠা ৪১ | **আরো গুরুত্বপূর্ণ তথ্য**

আপনার সন্তানের সেরা শিক্ষার জন্য আসুন এখনই শুরু করি

আপনিই আপনার সন্তানকে সবচেয়ে ভালোভাবে জানেন। আর এ কারণেই আপনার সন্তানের জন্য সম্ভাব্য সেরা শিক্ষার পরিকল্পনা প্রণয়নে আপনার ধ্যান-ধারণা, মতামত এবং বক্তব্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

স্কুলে আপনার সন্তানের সাফল্য লাভের জন্য যে সহায়তা ও পরিষেবা প্রয়োজন তা যাতে সে পায় তা নিশ্চিত করতে আপনার সন্তানের স্কুলের কর্মীরা আপনার সাথে কাজ করতে প্রস্তুত রয়েছেন।

ছেলেমেয়েরা বিভিন্ন লয় ও পদ্ধতিতে শিখে থাকে। কিছু ছেলেমেয়ে শারীরিক বা মানসিক প্রতিবন্ধিতা নিয়ে জন্মগ্রহণ করে। কারো কারো প্রতিবন্ধিতা কেবল একটি ক্ষেত্রে, আবার কারো কারো অনেকগুলো ক্ষেত্রে। প্রতিটি প্রতিবন্ধী ছেলেমেয়েরই বিনামূল্যে ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (এফএপিই) লাভের অধিকার রয়েছে।

আপনার সন্তান যদি প্রতিবন্ধী হয় তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশন আপনার সন্তানকে তার ব্যক্তিগত চাহিদাপূরণের জন্য বিশেষ শিক্ষা সহায়তা ও পরিষেবা প্রদান করবে এবং এর জন্য আপনার কোন অর্থ লাগবে না।

আমাদের লক্ষ্য আপনার সন্তানকে শিক্ষা ও সহায়তা প্রদান।

আপনি যদি মনে করেন আপনার সন্তানের বিশেষ শিক্ষা সহায়তা প্রয়োজন তাহলে আপনি কী করবেন?

পৃষ্ঠা ২ দেখুন

শুরুতেই সঠিক প্রশ্ন জিজ্ঞাসা

আপনি যদি মনে করেন আপনার সন্তানের বিশেষ শিক্ষা সহায়তা প্রয়োজন তাহলে শুরুতেই সঠিক প্রশ্ন জিজ্ঞাসা করুন। আপনার সন্তান বর্তমানে যে স্কুলে পড়ছে সেখানে সাধারণ শিক্ষা ব্যবস্থার মধ্যে কোন সহায়তা পরিষেবা রয়েছে কিনা তা জানতে আপনার সন্তানের বর্তমান শিক্ষকের সাথে কথা বলুন। আপনার সন্তানের হয়ত এসব সহায়তাই প্রয়োজন।

স্কুলগুলো অ্যাকাডেমিক ইন্টারভেনশন সার্ভিসেস (এআইএস), পঠন ঘাটতিপূরণ কর্মসূচি ও পরামর্শ পরিষেবা প্রদান করে থাকে। আপনি আপনার সন্তানকে বিশেষ শিক্ষা পরিষেবা ব্যতীত সাধারণ শিক্ষা কর্মসূচিতেও রাখতে পারেন।

এরপর কী? আমার সন্তানের অতিরিক্ত সহায়তা প্রয়োজন কি?

আপনার সন্তানের শিক্ষক ও স্কুলের সাথে কথা বলার পর আপনার হয়ত মনে হতে পারে যে আপনার সন্তানের অতিরিক্ত সহায়তা প্রয়োজন। সে ক্ষেত্রে আপনি (বা অন্য কেউ) আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা মূল্যায়নের সুপারিশ করতে পারেন। এর আওতায় আপনার সন্তানের প্রতিবন্ধিতা আছে কিনা তা নির্ধারণের জন্য বেশকিছু মূল্যায়ন করা হবে। *অনুগ্রহ করে পৃষ্ঠা ৪-এ প্রাথমিক মূল্যায়ন প্রক্রিয়া দেখুন।*

শিক্ষককে যেসব প্রশ্ন জিজ্ঞাসা করবেন:

- আমার সন্তানের প্রতিবেদনপত্রে যে গ্রেড প্রদান করা হয়েছে তার অর্থ কী? তার কাছ থেকে যে ধরনের কাজ প্রত্যাশা করা হচ্ছে সে তাই করছে কি?
- আমার সন্তানকে আমি যা পড়ে শোনাচ্ছি সে তা বুঝতে পারছে কিনা আমি তা কীভাবে বুঝব?
- আমি ও আমার সন্তান যখন একত্রে কোনকিছু পড়ব তখন আমি তাকে (আমার সন্তানকে) কী ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করব?
- আমার সন্তান যদি গণিতের হোমওয়ার্ক নিয়ে সমস্যায় পড়ে তাহলে আমি তাকে কীভাবে সাহায্য করতে পারি?
- গণিত শিক্ষার কী কী কার্যক্রম আমি বাড়িতে বা আশপাশের এলাকায় করতে পারি?
- আমার সন্তান স্কুলের অন্যান্য শিক্ষার্থীর সাথে ভালোভাবে মেলামেশা করতে পারছে কি?
- আমার সন্তানের নির্দেশনা অনুসরণ করতে বা তাকে যা করতে বলা হয় তা করতে কোন অসুবিধা হয় কি? যদি ক্লাসে তার এমনটি হয় তাহলে আপনি কী করেন?
- আমার সন্তান কীভাবে শিক্ষাগ্রহণ করছে সে সম্পর্কে আপনি আমাকে কী বলতে পারেন (আপনি কী লক্ষ করেছেন)?
- স্কুল চলাকালে বা স্কুল ছুটির পর এমন কোন অতিরিক্ত পরিষেবা আছে কি যা আমার সন্তানকে সাহায্য করতে পারে? যদি তা থেকে থাকে তাহলে কীভাবে আমরা আমাদের সন্তানের জন্য এ বাড়তি সহায়তাটি পেতে পারি?
- আমার সন্তান যাতে স্কুলে তার সর্বোচ্চ নৈপুণ্য প্রদর্শন করতে পারে সেজন্য তাকে সাহায্য করতে বাড়িতে আমি কী কী করতে পারি?

কখন বিশেষ শিক্ষার প্রক্রিয়া শুরু হবে: মূল্যায়নের জন্য প্রাথমিক রেফারেল

সরকারি স্কুলে অধ্যয়নরত প্রত্যেক প্রতিবন্ধী শিক্ষার্থী মূল্যায়ন পরিষেবা পাবে এবং তার স্কুলে তার ইনডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (আইইপি) দলের বৈঠক অনুষ্ঠিত হবে। স্কুলের যেসব কর্মী আপনার সন্তান সম্পর্কে জানেন এবং পরবর্তীতে আপনার সন্তানকে পরিষেবা প্রদান করতে পারেন তাদের এই বৈঠকে অংশগ্রহণ করাটা গুরুত্বপূর্ণ।

আপনার সন্তান প্রতিবন্ধী কিনা ও তার বিশেষ শিক্ষা সহায়তা প্রয়োজন কিনা তা নির্ধারণ।

রেফারেল, মূল্যায়নএবং ভর্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কে?

আপনার সন্তান যদি কোন পাবলিক স্কুলের শিক্ষার্থী হয় তাহলে সেই স্কুলেরই দায়িত্ব শিক্ষার্থীর মূল্যায়ন, আইইপি তৈরি এবং বিশেষ শিক্ষা পরিষেবা প্রদান করা। আপনার সন্তানের জন্য যে বিশেষ শিক্ষা পরিষেবার সুপারিশ করা হয়েছে তা যদি তার বর্তমান স্কুলের পক্ষে প্রদান করা সম্ভব না হয়, তাহলে আপনার সন্তানকে সঠিক স্কুলে ভর্তি করিয়ে দেবার দায়িত্ব অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট-এর।

যেসব শিক্ষার্থী বেসরকারি স্কুল, ব্যক্তিমালিকাধীন বা চার্টার স্কুলে পড়ে বা কোন স্কুলে পড়ে (ননএটেনডিং) না সেসব শিক্ষার্থীর মূল্যায়ন ও আইইপি তৈরির দায়িত্ব কমিটি অন স্পেশাল এডুকেশন অফিসের কর্মীদের। পরিষেবার ব্যবস্থা করার দায়িত্বও সিএসই অফিসের কর্মীদের।

আমার সন্তানের যদি দ্বিভাষিক মূল্যায়ন প্রযোজন হয় তাহলে কী করব?

পৃষ্ঠা ৬ দেখুন

বিশেষ শিক্ষা প্রক্রিয়ার ধাপসমূহ

১ প্রাথমিক রেফারেল বা রেফারেলের জন্য অনুরোধ → ২ মূল্যায়ন → ৩ আইইপি দলের বৈঠক → ৪ বিশেষ শিক্ষা পরিষেবার ব্যবস্থা করা → ৫ বাৎসরিক মূল্যায়ন/ পুনর্মূল্যায়ন

প্রাথমিক মূল্যায়ন প্রক্রিয়া

ইনডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট (আইডিয়া) এবং এর সাথে নিউ ইয়র্ক স্টেট প্রবিধান প্রাথমিক রেফারেল উৎসসহ প্রাথমিক রেফারেল প্রক্রিয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সব পরিবর্তন এনেছে। প্রাথমিক মূল্যায়নের জন্য কেবল বিশেষ কিছু ব্যক্তি প্রাথমিক মূল্যায়নের রেফারেল জমা দিতে পারেন, অন্যদিকে অন্যান্য ব্যক্তি "রিকোয়েস্ট ফর ইনিশিয়াল ইভালুয়েশন" করতে পারেন। এ নতুন প্রক্রিয়ার বিবরণ নিচে দেয়া হয়েছে।

আপনার সন্তানের প্রতিবন্ধিতা আছে কিনা এবং তার বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন কিনা তা নির্ধারণের প্রথম ধাপটি হচ্ছে মূল্যায়নের জন্য অনুরোধ। আপনাকে বা স্কুল ডিস্ট্রিক্টের কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবশ্যই *লিখিতভাবে* এই প্রাথমিক রেফারেল জমা দিতে হবে।

আপনি কীভাবে আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়নের জন্য অনুরোধ জানাবেন:

- আপনার সন্তানের সরকারি স্কুলের প্রিন্সিপ্যালের কাছে বা স্থানীয় সিএসই অফিসে মূল্যায়নের জন্য অনরোধ জানিয়ে চিঠি পাঠান *(যোগাযোগর তথ্যের জন্য পৃষ্ঠা ৫০ দেখুন)*;
- আপনার সন্তানের স্কুলের একজন পেশাদার কর্মীকে লিখিত বিবৃতি প্রদান করুন;
- রেফারেল তৈরির জন্য স্কুলের একজন পেশাদার কর্মীকে আপনাকে সাহায্য করার অনুরোধ জানান।

আর কে প্রাথমিক রেফারেল প্রদান করতে পারে?

- **স্কুল ডিস্ট্রিক্ট কর্মকর্তা,** অর্থাৎ আপনার সন্তান যে ডিস্ট্রিক্টে বসবাস করে বা যে ডিস্ট্রিক্টের সরকারি স্কুলে সে আইনগতভাবে অধ্যয়ন করছে বা করার যোগ্য সেই স্কুলের প্রিন্সিপ্যাল, বা শিক্ষার্থী যদি স্কুলে না পড়ে অথবা ধর্মীয় স্কুলে, চার্টার বা ব্যক্তিমালিকাধীন স্কুলে অধ্যয়ন করে তাহলে সিএসই অফিসের চেয়ারপরসন ;
- কমিশনার বা পাবলিক এজেন্সি কর্মকর্তা **যিনি আপনার সন্তানের শিক্ষার দায়িত্বে রয়েছেন;**
- সিএসই অফিসের দায়িত্বে নিয়োজিত কোন শিশু পরিচর্যা প্রতিষ্ঠানের সাথে জড়িত **শিক্ষা কর্মসূচি কর্মকর্তা।**

কে প্রাথমিক রেফারেলের জন্য অনুরোধ জানাতে পারেন?

- আপনার সন্তান যে স্কুল ডিস্ট্রিক্টে বসবাস করে বা যে সরকারি বা ব্যক্তিমালিকাধীন স্কুলে আইনগতভাবে অধ্যয়ন করে বা করার যোগ্য **সেই স্কুলের পেশাদার কর্মী সদস্য;**
- **একজন লাইসেন্সধারী চিকিৎসক;**
- **একজন বিচারবিভাগের কর্মকর্তা;**
- শিশুর কল্যাণ, স্বাস্থ্য বা শিক্ষার দায়িত্বে নিয়োজিত কোন সরকারি সংস্থার **পেশাদার কর্মী সদস্য;**
- **১৮ বছর বা তার বেশি বয়সী শিক্ষার্থী,** বা কোন মুক্ত করা অপরিণত বয়স্ক ব্যক্তি।

প্রাথমিক মূল্যায়নের জন্য অনুরোধ জমা দেবার পর:

১০ স্কুল দিবসের মধ্যেই স্কুল নিম্নলিখিত যেকোন একটি পদক্ষেপ নেবে:

- **রেফারেল লেটারের নোটিস** পাঠানোর মাধ্যমে রেফারেল প্রক্রিয়া শুরু করবে; **অথবা**
- রেফারেলের জন্য অনুরোধের একটি কপি আপনাকে প্রদান করবে, আপনাকে জানাবে যে আপনি নিজেই আপনার সন্তানকে রেফার করতে পারেন, রেফারেলের জন্য অনুরোধ নিয়ে আলোচনা করার, এবং আপনার সন্তানের জন্য উপযুক্ত সাধারণ শিক্ষা সহায়তা পরিষেবার, প্রাপ্যতা নিয়ে আলাপ করার সুযোগ প্রদান করবে। **রিকোয়েস্ট অব নোটিস ফর ইনিশিয়াল রেফারেলের** জন্য অনুরোধের নোটিস যাতে প্রক্রিয়ার বিস্তারিত বিবরন থাকবে আপনাকে পাঠানো হবে।

এরপর কী? কখন প্রাথমিক রেফারেল জমা দেয়া হবে:

রেফারেলের পর আপনাকে **নোটিস ফর রেফারেল লেটার বা রেফারেল লেটারের নোটিস** পাঠানো হবে :

- পিতামাতা হিসেবে আপনার অধিকার ব্যাখ্যা করে;
- আপনার কোন প্রশ্ন থাকলে আপনি যাতে ফোন করতে পারেন সেজন্য একজন ব্যক্তির নাম ও ফোন নম্বর প্রদান করে; এবং
- আপনাকে "সামাজিক প্রেক্ষাপট সম্পর্কিত সাক্ষাৎকারে" স্কুল সমাজকর্মীর সাথে মিলিত হতে অনুরোধ করে। এ বৈঠকে আপনার পছন্দনীয় ভাষা বা যোগাযোগ মাধ্যমের সাহায্যে প্রয়োজনে একজন অনুবাদক/দোভাষীর সহায়তায় আপনার সকল অধিকার আপনাকে ব্যাখ্যা করে বলা হবে।

আপনার সন্তান যদি কখনও বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করে না থাকে তাহলে আপনাকে বলা হবে একটি **কনসেন্ট ফর ইনিশিয়াল ইভালুয়েশন ফরম** স্বাক্ষর করার জন্য।

আপনি যদি নিজেই লিখিত রেফারেল প্রদান করে থাকেন তারপরও মূল্যায়নের প্রক্রিয়া শুরু করার জন্য আপনার অনুমতির প্রয়োজন হবে।

আপনি যদি অনুমতিপত্রে স্বাক্ষর করতে *না* চান এবং এটি *প্রাথমিক রেফারেল হয়*, তাহলে আপনার সন্তানের মূল্যায়ন করা *হবে না*। অনুগ্রহ করে মনে রাখবেন সিএসই অফিস বা স্কুল প্রিন্সিপ্যাল প্রাথমিক মূল্যায়নের জন্য কর্তৃত্ব লাভ করতে মধ্যস্থতাকারী বা নিরপেক্ষ শুনানির জন্য আবেদন জানাতে পারেন।

প্রাথমিক মূল্যায়নে কী কী অন্তর্ভুক্ত থাকবে?

আপনার সন্তানের প্রতিবন্ধিতা আছে কিনা তা নির্ধারণ করতে প্রাথমিক মূল্যায়নে *অবশ্যই* অন্তর্ভুক্ত থাকবে:

- একটি সমন্বিত মনো-শিক্ষাগত মূল্যায়ন যাতে দেখা হবে আপনার সন্তান কী জানে এবং কীভাবে সে শেখে;
- আপনার সন্তানের বিকাশের সামাজিক ইতিহাস ও পারিবারিক ইতিহাস, অনেকসময় তার জন্ম থেকে বর্তমান সময় পর্যন্ত;
- আপনার সন্তানের বর্তমান শিক্ষা ব্যবস্থায় আপনার সন্তানের অবস্থান সম্পর্কে মতামত;
- আরো যেসব পরীক্ষা আপনার সন্তানের জন্য উপযুক্ত হতে পারে যেমন কথা বলা, ভাষা বা আচরণ মূল্যায়ন পরীক্ষা;
- ১২ বা তার বেশি বয়সী শিক্ষার্থীদের বৃত্তিমূলক বা পেশাগত দক্ষতা ও আগ্রহ নির্ধারণের জন্য স্কুলের রেকর্ড, শিক্ষকের মূল্যায়ন, পিতামাতা ও শিক্ষার্থীর সাক্ষাৎকার পর্যালোচনা এসব মূল্যায়নের অন্তর্ভুক্ত।

সাধারণ শিক্ষা কার্যক্রমে সংশ্লিষ্টতাসহ এসব মূল্যায়ন আপনার সন্তানের স্কুলের নৈপুণ্যকে প্রভাবিত করে এরূপ দক্ষতা, সামর্থ্য ও চাহিদা চিহ্নিত করবে। আপনাকে আপনার সন্তানের সাম্প্রতিক শারীরিক পরীক্ষার প্রতিবেদন স্কুল বা সিএসই অফিসকে প্রদান করতে অনুরোধ জানানো হবে। আপনার যদি তা পেতে অসুবিধা হয় তাহলে সিএসই অফিস আপনাকে এই প্রতিবেদন বিনামূল্যে পেতে সাহায্য করবে।

স্বাধীন মূল্যায়ন

স্বাধীন মূল্যায়ন অর্থ একজন যোগ্য পরীক্ষক কর্তৃক পরীক্ষা গ্রহণ বা মূল্যায়ন পরিচালনা যিনি ডিপার্টমেন্ট বা আপনার সন্তানের স্কুলে কাজ করেন না। যদিও ডিপার্টমেন্ট যেকোন প্রয়োজনীয় পরীক্ষা ও মূল্যায়ন পরিচালনা করবে, তরপরও আপনার অধিকার রয়েছে আপনার নিজের খরচে স্কুল বা সিএসই অফিসকে বেসরকারিভাবে মূল্যায়ন পরিচালনা করে তার প্রতিবেদন প্রদান করার।

আপনার সন্তান যদি মেডিকেইড পাবার যোগ্য হয়, তাহলে এসব মূল্যায়নের খরচ মেডিকেইড প্রদান করতে পারে। আপনি যদি চান ডিওই স্বাধীন মূল্যায়নের বিষয়টি বিবেচনা করুক তাহলে আপনার উচিত তাদেরকে আপনার সন্তানের স্কুলে তা প্রদান করা যদি আপনার সন্তান সরকারি স্কুলে পড়ে থাকে, বা সিএসই অফিসে তা প্রদান করা যদি আপনার সন্তান বেসরকারি, ব্যক্তিমালিকাধীন, ধর্মীয় বা চার্টার স্কুলে পড়ে থাকে বা এখনও কোন স্কুলে না গিয়ে থাকে।

আপনি যদি ডিপার্টমেন্ট অব এডুকেশনের মূল্যায়নের সাথে একমত না হন এবং চান যে ডিপার্টমেন্ট স্বাধীন মূল্যায়নের জন্য অর্থ প্রদান করুক তাহলে আপনাকে অবশ্যই স্কুল বা সিএসই অফিসকে এই অনুরোধ *লিখিতভাবে* জানাতে হবে। ডিপার্টমেন্ট স্বাধীন মূল্যায়ন পরিচালনার জন্য অর্থ প্রদান করতে পারে কিংবা তার মূল্যায়ন সে সঠিক তা প্রমাণ করার জন্য নিরপেক্ষ শুনানির জন্য আবেদন করতে পারে। ডিওই যদি স্বাধীন মূল্যায়নের জন্য অর্থ প্রদান করে তাহলে আপনাকে *অবশ্যই* এর ফল ডিওই-কে জানাতে হবে।

যদি ইমপারশিয়াল হিয়ারিং অফিস দেখতে পায় যে ডিওই পরিচালিত মূল্যায়ন সঠিক , তাহলেও আপনার অধিকার রয়েছে

মূল্যায়ন আপনার সন্তানের দক্ষতা, সার্মথ্য এবং চাহিদা নির্ধারণ করবে যা তার স্কুলের নৈপুণ্য বা পারফরমেন্সকে প্রভাবিত করে।

বাইলিঙ্গুয়াল মুল্যায়ন

কিছু শিক্ষার্থীর জন্য বাইলিঙ্গুয়াল মুল্যায়ন প্রয়োজন হয়, যা ইংরেজি ও আপনার সন্তানের পছন্দের উভয় ভাষায় পরিচালনা করা হয়। এটি পরিচালনা করেন এমন একজন পেশাজীবী যিনি উভয় ভাষাই বোঝেন। আপনি বাড়িতে যে ভাষায় কথা বলেন, যা হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভেতে উল্লেখ করা হয়েছে , এবং ল্যাঙ্গুয়েজ অ্যাসেসমেন্ট ব্যাটারি-রিভাইজড (এলএবি-আর) বা নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট (এনওয়াইএসইএসএলএটি) পরীক্ষা, যেগুলো ইংরেজিতে আপনার সন্তানের বলা,পড়া, শোনা ও লেখার ক্ষমতা মুল্যায়ন করা হয়। এসব পরীক্ষায় ইংরেজিতে আপনার সন্তানের যদি নির্ধারিত হয় যে আপনার সন্তানের বাইলিঙ্গুয়াল মুল্যায়ন প্রয়োজন তাহলে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের একজন বাইলিঙ্গুয়াল পরীক্ষককে নিয়োগ দেয়া হবে। যদি বাইলিঙ্গুয়াল পরীক্ষক না পাওয়া যায় তাহলে ডিপার্টমেন্ট এমন একজন মুল্যায়নকারী বা পরীক্ষককে ব্যবহার করবে যিনি ডিপার্টমেন্ট অব এডুকেশনের সাথে চুক্তি রয়েছে এমন কোন এজেন্সিতে কাজ করেন, বা কোন ডিপার্টমেন্টের নয় এমন একজন স্বাধীন বাইলিঙ্গুয়াল পরীক্ষক, বা একজন পরীক্ষক যিনি একটি ভাষাই জানেন তবে একজন দোভাষীর মাধ্যমে মুল্যায়ন করবেন।

বেসরকারিভাবে পরিচালনা করার এবং তা আইইপি দলের কাছে জমা দেবার, তবে ডিপার্টমেন্ট এর জন্য কোন অর্থ প্রদান করবে না। যখন ডিওই স্বাধীন মূল্যায়নের জন্য অর্থ প্রদান করতে সম্মত হয় বা ইমপারশিয়াল হিয়ারিং অফিসার স্বাধীন মূল্যায়ন পরিচালনার জন্য আদেশ প্রদান করেন, তখন নিরপেক্ষ মূল্যায়নকারী(দের)কে অবশ্যই ডিপার্টমেন্ট কর্তৃক নির্ধারিত মানদণ্ড পূরণ করতে হবে। ডিপার্টমেন্ট স্বাধীন মূল্যায়নের জন্য কেবল তখনই অর্থ প্রদান করবে, যখন:

- যদি যোগ্য ব্যক্তিদের দ্বারা তা করা হয়;
- যদি মূল্যায়নের ব্যয় ডিওই কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ মূল্যকে ছাড়িয়ে না যায়; এবং
- যদি আপনি যুক্তিসঙ্গাত সময়ের মধ্যে স্বাধীন মূল্যায়নের অর্থ পরিশোধের জন্য অনুরোধ জানান।

আপনার সন্তান যদি ইতিমধ্যেই প্রতিবন্ধী শিক্ষার্থী হিসেবে চিহ্নিত হয় তাহলে কী হবে?

আপনার সন্তান বিশেষ শিক্ষা পরিষেবা লাভের পর তার অগ্রগতি পর্যালোচনা করার জন্য প্রতি বছর আইইপি দলের বৈঠক বসবে। একে বলা হয় **বার্ষিক মূল্যায়ন**।

অধিকন্তু আপনার সন্তানকে, যাকে বলা হয় “**পুনর্মূল্যায়ন**”, তার জন্য রেফার করা হতে পারে। আপনার কাছ থেকে মতামত নিয়ে আইইপি দল আপনার সন্তান সম্পর্কে বর্তমান তথ্য পর্যালোচনা করবেন এবং নতুন পর্যালোচনা পরিচালনা করা প্রয়োজন কিনা তা নির্ধারণ করবেন।

ডিওই পুনর্মূল্যায়নের জন্য অনুরোধ জানাতে পারেন যদি এটি নির্ধারিত হয় যে শিক্ষা ও এ সংক্রান্ত সেবার পুনমূল্যায়ন বা পরীক্ষণ প্রয়োজন। আপনি বা স্কুল কর্মী পুনর্মূল্যায়নের জন্য অনুরোধ জানাতে পারেন, তবে বছরে একবারের বেশি তা পরিচালনা করা হবে না যদিনা আপনি ও ডিপার্টমেন্ট *লিখিতভাবে* এর অন্যথা করতে একমত হন।

প্রতি তিন বছরে একবার অবশ্যই পুনর্মূল্যায়ন সম্পন্ন করতে হবে যদি না আপনি বা স্কুল ডিস্ট্রিক্ট *লিখিতভাবে* সম্মত হন যে এর কোন প্রয়োজন নেই। একে বলা হয় “**বাধ্যতামূলক ত্রিবার্ষিক পুনর্মূল্যায়ন**”(ইতিপূর্বে “**ট্রাইয়েনিয়াল**” নামে অভিহিত) । মূল্যায়ন সম্পন্ন হয়ে যাবার পর আপনাকে সকল লিখিত প্রতিবেদন সম্পর্কে জানানো হবে। প্রতিবেদনে আপনার সন্তানের শক্তি ও দুর্বলতা এবং স্কুলে আপনার সন্তানের কি ধরনের সহায়তা প্রয়োজন তা অন্তর্ভুক্ত থাকে।

যদি আইইপি দল সিদ্ধান্ত নেয় যে পুনর্মূল্যায়নের অংশ হিসেবে নতুন মূল্যায়ন প্রয়োজন আপনার কাছে নতুন পরীক্ষা বা মূল্যায়ন পরিচালনার জন্য অনুমতি চাওয়া হবে। মূল্যায়নের জন্য সম্মতিদানের অর্থ হল অব্যাহত যোগ্যতা নির্ধারণের জন্য মূল্যায়নের কাজ শুরু করতে আপনার অনুমতি প্রদান।

পুনর্মূল্যায়নের ক্ষেত্রে যদি ডিওই আপনার কাছ থেকে কোন সাড়া না পায়, তাহলে আপনার সাথে যোগাযোগের চেষ্টার লিখিত প্রমাণ নিয়ে ডিওই কর্মী মূল্যায়নের কাজ শুরু করতে পারে।

আপনি যদি নতুন মূল্যায়নের ব্যাপারে সম্মতি না দেন, তাহলে নতুন মূল্যায়ন পরিচালনার জন্য কর্তৃত্ব পেতে সিএসই অফিস বা স্কুল প্রিন্সিপ্যাল মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ জানাতে পারেন। এ ক্ষেত্রে আপনার সন্তানকে পুনরায় মূল্যায়ন করা প্রয়োজন কিনা সে বিষয়ে নিরপেক্ষ শুনানি অফিসার সিদ্ধান্ত গ্রহণ করবেন।

মূল্যায়নের জন্য সময়সীমা

ডিওই আপনার সম্মতি পাবার পর ডিপার্টমেন্ট আপনার সন্তানকে মূল্যায়ন করার জন্য **৬০ ক্যালেন্ডার দিবস** পাবে। তবে যদি আপনি অসঙ্গতভাবে মূল্যায়নের প্রক্রিয়া বিলম্বিত করেন, তবে সময়সীমা বাড়ানো হতে পারে।

যদি ৬০ দিনের মধ্যে মূল্যায়ন সম্পন্ন করা না হয় এবং আপনি প্রক্রিয়া বিলম্বিত না করেন তাহলে আপনি একটি মূল্যায়ন কর্তৃত্বপ্রদান পত্র বা **অ্যাসেসমেন্ট অথরাইজেশন লেটার** পাবেন। আপনি কীভাবে ডিপার্টমেন্ট অব এডুকেশনের বাইরের যথাযথভাবে লাইসেন্সপ্রাপ্ত একজন স্বাধীন মূল্যায়নকারীকে বিনাখরচে পেতে পারেন এই চিঠিতে তা ব্যাখ্যা করা হবে। এতে যথোপযুক্ত বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা ও অন্যান্য পেশাদার সূত্রের নাম, ঠিকানা এবং ফোন নম্বর অন্তর্ভুক্ত থাকবে যেখান থেকে আপনি স্বাধীন মূল্যায়ন করাতে পারেন।

পিতামাতা কর্তৃক ভর্তি করানো শিক্ষার্থীদের জন্য নির্দেশনা

পিতামাতা কর্তৃক ভর্তি করা শিক্ষার্থী হল তারা যাদেরকে তাদের পিতামাতারা নিজ খরচে বেসরকারি স্কুলে ভর্তি করিয়েছেন। এসব শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হতে পারে বা নিউ ইয়র্ক সিটির বাইরে কিন্তু নিউ ইয়র্ক স্টেটের ভেতরে বসবাস করতে পারে, বা অন্যকোন স্টেটেও বসবাস করতে পারে। প্যারেন্টালি প্লেইস্‌ড যেসব শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত বেসরকারি স্কুলে অধ্যয়ন করছে তারা যেখানেই বসবাস করুক না কেন তাদের প্রতি ডিওই-এর কিছু দায়দায়িত্ব রয়েছে।

যে পিতামাতা কর্তৃক ভর্তি করা শিক্ষার্থী বিশেষ শিক্ষা পরিষেবা লাভের যোগ্য তার পিতামাতা অবশ্যই *লিখিতভাবে* তারা যে স্কুল ডিস্ট্রিক্টে বসবাস করে, এক্ষেত্রে নিউ ইয়র্ক সিটি সার্ভিস ডিস্ট্রিক্ট সিএসই অফিস, সেখান থেকে লিখিতভাবে তাদেরকে অনুরোধ জানাবে।

এই প্রক্রিয়াকে সহজতর করার জন্য, সিএসই অফিস **রিকোয়েস্ট ফর স্পেশাল এডুকেশন সার্ভিসেস** ফরম প্রতিবছর সেসব পিতামাতা কর্তৃক ভর্তি করা শিক্ষার্থীর পিতামাতাকে পাঠাবে যাদের কাছে পাঠানো তারা দায়িত্ব মনে করছে। পরিষেবা অব্যাহত রাখার জন্য পিতামাতাদেরকে এই ফরম অবশ্যই পূরণ করে যথাযথ সিএসই অফিসে জমা দিতে হবে।

মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর: আইইপি দলের বৈঠক

আপনার সন্তানের মূল্যায়ন সম্পন্ন হবার পর আপনার জন্য সুবিধাজনক সময় ও তারিখে আইইপি দলের বৈঠকে অংশগ্রহণের জন্য আপনাকে আমন্ত্রণ জানানো হবে। এটি একটি গুরুত্বপূর্ণ বৈঠক যেখানে আপনি আপনার সন্তানের স্কুলের কর্মীদের সাথে, বা সিএসই অফিসের সাথে মিলিত হবেন যদি আপনার সন্তান কোন স্কুলে না পড়ে থাকে বা কোন বেসরকারি, ধর্মীয় বা চার্টার স্কুলে অধ্যয়ন করে থাকে। আপনার ও স্কুল কর্মীদের মধ্যে পরস্পর তথ্য ও ধ্যানধারনা বিনিময় করা এবং একটি দল হিসেবে একসাথে কাজ করাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বৈঠকের অন্তত পাঁচদিন আগে আপনার পছন্দনীয় ভাষায় আপনাকে লিখিত আমন্ত্রণপত্র পাঠাতে হবে। আপনি যে বৈঠকে অংশগ্রহণ করছেন তা নিশ্চিত করার জন্য আপনার স্কুলের কর্মী, বা আপনার সন্তান যদি বেসরকারি/ব্যক্তিমালিকাধীন স্কুলে বা চার্টার স্কুলে পড়ে বা কোন স্কুলে না পড়ে থাকে তাহলে সিএসই অফিস আপনার সাথে ফোনে যোগাযোগের চেষ্টা করতে পারে।

আপনি যদি বৈঠকে যোগদান করতে না পারেন, *আপনাকে অবশ্যই স্কুল বা সিএসই অফিসে ফোন করে* তারিখ পরিবর্তন করার জন্য অনুরোধ জানাতে হবে। আপনি যাতে আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা ও কর্মসূচি পাবার যোগ্যতা নির্ধারণ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সময় অংশগ্রহণ করতে পারেন সেজন্য আপনার আইইপি দলের বৈঠকে যোগদান করাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার সন্তানের অগ্রগতি পর্যালোচনার জন্য বাৎসরিক আইইপি দলের বৈঠক আবশ্যক

আপনার সন্তানকে মূল্যায়নের জন্য ব্যবহৃত সব মূল্যায়ন/পরীক্ষা, রেকর্ড এবং প্রতিবেদন আইইপি দলের বৈঠকের আগেই আপনাকে প্রদান করতে হবে এবং আপনার পছন্দনীয় ভাষায় বা যোগাযোগের মাধ্যমে তা আপনাকে ব্যাখ্যা করে বুঝিয়ে দিতে হবে। কোন কোন ক্ষেত্রে আপনি যদি প্রতিবেদন ডাকযোগে পাবার পরিবর্তে আইইপি দলের বৈঠকের আগের দিন নিজেই নিয়ে যান তাহলে তা আপনার জন্য ভালো হতে পারে। এতে কোন জরুরি বিষয় থাকলে আগেই তার সুরাহা করা যায়। আপনি যদি মূল্যায়ন প্রতিবেদন নিয়ে যাবার সিদ্ধান্ত নেন তাহলে সমাজ কর্মী আপনাকে মূল্যায়ন প্রতিবেদন নিয়ে যাওয়া ও এ নিয়ে আলোচনা এবং/বা পর্যালোচনার জন্য সময় নির্ধারণ করতে আপনাকে যোগাযোগের তথ্য প্রদান করবে।

মূল্যায়ন ও প্রতিবেদন আপনার পছন্দনীয় ভাষায় অনুবাদ করে দেবার অনুরোধ জানানোর অধিকার আপনার রয়েছে। প্রয়োজন হলে আইইপি দলের বৈঠকে আপনাকে একজন দোভাষীও প্রদান করা হবে। আপনার পর্যবেক্ষণ ও মতামত মূল্যবান এবং বৈঠকে তা অবশ্যই বিবেচনা করা হবে।

আপনার সন্তান যদি সরকারি স্কুলে পড়ে থাকে তাহলে আপনার সন্তানের স্কুলেই আইইপি দলের বৈঠক অনুষ্ঠিত হবে। আপনার সন্তান যদি কোন স্কুলে না পড়ে, বা বেসরকারি স্কুলে বা চার্টার স্কুলে পড়ে তাহলে আইইপি দলের বৈঠক সিএসই অফিসে বা সম্ভব হলে বেসরকারি বা চার্টার স্কুলে অনুষ্ঠিত হবে।

দলের প্রত্যেক সদস্যই আইইপি দলের বৈঠকে গুরুত্বপূর্ণ তথ্য আনেন। আপনার সন্তান প্রতিবন্ধী কিনা এবং তার বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন কিনা তা নির্ধারণের জন্য আইইপি দলের বৈঠকে সদস্যরা তথ্যবিনিময় ও একত্রে কাজ করেন। *আপনি আইইপি দলের একজন সদস্য এবং আপনার অবদান গুরুত্বপূর্ণ।*

আইইপি দলের সদস্যদের প্রত্যাশিত অবদানের সারসংক্ষেপ

শিক্ষকবৃন্দ

শিক্ষকবৃন্দ আইইপি দলের বৈঠকে গুরুত্বপূর্ণ সদস্য। আপনার সন্তান যদি সাধারণ শিক্ষায় অংশগ্রহণ করছে বা করে থাকতে পারে এমনটি হয়, তাহলে আপনার সন্তানের সাধারণ শিক্ষার *অন্তত একজন শিক্ষককে* অবশ্যই আইইপি দলের বৈঠকে অংশগ্রহণ করতে হবে। এই শিক্ষক সাধারণ শিক্ষার ক্লাসে আপনার সন্তানের কর্মদক্ষতা সম্পর্কে তথ্য প্রদান এবং সাধারণ শিক্ষা পাঠক্রম ও অন্যান্য স্কুল কার্যক্রমে তার অংশগ্রহণের ব্যাপারে আইইপি দলকে সিদ্ধান্ত নিতে সাহায্য করবেন বলে প্রত্যাশা করা হয়।

সাধারণ শিক্ষার শিক্ষক

- সাধারণ শিক্ষার ক্লাসে সাধারণ শিক্ষা পাঠক্রম ব্যাখ্যা করেন;
- আপনার সন্তানকে শিখতে ও সাফল্য অর্জনে সাহায্য করতে যথাযথ সম্পূরক সহায়তা ও পরিষেবা (যথা, ব্যবহার অনুশাসন বা সহায়তা পরিকল্পনা, পাঠক্রম অভিযোজন, পাঠক্রম পরিমার্জন, ব্যক্তিক সহায়তা) শিক্ষা কর্মসূচিতে প্রয়োজনীয় পরিবর্তন চিহ্নিত করেন;
- যদি তার আচরণে কোন সমস্যা থাকে তাহলে তার জন্য উপযুক্ত আচরণ অনুশাসনের পদক্ষেপ নেয়া;
- সাধারণ শিক্ষা পাঠক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীর যে সহায়তা প্রয়োজন তা নিয়ে স্কুল কর্মীদের সাথে আলোচনা করা।

আইইপি দলের বৈঠকে যেসব প্রশ্ন জিজ্ঞাসা করবেন

- শিক্ষক কীভাবে শ্রেণিকক্ষে আমার সন্তানের শিক্ষা ও আচরণগত চাহিদা পূরণ করছেন?
- আইইপি লক্ষ্যসমূহ অর্জনে সাহায্য করতে এমন কিছু আছে কি যা আমি বাড়িতে করতে পারি?
- আমার সন্তান কেমন ধরনের শিক্ষার্থী? আমার সন্তানকে শেখানর সময়ে শিক্ষক আমার সন্তানের শক্তি ব্যবহার করেন কি?
- আমার সন্তানের অগ্রগতি কতদিন পর পর নজরদারি করা হয়? আমার সন্তানের প্রাতিষ্ঠানিক ও আচরণগত অগ্রগতি সম্পর্কে অবহিত থাকার জন্য আমার সন্তানের শিক্ষকের সাথে আমার যোগাযোগ রক্ষা করার সর্বোত্তম উপায়গুলো কী?
- আমার সন্তান তার আইইপি-র লক্ষ্যগুলো অর্জনের পথে অগ্রগতি অর্জন করছে কি?
- কোন পরিষেবা যদি কাজ না করে তাহলে আমার সন্তানের জন্য আরো ভালো পরিষেবাটি খুঁজে বের করতে আমার সন্তানের আইইপি দলের সাথে আমি কীভাবে কাজ করতে পারি?
- কোন কর্মসূচি বা অন্য কোন পরিষেবা আমার সন্তানের সাহায্যে আসতে পারে? আমরা কীভাবে সেগুলো পেতে পারি?
- আমার সন্তানের উত্তীর্ণের শর্ত কী কী? গ্রেড পর্যায় অনুসারে তাকে কীভাবে মূল্যায়ন করা হবে?
- হাই স্কুলে আমার সন্তানের উত্তীর্ণের শর্ত কী কী ? আমার সন্তানের ডিপ্লোমার উদ্দেশ্য কী কী? সেসব উদ্দেশ্য অর্জনের পথে সে কতখানি অগ্রগতি অর্জন করেছে? (বিশেষত আমার সন্তানের কতটি ক্রেডিট রয়েছে এবং সে কয়টি আরসিটি বা রিজেন্টস পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে?)

আইইপি দলের বৈঠকে আপনার ভূমিকা

আপনি আপনার সন্তানের আইইপি দলের একজন গুরুত্বপূর্ণ সদস্য। আপনি আপনার সন্তান সম্পর্কে সবচেয়ে ভালো জানেন এবং আপনি তার শক্তি ও প্রয়োজন সম্পর্কে কথা বলতে পারেন। একজন পিতামাতা হিসেবে আপনি আপনার সন্তানকে সবচেয়ে ভালোভাবে শিক্ষিত করে তোলার উপায় নিয়ে আপনার চিন্তা-ভাবনা ও ধ্যানধারণা নিয়ে কথা বলতে পারেন।

আইইপি দলের একজন সদস্য হিসেবে, আপনার উচিত:

- আপনার সন্তান কিভাবে শেখে, তার আগ্রহের বিষয় কোনগুলো, এবং আপনার সন্তান সম্পর্কে অন্যান্য তথ্য প্রদান করা যা একমাত্র বাবামায়ের পক্ষেই জানা সম্ভব;
- আপনার সন্তানের স্কুলে কোন বিষয়ের ওপর কাজ করা প্রয়োজন সে সম্পর্কে দলের অন্যান্য সদস্যরা কি ভাবছে তা শুনুন এবং পরামর্শ বিনিময় করুন;
- আপনার সন্তান স্কুলে যা শিখছে তা বাড়িতে চর্চা করছে কিনা সে সম্পর্কে জানান;
- দলের সকল সদস্য ও অংশগ্রহণকারীদের সম্পর্কে বা কাছে প্রশ্ন জিজ্ঞাসা করুন?

বিশেষ শিক্ষার শিক্ষক এবং/বা এ সংক্রান্ত পরিষেবা প্রদানকারী

এই সদস্যরা প্রতিবন্ধী শিক্ষার্থীদের কীভাবে শিক্ষা প্রদান করা যায় সে সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে অবদান রাখেন। বিশেষ শিক্ষায় তাদের প্রশিক্ষণের ফলে তারা যা করতে পারেন:

- যদি আপনার সন্তান বর্তমানে বিশেষ শিক্ষা পরিষেবা গ্রহণ করে থাকে তাহলে আইইপি'র লক্ষ্য অর্জনের পথে তার অগ্রগতিসহ শিক্ষা ক্ষেত্রে আপনার সন্তানের বর্তমান নৈপুণ্য স্তর নিয়ে আলোচনা করুন;
- আপনার সন্তানের শেখার ধরন, আচরণ এবং উপস্থিতির বিবরণ প্রদান করুন;
- ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে সাফল্য অর্জনের জন্য আপনার সন্তানের প্রয়োজনীয় সহায়তা ও পরিষেবা সম্পর্কে সুপারিশমালা প্রদান করুন;
- আপনার সন্তানের জন্য তার বর্তমান স্কুলে থাকাটাই ভালো হবে তা নিশ্চিত করুন;
- আপনার সন্তানকে শিক্ষা অর্জনে সাহায্য করতে কীভাবে সাধারণ শিক্ষা পাঠক্রমকে পরিমার্জন করতে হবে তা ব্যাখ্যা করুন।

ডিস্ট্রিক্ট প্রতিনিধি

ডিস্ট্রিক্টর প্রতিনিধি আইইপি দলের বৈঠকে সভাপতিত্ব করে এবং শিক্ষার্থীর যোগ্যতা ও আইইপি তৈরির ব্যাপারে সব অংশগ্রহণকারীদের মধ্যে মুক্ত আলোচনার পথ সুগম করে। তিনি আপনাকে নিশ্চয়তা দেন যে আপনি একজন গুরুত্বপূর্ণ অংশগ্রহণকারী এবং আপনাকে আপনার সন্তানের শিক্ষার ব্যাপারে যে কোন উদ্বেগ উত্থাপন করতে সাহায্য করেন।

ডিস্ট্রিক্ট প্রতিনিধি আরো যা করে থাকে:

- পরিষেবা সম্পর্কে তথ্য প্রদান করে। অর্থাৎ আপনার সন্তানের স্কুল ও ডিস্ট্রিক্টের অন্যান্য স্কুলে প্রাপ্ত বিশেষ শিক্ষা কর্মসূচি ও সহায়তা ;
- সব কর্মসূচি ও পরিষেবা বিকল্প বিবেচনা করা হয়েছে কিনা তা নিশ্চিত করে;
- আপনাকে ব্যাখ্যা করে বোঝায় যে প্রতিবন্ধী শিশুদের যতটা সম্ভব অপ্রতিবন্ধী শিশুদের সাথে একত্রে পড়ালেখা শেখানো উচিত। অধিকন্তু সে আপনার কাছে ব্যাখ্যা করবে যে অন্য কোন কর্মসূচির সুপারিশ করার আগে আইইপি দল অবশ্যই বিবেচনা করে দেখবে যে আপনার সন্তান সাধারণ শিক্ষার পরিবেশে সন্তোষজনক অগ্রগতি অর্জন করতে পারছে কিনা।

কে ডিস্ট্রিক্ট প্রতিনিধি হিসেবে দায়িত্বপালন করতে পারে সে সম্পর্কে আরো বিস্তারিত তথ্য জানার জন্য ১০ পৃষ্ঠার তালিকাটি দেখুন।

আইইপি দল পিতামাতা, স্কুল কর্মী যারা আপনার সন্তান সম্পর্কে জানেন এবং আপনার সন্তান সম্পর্কে যাদের জ্ঞান বা বিশেষ অভিজ্ঞতা রয়েছে তাদের সমন্বয়ে গঠিত।

আইইপি দলের সদস্যবৃন্দ:

- **আপনি, পিতামাতা বা আপনার সন্তানের** সাথে অভিভাবকের মত সম্পর্ক রয়েছে এমন ব্যক্তিবর্গ

- **শিক্ষার্থীর অন্তত একজন সাধারণ শিক্ষার শিক্ষক** আপনার সন্তান যখনই সাধারণ শিক্ষার পরিবেশে অংশগ্রহণ করুক বা করার *সম্ভাবনা* থাকুক না কেন।

- **একজন বিশেষ শিক্ষার শিক্ষক।** প্রাথমিক রেফারেলের জন্য স্কুলের বিশেষ শিক্ষার শিক্ষকদের একজন দলে বিশেষ শিক্ষার প্রতিনিধি হিসেবে অংশ নেন। শিক্ষার্থী যদি ইতিমধ্যেই বিশেষ শিক্ষা কর্মসূচি গ্রহণ করে থাকে তাহলে তাহলে শিক্ষার্থীর বিশেষ শিক্ষার একজন শিক্ষককে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। আপনার সন্তান যদি সংশ্লিষ্ট পরিষেবা (যেমন, স্পিচ থেরাপি) গ্রহণ করে থাকে তাহলে পরিষেবা প্রদানকারী এ ভূমিকা পালন করতে পারেন।

- যখনই নতুন কোন মনোশিক্ষাগত মূল্যায়ন পর্যালোচনা করা হবে বা বিশেষ শিক্ষা পরিষেবায় কোন পরিবর্তন কথা বিবেচনা করা হবে যেখানে কর্মী-শিক্ষার্থী অনুপাত আরো নিবিড় হবে তখনই স্কুল আইইপি দলের বৈঠকে **স্কুলের মনোবিদকে** অংশগ্রহণ করতে হবে।

- **স্কুলের একজন সমাজকর্মী** আইইপি দলের বৈঠকে অংশগ্রহণ করতে পারেন যদি তিনি মূল্যায়ন প্রক্রিয়ার সাথে যুক্ত থাকেন।

- **একজন ব্যক্তি যিনি শিক্ষা নির্দেশনার ওপর মূল্যায়নের ফলাফলের প্রভাব ব্যাখ্যা করতে পারেন।** তিনি আইইপি দলের সদস্য হতে পারেন যার অন্য ভূমিকাও রয়েছে, যেমন সাধারণ শিক্ষার শিক্ষক, বিশেষ শিক্ষার শিক্ষক, বিশেষ শিক্ষা প্রদানকারী, বা স্কুল মনোবিদ। এই ব্যক্তি মূল্যায়ন শিক্ষা নির্দেশনাকে কীভাবে প্রভাবিত করবে সে বিষয়ে কথা বলবেন।

- **একজন ডিস্ট্রিক্ট প্রতিনিধি।** এই ব্যক্তিকে অবশ্যই বিশেষ শিক্ষা পরিষেবা ব্যবস্থা প্রদান ও তত্ত্বাবধানের জন্য যোগ্য হতে হবে এবং সাধারণ শিক্ষা পাঠক্রম লভ্য ডিস্ট্রিক্ট রিসোর্স সম্পর্কে তার জ্ঞান থাকতে হবে। সরকারি স্কুলে অনুষ্ঠিত আইইপি দলের বৈঠকে স্কুল প্রিন্সিপ্যাল ডিস্ট্রিক্ট প্রতিনিধি নিয়োগ দিয়ে থাকেন। এই ব্যক্তি আইইপি দলের সদস্য হতে পারেন যার অন্য ভূমিকাও পালন করতে হয়। তার দায়িত্ব হল আইইপি তৈরির ক্ষেত্রে সব বিষয়ে দলের ঐকমত্য প্রতিষ্ঠায় সহায়তা করা।

- **একজন স্কুল মনোবিদ**, যদি আপনি অর্থাৎ পিতা/মাতা, বা দলের কোন সদস্য বৈঠক শুরু হবার অন্তত ৭২ *ঘন্টা* আগে সুনির্দিষ্ট করে *লিখিতভাবে* অনুরোধ জানান।

- **একজন অতিরিক্ত পিতামাতা সদস্য।** তিনি হলেন ওই স্কুল ডিস্ট্রিক্টে বা আশপাশের স্কুল ডিস্ট্রিক্টে বসবাসকারী একজন প্রতিবন্ধী শিক্ষার্থীর পিতামাতা যার বৈঠকে অংশ নেয়া প্রয়োজন। একজন পিতামাতা পিতামাতা সদস্য হিসেবে বৈঠকে যোগ দিতে অস্বীকৃতিও জানাতে পারেন।

- **আপনার সন্তান সম্পর্কে জানেন বা বিশেষ অভিজ্ঞতা রয়েছে এমন অন্যকোন ব্যক্তি।** সংশ্লিষ্ট সেবা প্রদানকারীও এর অন্তর্ভুক্ত, স্কুল ডিস্ট্রিক্ট বা পিতামাতা কর্তৃক নিযুক্ত ব্যক্তি, যিনিই উপযুক্ত হবেন।

- **আপনার সন্তান (শিক্ষার্থী)**, যদি প্রযোজ্য হয়।

মনোবিদ/সমাজকর্মী

স্কুল মনোবিদের উপস্থিতি সবসময় আবশ্যক নয়। যখন নতুন মনো-শিক্ষাগত মূল্যায়ন নিরীক্ষা করা হয় অথবা শিক্ষার্থী অনুপাতে আরো বেশি নিবিড় কর্মীর সাথে শিক্ষার্থীর বিশেষ শিক্ষা পরিষেবায় পরিবর্তন আনার চিন্তাভাবনা করা হয় তখন স্কুল মনোবিদকে অবশ্যই উপস্থিত থাকতে হয়। মূল্যায়ন প্রক্রিয়ায় জড়িত থাকলে স্কুলের সমাজকর্মী হয়ত উপস্থিত থাকতে পারেন। যদি স্কুলের মনোবিদ এবং/বা সমাজকর্মী উপস্থিত থাকেন, তাহলে তারা মূল্যায়ন/পর্যবেক্ষণ এবং তথ্য নিরীক্ষার মাধ্যমে প্রাপ্ত গুরুত্বপূর্ণ তথ্য টিমকে জানাবেন। প্রক্রিয়ায় তাদের দক্ষতা গুরুত্বপূর্ণ, আর তাই তারা যা নিরীক্ষা করছে বা আলোচনা করছে তা যদি আপনি না বোঝেন, তাহলে তাদেরকে প্রশ্ন করুন।

অতিরিক্ত ব্যক্তি এবং/বা বিশেষজ্ঞ

আইইপি টিমে আরো থাকতে পারে আপনার সন্তানের ব্যাপারে জ্ঞান ও বিশেষ দক্ষতাসম্পন্ন অতিরিক্ত ব্যক্তিবর্গ।

উদাহরণস্বরূপ, আপনি হয়ত আমন্ত্রণ জানাতে পারেন:

- আপনার সন্তান ও তার প্রতিবন্ধিতা বিষয়ে বিশেষ দক্ষতাসম্পন্ন পেশাজীবী;
- অন্যরা যারা আপনার সন্তানের শক্তিশালী দিক এবং/অথবা চাহিদা সম্পর্কে কথা বলতে পারেন।

এডুকেশন ডিপার্টমেন্ট এক বা একাধিক ব্যক্তিকে আমন্ত্রণ জানাতে পারেন যারা শিশু সম্পর্কে বিশেষ দক্ষতা ও জ্ঞানসম্পন্ন, যেমন, আধাপেশাজীবী বা সংশ্লিষ্ট ক্ষেত্রে পেশাজীবী।

আইইপি দল সদস্যের অপারগতা

বিশেষ পরিস্থিতিতে একজন ম্যান্ডেটপ্রাপ্ত আইইপি দল সদস্যকে আইইপি টিমের বৈঠকে উপস্থিত হওয়া থেকে অব্যাহতি দেওয়া যাবে, কিন্তু যদি এটা প্রাথমিক আইইপি টিমের বৈঠক *না* হয়।

অনুগ্রহ করে মনে রাখবেন যে স্কুল বা সিএসই অফিস নিয়মিতভাবে বা আপনার মতামত বা সম্মতি ছাড়া ম্যান্ডেটপ্রাপ্ত আইইপি দল সদস্যকে অব্যাহতি নাও দিতে পারে। আপনি এবং আইইপি টিমকে নির্ধারণ করতে হবে বিশেষ এক আইইপি দল সদস্য ছাড়া টিমের বৈঠক করার কোনো অর্থ আছে কি-না বা বৈঠকের সময় পুনর্নির্ধারণ করাই ভালো হবে উক্ত বিশেষ ব্যক্তি উপস্থিত হয়ে আলোচনায় অংশগ্রহণ করতে পারে।

যখন একজন আইইপি দল সদস্যের পাঠ্যক্রম ক্ষেত্র বা সংশ্লিষ্ট পরিষেবা আলোচনা করা *হবে না*

যখন একজন আইইপি দল সদস্যের পাঠক্রম ক্ষেত্র বা সংশ্লিষ্ট পরিষেবা আইইপি দল বৈঠকে সংশোধন বা আলোচনা করা *না* হয়, তখন আপনি তাকে অব্যাহতি দিতে রাজি হতে পারেন। আপনার লিখিত সম্মতি ছাড়া কোনো সদস্যকে অব্যাহতি নাও দেয়া যেতে পারে। **আইইপি টিমের বৈঠক অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ৫ ক্যালেন্ডার দিবস আগে** সদস্যদের অব্যাহতির সম্মতি নিতে হবে।

আইইপি টিমের বৈঠক/সদস্যের অব্যাহতি অনুরোধ ফরমের নোটিসের ব্যাপারে আপনি, প্রিন্সিপ্যাল, কর্মকর্তা বা সিএসই অফিস এই অনুরোধ করতে পারেন। আপনি যদি সদস্যের অব্যাহতির ব্যাপারে রাজি থাকেন, তাহলে আপনাকে অবশ্যই ফরমে স্বাক্ষর করে উল্লিখিত যোগাযোগের ব্যক্তির কাছে ফেরত দিতে হবে। আপনি রাজি না থাকলে সেই সদস্যকে বৈঠক থেকে অব্যাহতি দেওয়া হবে *না*।

আপনি আইইপি টিমের একজন সদস্য এবং আপনার মতামত গুরুত্বপূর্ণ

যখন আইইপি টিমের সদস্যের পাঠক্রমের ক্ষেত্র বা সংশ্লিষ্ট পরিষেবা আলোচনা হবে

ম্যান্ডেটপ্রাপ্ত আইইপি টিমের সদস্যের পাঠক্রম ক্ষেত্র বা সংশ্লিষ্ট পরিষেবা সম্পর্কে আলোচনা *হলেও* সেই সদস্যকেও অব্যাহতি দেয়া যেতে পারে। সেক্ষেত্রে তাকে আপনার কাছে ও আইইপি টিমের কাছে বৈঠকের আগেই লিখিত মতামত জমা দিতে হবে। আপনার সম্মতি ছাড়া কোনো সদস্যকে হয়ত অব্যাহতি নাও দেয়া যেতে পারে। **আইইপি টিমের বৈঠক অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ৫ ক্যালেন্ডার দিবস আগে** অব্যাহতিপ্রাপ্ত আইইপি দল সদস্যের মতামত অবশ্যই পিতামাতা ও আইইপি টিমের কাছে দিতে হবে।

আইইপি টিমের বৈঠক/সদস্যের অব্যাহতি অনুরোধ ফরমের নোটিসের ব্যাপারে আপনি, প্রিন্সিপ্যাল, কর্মকর্তা বা সিএসই অফিস *এই অনুরোধ করতে পারেন।* আপনি যদি সদস্যের অব্যাহতির ব্যাপারে রাজি থাকেন, তাহলে আপনাকে অবশ্যই ফরমে স্বাক্ষর করে উল্লিখিত যোগাযোগের ব্যক্তির কাছে ফেরত দিতে হবে। আপনি রাজি না থাকলে সেই সদস্যকে বৈঠক থেকে অব্যাহতি দেয়া হবে না।

বার্ষিক নিরীক্ষার পর আইইপি সংশোধন

প্রস্তাবিত প্রতিটি পরিবর্তনের ব্যাপারে আপনি যদি লিখিত সম্মতি দেন, তাহলেই কেবল আইইপি দল বৈঠক ছাড়া আপনার সন্তানের আইইপি পরিবর্তন করতে পারেন।

বৈঠক ছাড়া আইইপি সংশোধনের আগে আইইপি টিমকে অবশ্যই **নোটিস অব আইইপি টিম মিটিং/মেম্বার এক্সকিউজাল রিকোয়েস্ট ফরমের** ব্যাপারে প্রস্তাবিত সকল পরিবর্তনের কথা স্পষ্টভাবে বর্ণনা করতে হবে। এই নোটিসে প্রস্তাবিত সকল পরিবর্তনের ব্যাপারে পরিষ্কার বর্ণনা থাকবে। এছাড়াও, আপনার সাথে সকল পরিবর্তন নিয়ে আলোচনা করার জন্য আইইপি টিমের একজন সদস্যকে অবশ্যই পাওয়া যেতে হবে। পরিবর্তনের ব্যাপারে আপনি রাজি থাকলে আপনাকে অবশ্যই 'আইইপি সংশোধন করতে আইইপি টিমের বৈঠকের অব্যাহতি ফরম' স্বাক্ষর করে তা ফেরত দিতে হবে। যখন ফরম পাওয়া যাবে, তখন বৈঠক ছাড়াই পরিবর্তন করা যাবে। বৈঠক ছাড়া আইইপি সংশোধনের পরদিন আপনাকে অবশ্যই সংশোধিত আইইপি'র একটি কপি পাঠাতে হবে।



ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)

আইইপি দলের বৈঠকের একটি গুরুত্বপূর্ণ অংশ আপনার সন্তানের বর্তমান দক্ষতা ও সামর্থ্য লিপিবদ্ধ করার পাশাপাশি শিক্ষা সংক্রান্ত লক্ষ্য প্রতিষ্ঠা এবং তাকে কী ধরনের বিশেষ শিক্ষা সহায়তা ও পরিষেবা প্রদান করা হবে তা নির্ধারণ করা।

আইইপি:

- বিশেষ শিক্ষা পরিষেবা লাভের জন্য আপনার সন্তানের যোগ্যতা লিপিবদ্ধ করে; এবং
- ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে আপনার সন্তানকে ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (এফএপিই) প্রদানের জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের পরিকল্পনা লিখিত ও আনুষ্ঠানিকভাবে প্রদান করে। ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ অর্থ আপনার সন্তান তার যেসব সহপাঠী প্রতিবন্ধী নয় যতদূর সম্ভব তাদের সাথে একত্রে শিক্ষা গ্রহণ করবে এবং সে প্রতিবন্ধী না হলে যে স্কুলে পড়ত সেই স্কুলেই পড়বে।

আপনি যে বৈঠকে অংশগ্রহণ করেছেন তার প্রমাণ হিসেবে আইইপি দলের বৈঠকে আপনাকে স্বাক্ষর করতে বলা হবে। এর *অর্থ এই নয়* যে আপনি প্রতিবেদনের বিষয়বস্তু অনুমোদন করছেন। আপনি আইইপি-এর একটি কপি পাবেন। আপনি যদি বৈঠকে অংশগ্রহণ করতে অপারগ হন তাহলে বৈঠকের অল্পসময় পরই আইইপি-এর একটি কপি আপনার বাড়িতে পাঠিয়ে দেয়া হবে। অধিকন্তু আপনার অনুরোধে আইইপিটি আপনার পছন্দনীয় ভাষায় অনুবাদও করে দেয়া হবে।

আইইপি হল আপনার সন্তান ও তার চাহিদা কীভাবে পূরণ করা যায় সে সম্পর্কত তথ্য।

আপনার সন্তানের আইইপি-তে কী ধরনের তথ্য অন্তর্ভুক্ত থাকবে?

পৃষ্ঠা ১৭ দেখুন

যোগ্যতা নির্ধারণ

আপনি শুনতে পাবেন যে "**যোগ্যতা**"র বিষয়টি নিয়ে আলোচনা হচ্ছে। আইইপি দল নির্ধারণ করবে আপনার সন্তান বিশেষ শিক্ষা পরিষেবা লাভের *যোগ্য* কিনা। একজন স্কুল-বয়সী শিক্ষার্থী বিশেষ শিক্ষা পরিষেবা লাভের যোগ্য হবে যদি সেই শিক্ষার্থী:

- এক বা একাধিক প্রতিবন্ধিতা শ্রেণির *(ডান দিকের তালিকাটি দেখুন)* অন্তর্ভুক্ত হবার মানদণ্ড পূরণ করে থাকে; এবং
- শিক্ষার্থীর অনুমোদিত বিশেষ শিক্ষা পরিষেবা ও কর্মসূচি প্রয়োজন হয়।

স্কুল-বয়সী শিক্ষার্থী যদি এক বা একাধিক প্রতিবন্ধিতা শ্রেণির অন্তর্ভুক্ত হবার মানদণ্ড পূরণ করতে *না* পারে তাহলে সে বিশেষ শিক্ষা পরিষেবার লাভের যোগ্য হবে *না*। অধিকন্তু *তালিকাভুক্ত এক বা একাধিক শ্রেণির অন্তর্ভুক্ত হবার মানদণ্ড পূরণ করলেও* নিম্নলিখিত শর্তের ওপর ভিত্তি করে শিক্ষার্থীর বিশেষ শিক্ষা কার্যক্রম প্রয়োজন নাও হতে পারে:

- ধ্বনি সচেতনতা, ধ্বনি, শব্দভাণ্ডার উন্নয়ন, সাবলীলভাবে পাঠ (মুখে সাবলীলভাবে পাঠের দক্ষতাসহ) পাঠ অনুধাবন কৌশলসহ প্রকাশ্য ও পদ্ধতিগত পাঠের ক্ষেত্রে যথাযথ শিক্ষানির্দেশনার ঘাটতি;
- গণিতে উপযুক্ত শিক্ষা নির্দেশনার ঘাটতি বা অভাব; বা
- ইংরেজিতে সীমিত দক্ষতা।

আইইপি দল আপনাকে নিয়ে এই সিদ্ধান্তে উপনীত হতে পারে যে আপনার সন্তান প্রতিবন্ধী নয় এবং তার বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন নেই। এসব ক্ষেত্রে কোন আইইপি প্রণয়ন করা হবে না। মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্য আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপ্যালকে দেয়া হবে । তিনি আপনার সন্তানকে সাহায্য করার জন্য স্কুলের উপযুক্ত পেশাজীবীদের সাথে এ নিয়ে কথা বলবেন।

মূল্যায়নের ওপর ভিত্তি করে আইইপি দল যদি এই সিদ্ধান্তে উপনীত হয় যে আপনার সন্তান প্রতিবন্ধী এবং তার বিশেষ শিক্ষা সহায়তা প্রয়োজন তাহলে আইইপি দলের বৈঠকে একটি আইইপি প্রণয়ন করা হবে। আইইপিতে আপনার সন্তান যে বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করবে এবং তাকে যে লক্ষ্য পূরণের জন্য কাজ করতে হবে তার রূপরেখা দেয়া থাকবে। যে বিশেষ শিক্ষা পরিষেবা দেয়া হতে পারে সেকশন ৪-এ তার বর্ণনা দেয়া হয়েছে।

প্রতিবন্ধিতার শ্রেণিবিভাজন

নিম্নে বিভিন্ন ধরনের প্রতিবন্ধিতার তালিকা দেয়া হল:

- অটিজম
- বধির
- বধির-অন্ধত্ব
- আবেগীয় সমস্যা
- শ্রবন প্রতিবন্ধী
- শিক্ষণ প্রতিবন্ধী
- মানসিক প্রতিবন্ধী
- একাধিক ধরনের প্রতিবন্ধিতা
- অস্থি বিকৃতিরোগে প্রতিবন্ধী
- অন্যান্য স্বাস্থ্য প্রতিবন্ধী
- কথা বা ভাষা প্রতিবন্ধী
- মানসিক আঘাতের বা ভয়ের কারণে মস্তিষ্কে জখম
- দৃষ্টি প্রতিবন্ধী

অটিজম

একটি বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধিতা যা ভাষা ও অ-ভাষাগত যোগাযোগ ও সামাজিক মেলামেশার ওপর বিশেষ প্রভাব ফেলে। সাধারণত ৩ বছর বয়সের আগেই তা দেখা যায় এবং শিক্ষা ক্ষেত্রে নৈপুণ্য অর্জনের ওপর তা মারাত্মক বিরূপ প্রভাব ফেলে।

অটিজমের সাথে সংশ্লিষ্ট প্রায়শ পরিলক্ষিত অন্যান্য লক্ষণ হল বার বার একই কাজ করা ও গতানুগতিক গতিবিধি, প্রাত্যহিক রুটিন বা পরিবেশের পরিবর্তনে বাধা প্রদান এবং অস্বাভাবিক আচরণ করা।

প্রধানত আবেগীয় সমস্যার কারণে যদি কোন শিক্ষার্থীর শিক্ষা ক্ষেত্রে নৈপুণ্য অর্জনের ওপর বিরূপ প্রভাব পরে তাহলে তাকে এর আওতায় ফেলা যাবে না। যে শিক্ষার্থীর মধ্যে ৩ বছর বয়সের পর অটিজমের লক্ষণ দেখা দেবে তাকে পরীক্ষা করে দেখা হবে যদি সে উপরোল্লিখিত মানদণ্ড পূরণ করে থাকে।

বধির

এমন শিক্ষার্থী যার শ্রবণ সমস্যা এতটাই গুরুতর যে সে এমপ্লিফিকেশন দিয়ে বা এমপ্লিফিকেশন ছাড়া কানে শুনে কোন কথা বুঝতে পারে না যা শিক্ষার্থীর শিক্ষা কার্যসম্পাদনায় বিরূপ প্রভাব সৃষ্টি করে থাকে।

বধির-অন্ধ
এমন শিক্ষার্থী যার দৃষ্টি ও শ্রবণ উভয় প্রতিবন্ধিতা রয়েছে যার কারণে যোগাযোগ ও অন্যান্য বিকাশগত ও শিক্ষাগত ব্যাপক ঘাটতি সৃষ্টি হয়েছে এবং তাকে কেবল দৃষ্টি বা শ্রবণ প্রতিবন্ধীদের জন্য তৈরি বিশেষ শিক্ষা কর্মসূচির অন্তর্ভুক্ত করলে তার সে চাহিদা পূরণ হবে না।

আবেগগত সমস্যা
এমন শিক্ষার্থী যার মাঝে নিম্নলিখিত যেকোন এক বা একাধিক বৈশিষ্ট্য একটি দীর্ঘ সময় ধরে পরিলক্ষিত হয় এবং এমন মাত্রায় পরিলক্ষিত হয় যা তার শিক্ষা কার্যসম্পাদনায় বিরূপ প্রভাব সৃষ্টি করে থাকে:
- শেখার ক্ষেত্রে অক্ষমতা যা কোন বৌদ্ধিক, ইন্দ্রিয়গত বা স্বাস্থ্যগত কারণ দিয়ে ব্যাখ্যা করা যায় না;
- সহপাঠী ও শিক্ষকদের সাথে সন্তোষজনক পারস্পরিক সুসম্পর্ক গড়ে তুলতে ও বজায় রাখতে অক্ষমতা;
- স্বাভাবিক পরিস্থিতিতে যথাযথ নয় বা অস্বাভাবিক আচরণ বা অনুভূতি প্রকাশ বা প্রদর্শন;
- সাধারণভাবে অসুখী বা বিষণ্ন ভাব;
- ব্যক্তিগত বা স্কুলের সমস্যা নিয়ে শারীরিক লক্ষণ বা ভয় প্রকাশের প্রবণতা।

"আবেগগত সমস্যা" শব্দটির মধ্যে স্কিজোফ্রেনিয়াও অন্তর্ভুক্ত রয়েছে। যাদের সামাজিক অভিযোজন সমস্যা রয়েছে তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে *না*, যদি না এটা নির্ধারিত হয় যে তার আবেগগত সমস্যা রয়েছে।

শ্রবণ প্রতিবন্ধী
এমন ধরনের শ্রবণ সমস্যা, স্থায়ী বা হ্রাসবৃদ্ধি যে ধরনেরই হোক না কেন, যা শিক্ষার্থীর শিক্ষা কার্যসম্পাদনায় বিরূপ প্রভাব সৃষ্টি করে কিন্তু এই অংশে বধিরের সংজ্ঞায় তা অন্তর্ভুক্ত করা হয়নি।

শিক্ষণ প্রতিবন্ধিতা
শিক্ষণ প্রতিবন্ধিতা বলতে বোঝায় মৌখিক বা লিখিত ভাষা বোঝা বা ব্যবহার গত এক বা একাধিক বুনিয়াদি মনস্তাত্ত্বিক প্রক্রিয়ার সমস্যা যা শোনা, চিন্তা করা, বলা, পড়া, লেখা, বানান করা বা গাণিতিক হিসাব-নিকাশ করার ক্ষেত্রে অক্ষমতার মাধ্যমে প্রকাশিত হয়। এই অভিধার অন্তর্ভুক্ত প্রত্যক্ষণ অক্ষমতা, মস্তিষ্কে জখম, মস্তিষ্কের স্বাভাবিক ক্রিয়ায় সামান্য ত্রুটি, পাঠ অক্ষমতা, বিকাশগত বাকসমস্যা। প্রধাণত দৃষ্টি, শ্রবণ বা চেষ্টীয় প্রতিবন্ধিতা, মানসিক মন্দীভবন, মানসিক বিশৃঙ্খলা অথবা পরিবেশগত, সংস্কৃতিগত বা অর্থনৈতিক সুবিধাবঞ্চনার কারণে লেখাপড়ায় সমস্যা এই অভিধার অন্তর্ভুক্ত হবে না।

মানসিক প্রতিবন্ধী
যে শিক্ষার্থীর বুদ্ধিবৃত্তিক কার্যক্রম সাধারণের চেয়ে অনেক নিম্ন পর্যায়ের, এবং এরসাথে যার অভিযোজনের আচরণের ক্ষেত্রে ঘাটতি বিদ্যমান আছে এবং বিকাশের সময়কালে তা প্রকাশ পায়। এটি শিক্ষার্থীর শিক্ষা ক্ষেত্রে নৈপুণ্য অর্জনের ওপর ব্যাপক বিরূপ প্রভাব ফেলে।

একাধিক ধরনের প্রতিবন্ধিতা
যে শিক্ষার্থীর একই সাথে একাধিক ধরনের প্রতিবন্ধিতা রয়েছে(যেমন মানসিক প্রতিবন্ধিতা-অন্ধত্ব, মানসিক প্রতিবন্ধিতা ও অস্থিবিকৃতি রোগ, ইত্যাদি) এবং এ কারণে যে শিক্ষাগত চাহিদার সৃষ্টি হয় তা কেবল এক ধরনের প্রতিবন্ধি শিক্ষার্থীদের জন্য প্রণীত বিশেষ শিক্ষা কার্যক্রমের মাধ্যমে পূরণ করা সম্ভব নয়। এ সংজ্ঞার মধ্যে বধির-অন্ধত্ব অন্তর্ভুক্ত নেই।

ওপরে বর্ণিত প্রতিবন্ধিতার মানদণ্ডের ভিত্তিতে আইইপি দল সিদ্ধান্ত নেবে আপনার সন্তান বিশেষ শিক্ষা পরিষেবা লাভের যোগ্য কি না।

অস্থিজনিত প্রতিবন্ধিতা
অস্থিজনিত মারাত্মক প্রতিবন্ধিতা শিক্ষার্থীদের শিক্ষা কার্যসম্পাদনায় বিরূপ প্রভাব ফেলে। জন্মগত বৈষম্যের প্রতিবন্ধিতা(যেমন, ভারি ও বিকৃত পা, কিছু অঙ্গের অনুপস্থিতি), রোগের কারণে প্রতিবন্ধিতা (যেমন, পলিমাইলিটিস, বোন টিবি, ইত্যাদি) এবং অন্যান্য কারণে প্রতিবন্ধিতা (যথা-সেলিব্রাল পালসি, অঙ্গহানি এবং হাড় ভাঙ্গা বা পোড়ার কারণে সৃষ্ট মাসপেশীর সংকোচন।)

অন্যান্য স্বাস্থ্যগত প্রতিবন্ধিতা
দীর্ঘ দিনের বা মারাত্মক ধরনের স্বাস্থ্য সমস্যার কারণে সীমিত শক্তি, প্রাণশক্তি বা সচেতনতা, যার অন্তর্ভুক্ত রয়েছে পরিবেশ উদ্দীপকের প্রতি অতিরিক্ত সর্তকতা এবং এর কারণে শিক্ষার পরিবেশের প্রতি সীমিত সতর্কতা/সচেতনতা। এ ধরনের সমস্যার অন্তর্ভুক্ত রয়েছে, তবে এর মধ্যে সীমিত নয়, হৃদরোগ, ক্ষয়রোগ বা যক্ষ্মা, বাতজ্বর, নেফরেটিস, অ্যাজমা বা শ্বাসকষ্ট, সিকল এনিমিয়া, হেমোফিলিয়া, মৃগীরোগ, এটেনশন ডেফিসিট ডিজঅর্ডার (অমনোযোগিতার সমস্যা) বা হাইপার অ্যাকটিভিটি ডিজঅর্ডার যা ওই শিক্ষার্থীর শিক্ষা কার্যসম্পাদনাকে বিরূপভাবে প্রভাবিত করে।

কথা বা ভাষা প্রতিবন্ধী
যে শিক্ষার্থীর যোগাযোগের ক্ষেত্রে সমস্যা রয়েছে, যেমন তোতলামি, কোন কোন ধ্বনি বা শব্দ সঠিকভাবে উচ্চারণ করতে পারে না, যোগাযোগের সময় ভাষা সঠিকভাবে ব্যবহার করতে পারে না, কণ্ঠস্বরের সমস্যা রয়েছে যা শিক্ষার্থীর শিক্ষা কার্যসম্পাদনায় নেতিবাচক প্রভাব বিস্তার করে।

মানসিক আঘাতজনিত কারণে মস্তিস্কে জখম
বাইরের কোন শক্তির আঘাতের কারণে মস্তিষ্ক জখম হলে বা অসুস্থতার কারণে যেমন স্ট্রোক, এনসিফেলিটিস, এনুরিজম এবং অ্যানক্সিয়া বা মস্তিস্কে টিউমারের কারণে সৃষ্ট ক্ষত শিক্ষার্থীর শিক্ষা কার্যসম্পাদনায় নেতিবাচক প্রভাব বিস্তার করে।

বোধ, ভাষা, স্মৃতি, মনোযোগ, যুক্তি বিন্যাস, বিমূর্ত চিন্তা, বিচার-বিবেচনাবোধ, সমস্যা সমাধান, স্নায়ুবিক, উপলব্ধি ও চলাচলের ক্ষমতা, মনস্তাত্বিক আচরণ, শারীরিক কার্যক্রম, তথ্য প্রক্রিয়াজাতকরণ ও কথাসহ মাথার ভেতর মগজের এক বা একাধিক অংশে বা মাথার বাইরের অংশে কোন শারীরিক অসুস্থতার কারণে স্বল্প, মধ্যম বা মারাত্মক ধরনের বৈকল্য।

জন্মগত জখম বা জন্মের সময়ের আঘাত এর অন্তর্ভুক্ত নয়।

দৃষ্টি প্রতিবন্ধী
অন্ধত্বসহ চোখে দেখার ক্ষেত্রে যে কোন সমস্যা শিক্ষার্থীর শিক্ষা কার্যসম্পাদনায় নেতিবাচক প্রভাব ফেলে। আংশিক অন্ধত্ব ও অন্ধত্ব উভয়ই এর আওতায় পড়ে।

আইইপি-এর বিষয়বস্তু

আইইপিতে আপনার সন্তান সম্পর্কে এবং তার স্বতন্ত্র চাহিদা পূরণের জন্য প্রণীত শিক্ষা কর্মসূচি সম্পর্কে তথ্য থাকতে হবে। এসব তথ্যের মধ্যে থাকবে:

বর্তমান কার্যসম্পাদনা – আপনার সন্তান বর্তমানে স্কুলে কেমন কার্যসম্পদনা (যা প্রাতিষ্ঠানিক অর্জনের বর্তমান স্তর এবং কার্য সম্পাদনের নৈপুণ্য ও সামাজিক/আবেগীয় নৈপুণ্য হিসেবে পরিচিত) করছে আইইপিতে অবশ্যই তার উল্লেখ থাকতে হবে। ক্লাস পরীক্ষা ও বাড়ির কাজ, পরিষেবা পাবার যোগ্য কিনা তা নির্ধারণের জন্য ব্যক্তি বিশেষের ওপর নেয়া পরীক্ষা বা পুনর্মূল্যায়ন, পিতামাতা, শিক্ষক, এ সংক্রান্ত পরিষেবা প্রদানকারী ও অন্যান্য স্কুল কর্মীর পর্যবেক্ষণ থেকে সাধারণত এসব তথ্য পাওয়া যাবে। আইইপিতে তথ্যের উৎসগুলোর পর্যায়কে বর্তমান কর্মনৈপুণ্যের স্তর বা পর্যায়রূপে উল্লেখ করতে হবে। শিক্ষার্থীর প্রতিবন্ধিতা সাধারণ শিক্ষা পাঠক্রমে শিক্ষার্থীর সম্পৃক্ততা ও অগ্রগতিকে কীভাবে প্রভাবিত করে শিক্ষার্থীর বর্তমান কর্মদক্ষতার ভেতর তার উল্লেখ থাকতে হবে।

বাৎসরিক লক্ষ্য – এসব লক্ষ্য আপনার সন্তান স্বাভাবিকভাবেই এক স্কুল বর্ষের মধ্যে অর্জন করতে পারে। লক্ষ্যগুলো হতে পারে প্রাতিষ্ঠানিক সামাজিক ও আচরণগত চাহিদা পূরণের জন্য, শারীরিক চাহিদার সাথে সম্পর্কিত, বা অন্যান্য শিক্ষাগত চাহিদা পূরণের জন্য। লক্ষ্যগুলো হতে হবে "পরিমাপযোগ্য" অর্থাৎ শিক্ষার্থী লক্ষ্য অর্জন করতে পেরেছে কিনা তা পরিমাপ করে দেখা যাবে। যেসব শিক্ষার্থী বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করছে তাদের জন্য লক্ষ্যগুলোকে স্বল্পমেয়াদি লক্ষ্যে ভাগ করা হয়েছে।

বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবা – আইইপিতে অবশ্যই আপনার সন্তানকে বা আপনার সন্তানের পক্ষে যেসব বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা দেয়া হবে তার উল্লেখ থাকবে। বিশেষ শিক্ষা কর্মসূচি এবং সহায়তা সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে সেকশন ৪ দেখুন।

আইইপিতে আপনার সন্তান এবং তার স্বতন্ত্র চাহিদা পূরণের জন্য প্রণীত শিক্ষা কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তথ্য থাকে।

অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে অংশগ্রহণ – আইইপিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে আপনার সন্তান সাধারণ শিক্ষার ক্লাস ও স্কুলের অন্যান্য কার্যক্রমে কতখানি অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে অংশগ্রহণ করবে। যদি তাকে মধ্যাহ্নভোজে, স্কুল ট্রিপে বা সমাবেশে অংশ নেয়ার অনুমতি দেয়া না হয়, তাহলে আইইপি-তে অবশ্যই-এর উল্লেখ থাকতে হবে।

স্টেট ও সিটিভিত্তিক কার্যক্রমে অংশগ্রহণ – আইইপিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে আপনার সন্তান স্টেট বা সিটিভিত্তিক মূল্যায়নে অংশগ্রহণ করবে কিনা এবং কোন ধরনের ব্যবস্থা, যদি আদৌ থেকে থাকে, পরীক্ষা দেয়ার সময় আপনার সন্তানের প্রয়োজন হবে। আপনার সন্তান যদি স্টেট ও সিটিভিত্তিক কার্যক্রমে অংশগ্রহণ করে না থাকে তাহলে নিউ ইয়র্ক বিকল্প মূল্যায়ন কর্মসূচিতে অংশগ্রহণসহ আপনার সন্তানের অগ্রগতি কীভাবে পরিমাপ করা হবে আইইপিতে অবশ্যই তার উল্লেখ থাকতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যেসব শিক্ষার্থী বিকল্প মুল্যায়নে অংশগ্রহণ করছে তারা লোকাল বা স্থানীয় ডিপ্লোমা অর্জনের যোগ্য নয়।

উত্তীর্ণের মানদণ্ড – ৩য় গ্রেডের শুরু থেকে আপনার সন্তান যদি স্টেট ও সিটি ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণ করে তাহলে আইইপি অবশ্যই সুনির্দিষ্টভাবে উল্লেখ করবে আর সব শিক্ষার্থীর মত আপনার সন্তানকে একই উত্তীর্ণের মানদণ্ডে বিচার করা হবে নাকি আপনার সন্তানের জন্য সংশোধিত উত্তীর্ণের মানদণ্ড রয়েছে। যদি সংশোধিত উত্তীর্ণের মানদণ্ডের সুপারিশ করা হয় তাহলে আইইপিতে অবশ্যই তার বিবরণ থাকতে হবে।

ডিপ্লোমার উদ্দেশ্য – বিশেষ শিক্ষা পরিষেবাপ্রাপ্ত প্রতিবন্ধী শিক্ষার্থীদের রিজেন্ট ডিপ্লোমা বা লোকাল বা স্থানীয় ডিপ্লোমা লাভের যোগ্যতা রয়েছে। যেসব শিক্ষার্থী সফলতার সাথে রিজেন্ট ডিপ্লোমা বা লোকাল ডিপ্লোমার শিক্ষা সংক্রান্ত শর্তাবলি পূরণ/সম্পন্ন করেছে তাদেরকেই এই ডিপ্লোমা প্রদান করা হয়। অধিকন্তু আইইপি ডিপ্লোমা সেইসব শিক্ষার্থীকে প্রদান করা হয় যারা আইইপি-তে উল্লিখিত শিক্ষা সংক্রান্ত লক্ষ্যসমূহ সফলতার সাথে অর্জন করেছে তবে রিজেন্ট বা লোকাল ডিপ্লোমার শর্তাবলি পূরণ করেনি।

সময় ও স্থান – আইইপিতে অবশ্যই উল্লেখ থাকতে হবে কবে থেকে পরিষেবা প্রদান করা হবে, কতদিন পর পর প্রদান করা হবে, কোথায় (শ্রেণিকক্ষে নাকি স্কুলের অন্যকোন স্থানে) প্রদান করা হবে এবং কতদিন ধরে প্রদান করা হবে।

পরিমাপের প্রক্রিয়া – আইইপিতে অবশ্যই থাকতে হবে আপনার সন্তানের অগ্রগতি কীভাবে পরিমাপ করা হবে এবং আপনাকে সে অগ্রগতির খবর কীভাবে জানানো হবে।

শিক্ষানির্দেশনার ভাষা – আপনার সন্তান যদি ইংলিশ ল্যাঞ্জুয়েজ লার্নার হয় এবং তার ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঞ্জুয়েজ (ইএসএল) পরীক্ষা এবং/অথবা বাইলিঙ্গুয়াল পরিষেবার প্রয়োজন হয় তাহলে তার শিক্ষা নির্দেশনার ভাষার বিষয়ে সুপারিশ প্রদান করা হবে। পরিষেবা প্রদানের ভাষা কী হবে আইইপিতে তার উল্লেখ থাকবে।

মূলধারায় আনা – যেসব শিক্ষার্থী বিশেষ ক্লাসে পূর্ণকালীন বিশেষ শিক্ষা নির্দেশনা লাভ করে তাদেরকে স্কুল দিবসের কিছু অংশ সাধারণ শিক্ষার ক্লাসে অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া উচিত। একজন শিক্ষার্থীকে গণিত, ভাষা শৈলী, বিজ্ঞান বা সমাজপাঠের মত অ্যাকাডেমিক কর্মসূচির অধীনে মূলধারায় আনা যায়। একে বলা হয় অ্যাকাডেমিক মূলধারায় আনা। আপনার সন্তানের আইইপি-তে অবশ্যই অ্যাকাডেমিক মূলধারায় আনার কার্যক্রমের বিষয়ে উল্লেখ থাকতে হবে। বিশেষ শিক্ষা ক্লাসের শিক্ষার্থীদের অবশ্যই সাধারণ শিক্ষার শরীরচর্চা শিক্ষা, সঙ্গীত এবং লাঞ্চ ক্লাসে অংশগ্রহণ করতে দেয়া উচিত। একে বলা হয় নন-অ্যাকাডেমিক্যালি মূলধারায় আনা।

ক্রান্তিকালীন পরিষেবা

ক্রান্তিকালীন পরিষেবা একগুচ্ছ সমন্বিত কার্যক্রম যা শিক্ষার্থীদের মাধ্যমিক পরবর্তী শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা, চাকুরির প্রতিযোগিতামূলক পরীক্ষা, অব্যাহত ও বয়স্ক শিক্ষা, বয়স্ক পরিষেবা, স্বাধীনভাবে বসবাস, বা কম্যুনিটি কার্যক্রমে অংশগ্রহণসহ স্কুল থেকে স্কুল পরবর্তী জীবনের কার্যক্রমে প্রবেশের সময় সাহায্য করে। সমন্বিত কার্যক্রম অবশ্যই আপনার সন্তানের শক্তি, পছন্দ ও আগ্রহের ওপর ভিত্তি করে চাহিদানির্ভর হতে হবে। ক্রান্তিকালীন পরিষেবা নিম্নলিখিত বিষয়গুলোর ওপর আলোকপাত করতে পারে:

- উল্লিখিত ক্রান্তিকালীন ফল (কাউন্সেলিং ইত্যাদিসহ সাধারণ ও বিশেষ শিক্ষা পাঠক্রমের শিক্ষানির্দেশনা) অর্জনে আপনার সন্তানকে সাহায্য করার জন্য তাকে যে শিক্ষানির্দেশনা প্রদান করা হবে।
- কর্মসংস্থানসহ প্রাপ্তবয়স্কদের অন্যান্য স্কুল-পরবর্তী জীবনযাপন দক্ষতা;
- কম্যুনিটির সাথে একীভূত হওয়া;
- যেসব শিক্ষার্থীদের এ ধরনের সাহায্য প্রয়োজন তাদের মধ্যে দৈনন্দিন জীবনযাপন দক্ষতা গড়ে তোলা।

আপনার সন্তানের বয়স ১৫ হবার পর তার আইইপি-তে অবশ্যই ক্রান্তিকালীন পরিষেবার উল্লেখ থাকতে হবে। আপনার সন্তানকে এবং আপনার লিখিত সম্মতি থাকলে যে প্রতিষ্ঠান আপনার সন্তানকে ক্রান্তিকালীন পরিষেবা প্রদান বা এর জন্য অর্থ প্রদান করবে তার প্রতিনিধিকে ক্রান্তিকালীন পরিষেবা নিয়ে আলোচনার জন্য আইইপি দলের বৈঠকে অবশ্যই আমন্ত্রণ জানানো হবে। এ বৈঠকে নিম্নলিখিত বিষয়গুলো আলোচনা করা হবে:

- আপনার সন্তান আইইপি দলের বৈঠকে অংশগ্রহণ করুক বা না করুক আইইপি দলকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার সন্তানের পছন্দ ও আগ্রহ বিবেচনা করা হয়েছে; এবং
- আমন্ত্রিত কোন প্রতিষ্ঠান তাদের প্রতিনিধিকে পাঠাক বা না পাঠাক যেকোন ক্রান্তিকালীন পরিষেবার পরিকল্পনার পর্যায়ে প্রতিষ্ঠানটিকে সম্পৃক্ত করার পদক্ষেপ নিতে হবে।

সেকশন ৪

স্কুল বয়সী বিশেষ শিক্ষা পরিষেবার কাছে প্রত্যাশা কী

আইইপি দল আপনার সন্তানের চাহিদার জন্য প্রযোজ্য লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্টে (এলআরই) পরিষেবা প্রদানের জন্য সুপারিশ করে।

এর অর্থ আইইপি দল, আপনিও যার একজন সদস্য, অবশ্যই বিবেচনা করবে কীভাবে আপনার সন্তানকে বিশেষ শিক্ষা পরিষেবা দেয়া যায় যাতে সে যতদূর সম্ভব অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে শিক্ষালাভ করতে পারে।

আইইপি দল প্রথমে দেখবে সাহায্য সহায়তা ও পরিষেবা প্রদানের মাধ্যমে সাধারণ শিক্ষার ক্লাসে আপনার সন্তানের চাহিদা পুরণ করা যায় কিনা।

যদি দেখা যায় যে যথাযথ সম্পূরক সহায়তা ও পরিষেবা (সাপ্লিমেন্টারি এইড অ্যান্ড সার্ভিসেস), বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা, সংশ্লিষ্ট পরিষেবা প্রদান সত্ত্বেও আপনার সন্তান সাধারণ শিক্ষার ক্লাসে অংশগ্রহণ করতে পারছে না বা সহযোগিতামূলক দলগত শিক্ষকতা/সমন্বিত সহ-শিক্ষকতা ক্লাসে অংশগ্রহণ করতে পারছে না তাহলে অন্যান্য পরিবেশে যেমন বিশেষ ক্লাস বা বিশেষ স্কুলের কথা বিবেচনা করতে হবে।

মনে রাখবেন:

- আপনার সন্তানকে অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে পাঠক্রম বহির্ভূত কার্যক্রম ও অপ্রাতিষ্ঠানিক কার্যক্রমে (যথা, শরীরচর্চা শিক্ষা, অবকাশকালীন, স্কুল ছুটি পরবর্তী কর্মকাণ্ড)অংশগ্রহণের সুযোগ দেয়া উচিত, যদি না এ ধরনের অংশগ্রহণের জন্য যে অনুপযুক্ত হয়ে থাকে;
- আপনার সন্তান অপ্রতিবন্ধী হলে সে যে স্কুলে পড়ত এখনও তার সেই স্কুলেই পড়া উচিত, যদি না আইইপি- তে অন্য কোন ব্যবস্থার আবশ্যকতার কথা বলা হয়।

প্রতিবন্ধী শিক্ষার্থীদের যতদূর সম্ভব অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে সাধারণ শিক্ষার ক্লাসে শিক্ষাদান করাটা গুরুত্বপূর্ণ।

শিক্ষার্থী/শিক্ষকের কোন অনুপাতটি আমার সন্তানের জন্য প্রযোজ্য?
পৃষ্ঠা ২৪ দেখুন।

আপনার সন্তানকে এমন পরিবেশে শিক্ষাদান করা হবে যা তার চাহিদা সর্বোত্তমভাবে পূরণ করবে।

রিলেটেড সার্ভিসেস

রিলেটেড সার্ভিসেস হল একজন প্রতিবন্ধী শিক্ষার্থীকে শিক্ষানির্দেশনা কর্মসূচি থেকে উপকৃত হবার জন্য সহায়তা করতে যে ধরনের সহায়ক পরিষেবা প্রদান করা প্রয়োজন যেমন বিকাশগত, সংশোধনমূলক ও অন্যান্য পরিষেবা। প্রি-স্কুল থেকে স্কুল বয়সে আপনার সন্তানের সংশ্লিষ্ট পরিষেবা পরিবর্তিত হতে পারে যেহেতু বয়সের সাথে সাথে তার চাহিদাও পরিবর্তিত হয়। সংশ্লিষ্ট পরিষেবা আপনার সন্তানকে প্রদান করা একমাত্র পরিষেবা হতে পারে বা তা অন্যান্য বিশেষ শিক্ষা পরিষেবার পাশাপাশি প্রদান করা হতে পারে যেমন বিশেষ শিক্ষা ক্লাস। নিম্নলিখিত বিশেষ শিক্ষা পরিষেবার সুপারিশ করা যেতে পারে:

কাউন্সেলিং – আপনার সন্তানের যদি সহপাঠী বা বড়দের সাথে মেলামেশার ক্ষেত্রে সমস্যা থাকে বা সে সঠিকভাবে মেলামেশা করতে না পারে, নিজেকে গুটিয়ে নেয়, তার আত্ম-মর্যাদা কম হয়, বা খাপখাইয়ে নেবার ক্ষমতা অত্যন্ত কম হয় যা তার শিক্ষাগ্রহণকে বিশেষভাবে বিঘ্নিত করে তাহলে স্কুলে যথাযথ আচরণ, শৃঙ্খলা, আত্ম-নিয়ন্ত্রণ, দ্বন্দ্ব-নিরসন এসব ক্ষেত্রে সামাজিক ও আবেগীয় কার্যক্রম উন্নয়নের জন্য এসব পরিষেবা প্রদান করা হয়। আপনার যদি বিশেষ কোন পরিষেবা প্রদানকারীর (যথা, গাইডেন্স কাউন্সিলর, স্কুল মনোবিদ, বা সমাজ কর্মী) সেবা প্রয়োজন হয় তাহলে আইইপি-তে এর রূপরেখা প্রদান করতে হবে।

হেয়ারিং এডুকেশন সার্ভিসেস – কথা বলা, পড়া, শ্রবণ-সংক্রান্ত প্রশিক্ষণ বিষয়ে নির্দেশনা এবং শোনার/বলার মাধ্যমে যোগাযোগের দক্ষতা বাড়াতে ভাষার উন্নয়ন।

স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি –এসব পরিষেবা আপনার সন্তানকে উচ্চারণ বা ধ্বনিগত দক্ষতা এবং অবধানসহ ধ্বনি ও ভাষা (যাকে শ্রবণগত প্রক্রিয়া বলা হয়) বুঝতে এবং বাক্যপ্রকরণ, ভাষার ব্যবহার বা প্রয়োগ সিদ্ধতা, স্বর উৎপাদন ও সাবলীলতা বুঝতে সাহায্য করে।

অকুপেশনাল থেরাপি – সব ধরনের শিক্ষাগত কার্যক্রম সম্পাদনে হাত বা পা বা এগুলোর আঙ্গুল ইত্যাদির সাহায্যে ছোটখাটো কাজকর্ম সম্পাদন এবং বাকযন্ত্র বা মুখের পেশী যথা মুখ, জিহ্বা, গাল ,চোয়াল ,ঠোঁট ইত্যাদির সঞ্চালনসহ আপনার সন্তানের অভিযোজন ও কর্মসম্পাদন দক্ষতা বজায় ,উন্নয়ন ও সংরক্ষণে এটি আপনার সন্তানকে সাহায্য করবে।

ওরিয়েন্টেশন ও মোবিলিটি সার্ভিসেস – আপনার সন্তান স্থানিক ও পরিবেশগত বিষয়গুলো যাতে আরো ভালোভাবে বুঝতে পারে এবং সে যে পথ দিয়ে চলাচল করছে সে পথের সাথে তার পরিচয় প্রতিষ্ঠা, বজায় ও পুনঃপ্রাতিষ্ঠার জন্য অনুভূতির মাধ্যমে প্রাপ্ত তথ্য ব্যবহার করতে পারে সে জন্য তাকে এ পরিষেবা দেয়া হয়। দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের এসব পরিষেবা দেয়া হয়।

ফিজিক্যাল থেরাপি – পেশি সঞ্চালন, হাঁটাচলা, শারীরিক ভারসাম্য এবং শ্রেণিকক্ষ, জিম, গোসলখানা, খেলার মাঠ, সিঁড়ি এবং এক ক্লাস থেকে আরেক ক্লাসে যাবার সময়সহ বিভিন্ন পরিবেশে সমন্বয় সাধনসহ আপনার সন্তানের কর্মদক্ষতা বজায়, উন্নয়ন ও সংরক্ষণে কায়িক কার্যক্রম ব্যবহার করে।

স্কুল হেলথ সার্ভিসেস – শিক্ষার নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে আপনার সন্তানের চিকিৎসক তার যেসব সুনির্দিষ্ট স্বাস্থ্য চাহিদার কথা লিপিবদ্ধ করেছেন স্কুল নার্স বা আধাপেশাদারেরা তা পূরণের জন্য সেবা প্রদান করবেন।

ভিশন এডুকেশন সার্ভিসেস – আপনার সন্তান যদি দৃষ্টি প্রতিবন্ধী হয় তাহলে তাকে শিক্ষানির্দেশনা প্রদানের জন্য এসব পরিষেবা ব্যবহার করা হয়। প্রাতিষ্ঠানিক সামাজিক, পেশাগত এবং জীবনের সাথে খাপখাওয়ানোর দক্ষতা, স্বাক্ষরতা এবং স্পর্শ, দৃষ্টি ও শ্রবণ কৌশলের ব্যবহারের মাধ্যমে তথ্য সংগ্রহ করতে তারা ব্রেইল, নেমেথ কোড, বড় হরফের ছাপা, অপটিকাল ও নন-অপটিকাল লো ভিশন ডিভাইজ ও অন্যান্য প্রয়োজনীয় উপকরণ ব্যবহার করে।

আপনার সন্তানের জন্য সুপারিশকৃত যেকোন সংশ্লিষ্ট পরিষেবার কথা তার আইইপি-তে উল্লেখ থাকবে। আপনার সন্তান প্রতি সপ্তাহে বা মাসে কতদিন এই পরিষেবা লাভ করবে (একে বলা "সংগঠনের হার") এবং কতক্ষণ ধরে অধিবেশন বা ক্লাস চলবে (একে বলা হয় "সময়পরিসর"), সর্বোচ্চ কতজনকে নিয়ে দলটি হবে বা দলের সর্বোচ্চ আয়তন (যদি আপনার সন্তানকে দলগতভাবে সেবাটি প্রদান করা যায়), যে ভাষায় পরিষেবা প্রদান করা হবে, পরিষেবা কি আপনার সন্তানের শ্রেণিকক্ষে নাকি শ্রেণিকক্ষের বাইরে পৃথক কোন কক্ষে (একে বলা হয় "স্থান") প্রদান করা হবে আইইপি-তে তার উল্লেখ থাকবে।

আপনার সন্তানের আইইপি-তে যদি এক বা একাধিক পরিষেবার সুপারিশ করা হয় এবং ডিপার্টমেন্ট যদি তা নিজস্ব কর্মীর মাধ্যমে বা তার সাথে চুক্তিবদ্ধ সংস্থার কর্মীর মাধ্যমে স্কুল দিবসে বা স্কুল ছুটির পরে প্রদান করতে সক্ষম না হয় তাহলে আপনাকে একটি **রিলেটেড সার্ভিস অথরাইজেশন** (আরএসএ) চিঠি পাঠানো হবে। আরএসআই আপনাকে সুপারিশকৃত সেবার জন্য *বিনা খরচে* একজন যথাযথ লাইসেন্সধারী স্বাধীন পরিষেবাপ্রদানকারীর সেবা ব্যবহারের সুযোগ দেয়। আপনার সন্তানের সরকারি স্কুল আপনাকে এ বিষয়ে সাহায্য করতে পারে। আপনার সন্তান যদি কোন বেসরকারি স্কুল বা চার্টার স্কুলে পড়ে থাকে তাহলে বিশেষ শিক্ষা অফিসের স্থানীয় কমিটি এ ব্যাপারে আপনাকে সাহায্য করবে।

ডিপার্টমেন্টের ওয়েবসাইট http://schools.nyc.gov Academics/SpecialEducation/ParentResources-এ স্বাধীন পরিষেবা প্রদানকারীদের তালিকা পাওয়া যাবে

স্পেশাল এডুকেশন পিচার সাপোর্ট সার্ভিসেস পরিষেবা(এসইটিএসএস)

স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস এসইটিএসএস বিশেষভাবে প্রণীত হয়েছে এবং/অথবা এই সম্পূরক শিক্ষানির্দেশনা একজন বিশেষ শিক্ষার শিক্ষক প্রদান করবেন। এ পরিষেবা আপনার সন্তানকে সাধারণ শিক্ষার ক্লাসরুমে থেকে একজন বিশেষ শিক্ষার শিক্ষকের কাছ থেকে পরিষেবা লাভের সুযোগ দেয়। আপনার সন্তানকে সাধারণ শিক্ষার ক্লাসে অংশগ্রহণে সাহায্য করতে এবং তাকে বিশেষভাবে প্রণীত এবং/বা সম্পূরক শিক্ষানির্দেশনা প্রদান করতে বিশেষ শিক্ষার শিক্ষক আপনার সন্তানের সাথে সরাসরি কাজ করতে পারেন। এসবের মধ্যে থাকতে পারে যে বিষয়টি পড়ানো হচ্ছে তা বুঝতে সহায়তা করা বা বিভিন্ন পদ্ধতি যেমন দেখতে সাহায্য করা, ওয়ার্কশিট বা খাতার ওপর হাইলাইট করা, নির্দেশনাকে সরলীকরণ করা (একে বলা হয় সরাসরি নির্দেশনা)। আপনার সন্তানের বিশেষ চাহিদা পূরণের জন্য শিক্ষার পরিবেশকে খাপখাওয়াতে এবং/বা শিক্ষানির্দেশনার কৌশল ও পদ্ধতি পরিমার্জন ও অভিযোজন করতে বিশেষ শিক্ষার শিক্ষক আপনার সন্তানের সাধারণ শিক্ষার শিক্ষকের সাথেও কাজ করতে পারেন (একে বলা হয় "পরোক্ষভাবে নির্দেশনা")।

- সিইটিএসএস সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে, বা সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষের বাইরে পৃথক কোন স্থানে বা সাধারণ শিক্ষার শ্রেণিক্ষ ও পৃথক স্থান উভয়ের সমন্বয়ে কোন পদ্ধতিতে প্রদান করা যেতে পারে;
- যখন কোন দলে এসইটিএসএস প্রদান করা হয়, তখন সেই দলে আটজনের বেশি শিক্ষার্থী থাকা উচিত নয়;
- এসইটিএসএস সপ্তাহে কমপক্ষে তিন ঘন্টা এবং দিনের সর্বোচ্চ অর্ধেক সময় প্রদান করা হতে পারে;
- আপনার সন্তানের আইইপি-তে অবশ্যই উল্লেখ থাকতে হবে সপ্তাহে কতবার ও কোথায় তাকে এ পরিষেবা প্রদান করা হবে। এ পরিষেবা সরাসরি আপনার সন্তানকে প্রদান করা হতে পারে অথবা তার পরোক্ষভাবে তার সাধারণ শিক্ষার শিক্ষকের মাধ্যমে প্রদান করা হতে পারে।

আপনার সন্তানের বয়স বাড়ার সাথে সাথে তার সংশ্লিষ্ট সেবাও পরিবর্তিত হতে পারে।

কোলাবোরেটিভ টিম টিচিং/ইন্টিগ্রেটেড কো-টিচিং (সিটিটি/আইসিটি)

কোলাবোরেটিভ টিম টিচিং/ইন্টিগ্রেটেড কো-টিচিং (সিটিটি/আইসিটি) শ্রেণিকক্ষে প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী উভয় ধরনের শিক্ষার্থীরা একজন সাধারণ শিক্ষার শিক্ষক এবং একজন বিশেষ শিক্ষার শিক্ষকের অধীনে শিক্ষা গ্রহণ করে। উভয় শিক্ষক একত্রে কাজ করেন এবং একে অন্যকে সহযোগিতা করেন। আপনার সন্তানের জন্য শিক্ষানির্দেশনাকে পরিমার্জন ও অভিযোজন এবং পুরো ক্লাস যাতে সাধারণ শিক্ষা পাঠক্রম লাভ করতে পারে তা নিশ্চিত করতে এই দুই শিক্ষক কাজ করেন।

যেসব শিক্ষার্থীরা সিটিটি/আইসিটি পাচ্ছে তারা সংশ্লিষ্ট পরিষেবা, সহায়ক প্রযুক্তি, আধা-পেশাদার পরিষেবা বা প্রয়োজনীয় অন্যান্য সম্পূরক পরিষেবাও পাবে।

সিটিটি পূর্ণকাল বা খণ্ডকাল ভিত্তিতে প্রদান করা হতে পারে। বিভিন্ন ডিপার্টমেন্টে বিভক্ত স্কুল কর্মসূচির ক্ষেত্রে অর্থাৎ যেখানে বিষয়ের ওপর ভিত্তি করে ক্লাস পরিবর্তন হয় সেখানে সাধারণত খণ্ডকাল পরিষেবার সুপারিশ করা হয়। যদি খণ্ডকাল পরিষেবা প্রদান করা হয় তাহলে তা অবশ্যই আপনার সন্তানের আইইপি-তে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রতিদিন কয়টি ক্লাসে তাকে পরিষেবা প্রদান করা হবে তাও স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সিটিটি/আইসিটি আওতায় যে বিষয়ে(উদাহরণস্বরূপ-গণিত) তাকে শিক্ষানির্দেশনা প্রদান করা হবে তাও উল্লেখ করতে হবে।

পুরো ক্লাসের ৪০%-এর বেশি বা সর্বোচ্চ ১২ জনের বেশি প্রতিবন্ধী শিক্ষার্থী থাকতে পারবে না।

স্পেশাল ক্লাস সার্ভিসেস

স্ব-নিয়ন্ত্রিত শ্রেণিকক্ষে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য **বিশেষ ক্লাস পরিষেবা প্রদান করা হয়**। সাধারণ শিক্ষার ক্লাসে বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা, সংশ্লিষ্ট পরিষেবা বা সিটিটি/আইসিটি ক্লাসে অংশগ্রহণ সত্ত্বেও যেসব প্রতিবন্ধী শিক্ষার্থীদের চাহিদা পূরণ হয় না তাদের জন্য এই ক্লাসের ব্যবস্থা করা হয়। বিশেষ ক্লাস পরিষেবা পূর্ণকালীন বা খণ্ডকালীন ভিত্তিতে প্রদান করা হতে পারে।

স্ব-নিয়ন্ত্রিত বিশেষ ক্লাসে একই ধরনের শিক্ষা সংক্রান্ত চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের অবশ্যই একই দলে ফেলতে হবে। একই ধরনের প্রতিবন্ধী বা বিভিন্ন ধরনের প্রতিবন্ধী শিক্ষার্থীদের নিয়ে এসব ক্লাস গঠিত হতে পারে যদি শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক ও শিক্ষণ বৈশিষ্ট্য, সামাজিক উন্নয়ন, দৈহিক বিকাশ এবং ব্যবস্থাপনাগত চাহিদা একই স্তরের হয়।

আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক এবং/বা ব্যবস্থাপনাগত চাহিদার ওপর ভিত্তি করে বিশেষ ক্লাসে বিভিন্ন অনুপাতে কর্মী থাকতে পারে। একে বলা হয় **কর্মী অনুপাত**। এসব ক্লাসে ছয় থেকে সর্বোচ্চ পনেরো জন শিক্ষার্থী থাকতে পারে। বিশেষ শিক্ষার ক্লাসে একজন বিশেষ শিক্ষার শিক্ষক এবং চারজন পর্যন্ত আধাপেশাদার থাকতে পারেন।

আপনার সন্তানের শিক্ষাগ্রহণের জন্য যদি বড়দের আরো নিবিড় ও অব্যাহত তত্ত্বাবধানের প্রয়োজন হয় তাহলে তার জন্য আরো নিবিড় শিক্ষার্থী-কর্মী অনুপাতের ক্লাসের সুপারিশ করা হবে। আইইপি দল আপনার সন্তানের জন্য কর্মী অনুপাত নির্ধারণ করবে এবং তার আইইপি-তে সুস্পষ্টভাবে তা উল্লেখ থাকবে।*(পৃষ্ঠা ২৪-এর তালিকা দেখুন।)*

মারাত্মক প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত সরকারি স্কুল(ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল)

মারাত্মক প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ডিস্ট্রিক্ট **৭৫বিভিন্ন** ধরনের ব্যবস্থা বা পরিবেশে শিক্ষানির্দেশনাগত সহায়তা প্রদান করে। লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট (ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ, এলআরই) ম্যান্ডেটের আওতায় শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার ক্লাসে, কম্যুনিটি স্কুল ভবনে অবস্থিত বিশেষ ক্লাসে, বিশেষায়িত স্কুলের বিশেষ শিক্ষার ক্লাসে এবং বিভিন্ন সংস্থা, হাসপাতাল ও বাড়িতে ডিস্ট্রিক্ট ৭৫-এর পরিষেবা লাভ করে থাকে। আপনার সন্তানের জ্ঞানগত, আবেগগত-সামাজিক এবং স্বাস্থ্যগত ব্যবস্থাপনা চাহিদার ওপর ভিত্তি করে সেজন্য উপযুক্ত কর্মসূচি ও শ্রেণির আয়তন নির্ধারণ করবে।

ডিস্ট্রিক্ট ৭৫ পরিষেবা ১২-মাস কর্মসূচির আওতায় সারা বছর ধরে প্রদান করা যেতে পারে। এটি আপনার সন্তানকে গ্রীষ্মের মাসগুলোতে নিরবছিন্ন ও অব্যাহতভাবে শিক্ষানির্দেশনা লাভে সাহায্য করে।

ডিস্ট্রিক্ট ৭৫ ডি৭৫ ভবনে, বিভিন্ন সংস্থায় এবং কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ভবনে সিটিভিত্তিক পরিষেবা ও কর্মসূচি প্রদান করে। ডিস্ট্রিক্ট ৭৫-এর শিক্ষার্থীরা মান ভিত্তিক মূল্যায়নে অংশ নিতে পারে এবং সব সিটি ও স্টেট পরীক্ষা দিতে পারে অথবা তাদেরকে নিউ ইয়র্ক স্টেট বিকল্প মুল্যায়ন ব্যবহার করে মূল্যায়ন করা যেতে পারে। ডিস্ট্রিক্ট ৭৫ ১২:১:১, ৮:১:১ এবং ১২:১:৪ এবং অন্যান্য অনুপাতে শিক্ষার্থীদের বিশেষ ক্লাস প্রদান করতে পারে।

আপনার সন্তানের যদি মারাত্মক শ্রবণ ও দৃষ্টি প্রতিবন্ধিতা থাকে তাহলে তার জন্যও ডিস্ট্রিক্ট ৭৫-এর স্ব-নিয়ন্ত্রিত ক্লাস রয়েছে যেখানে বিশেষায়িত যন্ত্রপাতি ও পরিষেবাকে পাঠক্রমের সাথে সমন্বিত করে স্কুল দিবসে শিক্ষানির্দেশনা দেয়া হয়। যেসব শিক্ষার্থীর দৃষ্টি ও শ্রবণ প্রতিন্ধিতার জন্য এধরনের নিবিড় কর্মসূচির প্রয়োজন হয় না তাদেরকে সাধারণ শিক্ষা, সহ-শিক্ষকতা বা কম্যুনিটি ভিত্তিক বিশেষ শিক্ষা ক্লাসে এসব পরিষেবা দেয়া হবে। যেসব শিক্ষার্থী স্কুলে যেতে ভয় পায় (স্কুল ফোবিয়া) এবং যেসব শিক্ষার্থীর স্বাস্থ্যগত ও মানসিক রোগের কারণে হাসপাতালে বা বাড়িতে সাময়িক বা দীর্ঘমেয়াদে শিক্ষানির্দেশনা লাভ করা প্রয়োজন ডিস্ট্রিক্ট ৭৫-এ তাদের জন্যও সহায়তা পরিষেবা আছে।

যেসব ক্ষেত্রে প্রয়োজন ডিস্ট্রিক্ট ৭৫দ্বিভাষী নির্দেশনা ও সহায়তা, দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি পরিষেবা, ভ্রমণ প্রশিক্ষণ, দৈনন্দিন ব্যক্তিগত কর্মসম্পাদনের দক্ষতার (এডিএল) ওপর প্রশিক্ষণ, বৃত্তিমূলক কর্মসূচি এবং ক্রান্তিকালীন পরিষেবা প্রদান করে। আপনার সন্তানের আইইপি-তে প্রদত্ত রূপরেখা অনুসারে বাড়তি বা বিকল্প শিক্ষা প্রযুক্তি ব্যবহারের নির্দেশনা প্রদান করা হবে। সহযোগিতামুলক স্কুল বাড়ি অংশীদারিত্ব গড়ে তোলার জন্য ডিস্ট্রিক্ট ৭৫ পিতামাতাদের জন্য কাউন্সেলিং বা পরামর্শ পরিষেবা ও প্রশিক্ষণের ব্যবস্থা করে যাতে পিতামাতারা তাদের সন্তানদের বুঝতে ও সাহায্য করতে পারে।

যেসব শিক্ষার্থী বধির/কানে খুব কম শোনে বা অন্ধ/দৃষ্টি প্রতিবন্ধী তাদের জন্য ডিস্ট্রিক্ট ৭৫ ১২:১:১ অনুপাতে বিশেষ ক্লাস পরিষেবা প্রদান করে। প্রদত্ত পরিষেবার মধ্যে রয়েছে অডিওলোজি, সহায়ক যন্ত্র, সাংকেতিক ভাষা ব্যাখ্যা করা, ওরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি এবং ব্রেইল। শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট প্রমিত ও বিকল্প মুল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে।

নিউ ইয়র্ক স্টেট পরিচালিত স্কুল

বধির, অন্ধ বা যাদের মারাত্মক আবেগগত ও দৈহিক প্রতিবন্ধিতা রয়েছে এবং আইইপি দল যাদেরকে এ ধরনের পরিষেবা লাভের যোগ্য বলে নির্ধারণ করে তাদের জন্য **স্টেট পরিচালিত স্কুল** নিবিড় বিশেষ শিক্ষা পরিষেবা প্রদান করে। যেসব শিক্ষার্থীর ২৪ ঘন্টাই সহায়তা প্রয়োজন তাদের জন্য কিছু স্টেট পরিচালিত স্কুল আবাসিক পরিচর্যার ব্যবস্থা করে।

আইইপি দল আপনার সন্তানের জন্য যথাযথ কর্মসূচি ও ক্লাসের আকৃতি নির্ধারণ করে।

বিশেষ ক্লাসের অনুপাত: কোন অনুপাতটি আপনার সন্তানের জন্য প্রযোজ্য?

১২:১
(প্রাথমিক এবং জুনিয়র/মিডল স্কুল)

- প্রাথমিক এবং মাধ্যমিক/জুনিয়র হাই স্কুলে প্রতি ক্লাসে বারজনের(১২) এবং হাই স্কুলে প্রতি ক্লাসে পনেরোজনের (১৫) বেশি শিক্ষার্থী থাকবে না;
- একজন পূর্ণকাল বিশেষ শিক্ষার শিক্ষক।

প্রাতিষ্ঠানিক এবং/বা আচরণ ব্যবস্থাপনা চাহিদা রয়েছে এমন শিক্ষার্থীদের জন্য এই ব্যবস্থা যাদের বিশেষায়িত শিক্ষা নির্দেশনা প্রয়োজন এবং স্ব-নিয়ন্ত্রিত শ্রেণিকক্ষেই তা সবচেয়ে ভালোভাবে প্রদান করা যায়।

১৫:১
(হাই স্কুল)

১২:১:১

- প্রতি ক্লাসে অনধিক বার (১২) জন শিক্ষার্থী;
- একজন পূর্ণকাল বিশেষ শিক্ষার শিক্ষক;
- একজন পূর্ণকাল আধাপেশাদার।

যেসব শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক এবং/বা আচরণ ব্যবস্থাপনা ঘাটতি রয়েছে এবং যা তাদের শিক্ষা নির্দেশনার প্রক্রিয়াকে বিঘ্নিত করে এবং এ জন্য তাদের বড়দের কাছ থেকে অতিরিক্ত সহায়তা ও বিশেষায়িত শিক্ষা নির্দেশনা প্রয়োজন হয় সেই সব শিক্ষার্থীর জন্য এই ব্যবস্থা। এ ধরনের শিক্ষানির্দেশনা স্ব-নিয়ন্ত্রিত শ্রেণিকক্ষেই সবচেয়ে ভালোভাবে প্রদান করা সম্ভব।

৮:১:১

- প্রতি ক্লাসে অনধিক আট (৮) জন শিক্ষার্থী;
- একজন পূর্ণকাল বিশেষ শিক্ষার শিক্ষক;
- একজন পূর্ণকাল আধাপেশাদার।

যেসব শিক্ষার্থীদের চাহিদা গুরুতর ও দীর্ঘমেয়াদি এবং যাদের নিবিড় নিরবছিন্ন তত্ত্বাবধান, বিশেষ মনোযোগ, অনুশাসন এবং নিবিড় আচরণ ব্যবস্থাপনা এবং বড়দের কাছ থেকে অতিরিক্ত সহায়তা প্রয়োজন তাদের জন্য এই ব্যবস্থা।

৬:১:১

- প্রতি ক্লাসে অনধিক ছয় (৬) জন শিক্ষার্থী;
- একজন পূর্ণকাল বিশেষ শিক্ষার শিক্ষক;
- একজন পূর্ণকাল আধাপেশাদার।

এসব ক্লাসে প্রাতিষ্ঠানিক, সামাজিক এবং/অথবা পারস্পরিক সম্পর্ক উন্নয়ন, দৈহিক বিকাশ এবং ব্যবস্থাপনাসহ অধিকাংশ বা সব ক্ষেত্রেই ব্যাপক ঘাটতি রয়েছে এমন শিক্ষার্থীদের পরিষেবা দেয়া হয়। চাহিদা অত্যন্ত বেশি তাদের জন্যই এইসব ক্লাস। তারা আচরণ হয় আগ্রাসী, নিজেকে নির্যাতন করে বা সম্পূর্ণ গুটিয়ে নেয়। ভাষা ও সামাজিক দক্ষতা অর্জন ও বজায় রাখার ক্ষেত্রে তাদের মারাত্মক সমস্যা রয়েছে। অত্যন্ত নিবিড় ব্যক্তিগত কর্মসূচি, বড়দের সার্বক্ষণিক তত্ত্বাবধান, তাদেরকে সবকাজের সাথে যুক্ত করার জন্য বিশেষায়িত আচরণ ব্যবস্থাপনা কর্মসূচি এবং কথা/ভাষা থেরাপি (যেসব ক্ষেত্রে অতিরিক্ত/বিকল্প যোগাযোগ অন্তর্ভুক্ত থাকতে পারে)।

১২:১:৪



- প্রতি ক্লাসে অনধিক বার (১২) জন শিক্ষার্থী;
- একজন পূর্ণকাল বিশেষ শিক্ষার শিক্ষক;
- প্রতি তিনজন শিক্ষার্থীর জন্য একজন অতিরিক্ত কর্মী (আধাপেশাদার)

যেসব শিক্ষার্থীদের মারাত্মক ও একাধিক ধরনের প্রতিবন্ধিতা রয়েছে এবং যাদের ভাষা, প্রাতিষ্ঠানিক ও নিজে স্বাধীনভাবে কাজ করার ক্ষমতা সীমিত তাদের জন্যই এই ক্লাস। দৈনন্দিন কাজকর্ম সম্পাদনের দক্ষতার ওপর প্রশিক্ষণ, যোগাযোগের দক্ষতা গড়ে তোলা, সংবেদনশীল করা এবং থেরাপিউটিক ইনটারভেনশন।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি -স্কুল (দিবা)

যেসব শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত চাহিদা সরকারি স্কুল কর্মসূচির মাধ্যমে পূরণ করা যায় না তাদের জন্য এই স্কুলগুলো কর্মসূচি প্রদান করে থাকেন। **স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (এসইডি) অনুমোদিত স্কুলে** কেবল প্রতিবন্ধী শিক্ষার্থীরা অধ্যয়ন করে থাকে, তাই এসব স্কুলে অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে একত্রে শিক্ষালাভ করার সুযোগ নেই। এসইডি-অনুমোদিত স্কুল কেবল তখনই আপনার সন্তানকে ভর্তি করবে যদি আপনার সন্তানের আইইপি-তে যে পরিষেবার কথা বলা হয়েছে তা প্রদান করতে তারা সক্ষম হয়।

আপনার সন্তানের জন্য উপযুক্ত শিক্ষা ব্যবস্থা চিহ্নিত করার জন্য সেন্ট্রাল বেইজড সাপোর্ট টিমের (সিবিএসটি) কাছে তাকে পাঠানোর আগে আইইপি দলের উচিত সরকারি স্কুলে প্রাপ্ত সকল বিকল্প বিবেচনা করা। যখন আইইপি দল কোন শিক্ষার্থীকে সিবিএসটি-এর কাছে পাঠায় তখন এটা আপনার জন্য বোঝা গুরুত্বপূর্ণ যে আপনার সন্তানের জন্য এখনও কোন বিশেষ শিক্ষা ব্যবস্থার সুপারিশ করা হয়নি এবং সে হয়ত সরকারি স্কুলেই থাকবে। অন্যকথায় সিবিএসটি-এর কাছে কোন কেইস পাঠানোর অর্থ এই নয় যে আপনার সন্তানকে বেসরকারি স্কুলে প্রদানের সুপারিশ করা হচ্ছে।

যদি এটা নির্ধারিত হয় যে আপনার সন্তানের জন্য বেসরকারি স্কুলই উপযুক্ত তাহলে তাকে সেই স্কুলে নেয়া হবে এবং তার আইইপি প্রণয়ন সমাপ্ত হবে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি -স্কুল (আবাসিক)

আবাসিক স্কুলগুলোতে শ্রেণিকক্ষে নিবিড় কর্মসূচি প্রদান করা হয় এবং স্কুলের ভেতর সার্বক্ষণিক কাঠামোবদ্ধ বসবাসের পরিবেশ প্রদান করবে। যেসব শিক্ষার্থীদের শিক্ষার চাহিদা এতটাই বেশি যে তাদের প্রতি ২৪ ঘন্টাই নজর দিতে হয় তাদের জন্যই এ কর্মসূচি। নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট কর্তৃক অনুমোদিত আবাসিক স্কুলগুলো নিউ ইয়র্ক স্টেট ও এর আশপাশের স্টেটে অবস্থিত। যদি এটা নির্ধারিত হয় যে যদি এটা নির্ধারিত হয় যে আবাসিক স্কুলই উপযুক্ত তাহলে ডিওই স্টেটের বাইরের স্কুলের কথা চিন্তা করার আগে স্টেটের ভেতরে অবস্থিত আবাসিক স্কুলগুলোর কথা বিবেচনা করবে।

বাড়ি ও হাসপাতালে শিক্ষা নির্দেশনা

যেসব শিক্ষার্থী একটি দীর্ঘসময় স্কুলে উপস্থিত হতে পারবে না তাদেরকে এইসব শিক্ষা পরিষেবা প্রদান করা হয়। যতদিন পর্যন্ত না শিক্ষার্থী আবার স্কুলে যেতে পারছে অথবা হাসপাতাল শিক্ষা নির্দেশনার ক্ষেত্রে যতদিন পর্যন্ত না সে হাসপাতাল থেকে ছাড়া পাচ্ছে ততদিন এই সেবা প্রদান করা হয়। যেসব শিক্ষার্থীর মারাত্মক স্বাস্থ্যগত বা আবেগীয় সমস্যা রয়েছে এবং সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত স্কুলে যেতে হতে পারছে না তাদের জন্য এসব পরিষেবার সুপারিশ করা হয়।

যেসব শিক্ষার্থী অনুমোদিত বেসরকারি স্কুলে ভর্তির অপেক্ষায় আছে কিন্তু তাদের জন্য এখনও স্কুলের ব্যবস্থা করা যায়নি তাদের জন্যও এসব পরিষেবার সুপারিশ করা যেতে পারে।

হাই স্কুল শিক্ষার্থীদের জন্য দিনে কমপক্ষে ২ ঘণ্টা এবং অন্যান্য শিক্ষার্থীর জন্য দিনে ১ ঘণ্টা বাড়ি ও হাসাপাতাল শিক্ষা নির্দেশনা প্রদান করা হয়। ক্লাস কয় ঘণ্টা , কতসময় ধরে ও সপ্তাহে কতবার অনুষ্ঠিত হবে তা আপনার সন্তানের স্বতন্ত্র চাহিদার ওপর ভিত্তি করে আইইপি দল নির্ধারণ করবে।

সাপ্লিমেন্টারি এইডস অ্যান্ড সার্ভিসেস

সাধারণ শিক্ষার ক্লাস ও আরো বেশি নিষেধাত্মক অন্যান্য ক্লাসেও এইসব পরিষেবা ও অন্যান্য সহায়তা প্রদান করা হয়। সাপ্লিমেন্টারি এইডস অ্যান্ড সার্ভিসেসের মধ্যে নিম্নলিখিত উপকরণ ও যন্ত্রপাতি অন্তর্ভুক্ত থাকতে পারে তবে তা এতেই সীমাবদ্ধ নয়:

স্বাভাবিক আচরণ সম্পর্কিত মূল্যায়ন – স্বাভাবিক আচরণ সম্পর্কিত মূল্যায়ন বা ফাংশনাল বিহেভিয়ারাল অ্যাসেসমেন্ট সেই শিক্ষার্থীর ক্ষেত্রে করা হয় যার আচরণ তার নিজের শিক্ষা লেখাপড়া বা অন্যান্য শিক্ষার্থীর লেখাপড়ার ক্ষেত্রে বাধার সৃষ্টি করে। এ প্রক্রিয়ার মাধ্যমে একটি আচরণ একজন শিক্ষার্থীর কোন্ উদ্দেশ্য পূরণ করছে তা নির্ধারণ করা হয়। যে পরিস্থিতিতে শিক্ষার্থী উক্ত আচরণ করেছে এবং আচরণের পরিণতি সতর্কতার সাথে মূল্যায়নের মাধ্যমে এটি অর্জিত হয়। ফাংশনাল বিহেভিয়ারাল অ্যাসেসমেন্টর ফল আচরণগত অনুশাসন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়। পরিকল্পনাটি আচরণ সংশোধনের কৌশল নিরূপণ করে।

পাঠক্রম অভিযোজন – শিক্ষার্থী কীভাবে তথ্য লাভ করছে এবং কীভাবে এই তথ্য শিখছে অভিযোজন তা পরিবর্তন করে। এতে বই, বড় হরফে ছাপা বই, ব্রেইলের পরিবর্তে অডিওটেপ , গণিতের জন্য ক্যালকুলেটর ব্যবহারের এবং হাতেলেখার পরিবর্তে ওয়ার্ড প্রসেসর বা কম্পিউটারে লেখার ওপর জোর দেয়।

পাঠক্রম পরিমার্জন/সংশোধন – পরিমার্জনের মাধ্যমে যে পদ্ধতিতে পাঠদান করা হয় এবং পাঠদান বা শিক্ষানির্দেশনা প্রদানের স্তর পরিবর্তন করা হয় কিন্তু পাঠ্যবিষয় একই থাকে। পরিমার্জনের উদাহরন হতে পারে অ্যাসাইমেন্টে যে বিষয়ের ওপর জোর দেয়া হয়েছে এবং তার আয়তন পরিবর্তন।

চাহিদানির্ভর সহায়তা – এ ধরনের সহায়তার অন্তর্ভুক্ত হতে পারে প্রশ্ন ও শিক্ষা নির্দেশনা ভিন্ন ও আরো স্পষ্টভাবে প্রদান করা, এক ক্লাস থেকে অন্য ক্লাসে যাবার সময় অতিরিক্ত সময় দেয়া, বিশেষভাবে আসন বিন্যাস, পরীক্ষাকে শিক্ষার্থীর চাহিদার সাথে খাপখাওয়ানো যেমন প্রশ্ন একবার বা পুনরায় উচ্চস্বরে পাঠ করা, অতিরিক্ত সময় দেয়া, ইত্যাদি, পাঠক্রম সহায়তা যেমন, পাঠ্যবিষয়কে হাইলাইট করা, মূল বক্তব্যের সারসংক্ষেপ লেখা, সাজিয়ে লিখতে সাহায্য করা, নোট বা স্টাডি গাইড বা পাঠ নির্দেশনা পুনরায় লেখা।

সম্পূরক সহায়তা ও পরিষেবার মধ্যে বিভিন্ন কর্মীদের পরিষেবাও অন্তর্ভুক্ত থাকতে পারে যেমন সংশ্লিষ্ট পরিষেবাদানকারী, বিশেষ শিক্ষার শিক্ষক, আধা পেশাদার । তাদের সেবাকে বিভিন্নভাবে একত্রিত করার মাধ্যমে আপনার সন্তানের চাহিদা পূরণ করা হয়।

শ্রেণিবিভাজন পরিষেবা ব্যতীত সাধারণ শিক্ষা

আপনার সন্তানকে যদি বিশেষ শিক্ষা শ্রেণির বাইরে আনা হয়/শ্রেণি থেকে খারিজ করা হয় তাহলে সাধারণ শিক্ষায় তার প্রত্যাবর্তনের পথকে সুগম করতে আপনার সন্তানকে (যাকে বলা হয় সরাসরি শিক্ষানির্দেশনা প্রদান) এবং তার শিক্ষককে (যাকে বলা হয় পরোক্ষভাবে শিক্ষানির্দেশনা প্রদান) এসব পরিষেবা প্রদান করা হবে।

এসব পরিষেবার মধ্যে রয়েছে শিক্ষা নির্দেশনা সহায়তা, ঘাটতিপূরণ, শিক্ষানির্দেশনা পরিমার্জন বা ব্যক্তি এবং/বা দলগতভাবে কথা বলা বা পরামর্শ পরিষেবা প্রদান। শিক্ষার্থীকে পুনরায় মূল্যায়নের পরই কেবল তাকে বিশেষ শিক্ষা শ্রেণি থেকে খারিজ করা হবে।

আপনার সন্তানকে যদি খারিজ করা হয় তাহলে আইইপি দল নির্ধারণ করবে সাধারণ শিক্ষার ক্লাসে আপনার সন্তানের পূর্ণকাল অংশগ্রহণের প্রথম বছর এ স্থানান্তরকে সফল করতে তার কোন ধরনের পরিষেবা প্রয়োজন অবশ্য যদি আদৌ তার প্রয়োজন থেকে থাকে।

স্পেশালাইজড ট্রান্সপোর্টেশন অ্যাকোমোডেশন

আপনার সন্তানকে যখন প্রাথমিকভাবে রেফার করা হবে, তখন আইইপি দল অবশ্যই আপনাকে অবগত করবে যে যেকোন ধরনের **স্পেশালাইজড ট্রান্সপোর্টেশন অ্যাকোমোডেশন** এর জন্য মেডিকেল ডকুমেন্ট বা চিকিৎসার কাগজপত্র লাগবে। প্রাথমিক সামাজিক ইতিহাস বৈঠকের সময় আপনাকে এ তথ্য অবহিত করা হবে। বিশেষায়িত যানবাহনের মধ্যে রয়েছে সীমিত সময় ভ্রমণ, পরিবহণ আধাপেশাদার, নার্স এবং চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতি।

আপনাকে **'রিকোয়েস্ট ফর মেডিকেল অ্যাকোমডেশন টু বি কমপ্লিটেড বাই ট্রিটিং ফিজিশিয়ান ফরম'** পূরণ করতে দেয়া হবে যা আপনার চিকিৎসককে পূরণ করতে হবে। আপনাকে **'অথরাইজেশন ফর রিলিজ অব হেল্‌থ ইনফরমেশন পারসুয়েন্ট টু এইচআইপিপিএ ফরম'** দেয়া হবে যা আপনাকে পূরণ করে আইইপি দলের কাছে জমা দিতে হবে।

স্পেশালাইজড ট্রান্সপোর্টেশন এর জন্য অনুরোধ

পরিবহন সংস্থানের জন্য চিকিৎসকের কাছ থেকে বর্তমান শারীরিক অবস্থা সম্পর্কিত কাগজপত্র সংগ্রহ করতে হবে যাতে বলা থাকবে আপনার সন্তানের শারীরিক অবস্থা কেমন এবং কেন তার এ ধরনের পরিবহন দরকার। যেমন, আপনি যদি স্বল্পসময়ের জন্য বাস পরিষেবা বা শীতাতপনিয়ন্ত্রিত বাস পরিষেবার জন্য অনুরোধ জানান তাহলে আপনাকে এ অনুরোধের সাথে অবশ্যই আপনার সন্তানের শারীরিক অবস্থা এবং তার কেন এ পরিষেবা প্রয়োজন তার ব্যাখ্যা থাকতে হবে। সংস্থান অনুমোদনের জন্য বাৎসরিক মূল্যায়ন অথবা বাধ্যতামূলক ত্রি-বার্ষিক মূল্যায়নের সময়ে আপনার সন্তানের ডাক্তারকে অবশ্যই **বাৎসরিক ভিত্তিতে** এই নথি পেশ করতে হবে।

সীমিত সময় পরিবহন, ব্যক্তিগত পরিবহন প্যারাপ্রফেশনাল, নার্স এবং চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতির সুপারিশগুলো একজন ডাক্তার পর্যালোচনা করে দেখবেন। এ পর্যালোচনার আলোকে আইইপি দলের বৈঠকের আগে ডাক্তার আইইপি দলের কাছে সুপারিশমালা পেশ করবেন। ডাক্তার মূল চিকিৎসা সংক্রান্ত সুপারিশে পরিবর্তন আনার সুপারিশও করতে পারেন।

আইইপি দল যদি এই সিদ্ধান্তে উপনীত হয় যে আপনার সন্তানের বিশেষায়িত পরিবহন প্রয়োজন তাহলে তার কী ধরনের সংস্থান(সমূহ) প্রয়োজন আইইপিতে তার উল্লেখ থাকতে হবে।

অতিরিক্ত বিশেষ শিক্ষা পরিষেবা

প্যারাপ্রফেশনাল পরিষেবা – কিছু প্রতিবন্ধী শিক্ষার্থীর ব্যবস্থাপনা চাহিদা পূরণে এবং তারা যাতে শিক্ষানির্দেশনা থেকে উপকৃত হতে পারে সেজন্য স্কুল দিবসের পুরো অথবা কিছু অংশে প্যারাপ্রফেশনালের সহায়তা পরিষেবার প্রয়োজন হতে পারে। অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত কারণে প্যারাপ্রফেশনাল নিয়োগ করা যেতে পারে:

- আপনার সন্তানের আচরণ যদি তার নিজের বা অন্যদের জন্য বিপদজনক হয় তাহলে তাকে এ ক্ষেত্রে সাহায্য করতে;
- আরো নিষেধাত্মক পরিবেশে শিক্ষানির্দেশনা লাভের জন্য আপনার সন্তান অপেক্ষমাণ থাকা অবস্থায় তাকে সাহায্য করতে;
- স্কুলে যাতায়াতের সময় স্কুল বাসে আপনার সন্তানের আচরণ যদি তার ও অন্যদের জন্য বিপদজনক হয়।

শিক্ষার্থীকে পরিবেশের সাথে পরিচিত করা বা চলাচলে সাহায্য করা, স্বাস্থ্যসেবা দেয়া, টয়লেট ব্যবহারে সহায়তা করা এবং আরো অন্যান্য কারণে সাহায্য করার জন্য প্যারাপ্রফেশনালদের সাংকেতিক ভাষার অনুবাদক, মৌখিক দোভাষী অথবা অঙ্গাভঙ্গির মাধ্যমে অর্থবোধক ভাষার অনুবাদক হিসেবে দায়িত্ব দেয়া যেতে পারে।

শ্রেণির ও বাড়ির কাজ বোঝা, পাঠদান আরো কার্যকর করা এবং ক্ষুদ্র দলগত শিক্ষানির্দেশনার সাথে আপনার সন্তানকে মানিয়ে নিতে সহায়তা দেয়ায় সাহায্য করার জন্য সাধারণ শিক্ষার ক্লাসরুমে নিযুক্ত প্যারাপ্রফেশনালের সহায়তা প্রয়োজন হতে পারে। আপনার সন্তানের সবসময় একই ধরনের সহায়তা প্রয়োজন নাও হতে পারে। যেমন, তার হয়ত গণিত ক্লাসে সহায়তা প্রয়োজন হল কিন্তু সারাদিন আর কোন ক্লাসেই অতিরিক্ত সহায়তার প্রয়োজন হল না। সাধারণ শিক্ষার ক্লাসে সহায়তা ও সম্পূরক পরিষেবা হিসেবে প্যারাপ্রফেশনালদের সাহায্য সম্পর্কে আপনার সন্তানের আইইপি-তে অবশ্যই উল্লেখ থাকতে হবে। দিনে বা সপ্তাহে কতটি ক্লাসে আপনার সন্তানের সহায়তা প্রয়োজন, তার আইইপি-তে তা অবশ্যই সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। মিডল বা হাই স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে কোন্ বিষয়ের ক্লাস চলাকালে আপনার সন্তানের প্যারাপ্রফেশনালের সহায়তা প্রয়োজন তার আইইপিতে অবশ্যই নির্দিষ্ট করে তা উল্লেখ করতে হবে।

সহায়ক প্রযুক্তির যন্ত্র ও পরিষেবা – সহায়ক প্রযুক্তি হল এমন ধরনের সরঞ্জাম, দ্রব্য বা ব্যবস্থা যা কোন প্রতিবন্ধী শিক্ষার্থীর কর্মক্ষমতা বৃদ্ধি করতে, বজায় রাখতে বা উন্নত করতে ব্যবহৃত হয় (যেমন যোগাযোগের যন্ত্র, এফএম ইউনিট, কম্পিউটার)। সহায়ক প্রযুক্তি পরিষেবা হল সেই পরিষেবা যা কোন প্রতিবন্ধী শিক্ষার্থীকে সহায়ক প্রযুক্তির যন্ত্র নির্বাচন, লাভ ও ব্যবহার করতে সরাসরি সাহায্য করে। আপনার সন্তানের কোন সহায়ক যন্ত্র বা পরিষেবার প্রয়োজন থাকলে তার আইইপি-তে তা অবশ্যই উল্লেখ করতে হবে। আপনি যদি মনে করেন আপনার সন্তানের সহায়ক পরিষেবা প্রয়োজন তাহলে আপনি সহায়ক পরিষেবা মূল্যায়নের জন্য আবেদন জানাতে পারেন।

অভিযোজিত শরীরচর্চা শিক্ষা – অভিযোজিত শরীরচর্চা শিক্ষা কর্মসূচি হল বিশেষভাবে তৈরি একটি কর্মসূচি। যেসব শিক্ষার্থী নিয়মিত শরীরচর্চা শিক্ষা কর্মসূচিতে নিরাপদে বা সফলভাবে অংশগ্রহণ করতে পারে না তাদের জন্য এটি প্রণয়ন করা হয়েছে। এতে শিক্ষার্থীদের আগ্রহ, সামর্থ্য ও সীমাবদ্ধতার কথা বিবেচনা করে বিকাশমূলক কর্মকাণ্ড, গেমস, খেলাধুলা এবং নাচ-গানের ব্যবস্থা থাকে। আপনার সন্তান যখন প্রতিবন্ধিতার কারণে নিয়মিত শরীরচর্চা শিক্ষার ক্লাসের কর্মকাণ্ডগুলো করতে পারে না তখনই তার জন্য অভিযোজিত শরীরচর্চা শিক্ষা ক্লাসের সুপারিশ করা হয়।

বার মাস স্কুলবর্ষ পরিষেবা – আপনার সন্তান যাতে খুব বেশি পিছিয়ে না পড়ে সেজন্য তার বারমাস স্কুল বর্ষ পরিষেবা প্রয়োজন হলে তাকে তা প্রদান করা হতে পারে।

টয়লেট ট্রেনিং – আপনার সন্তান যাতে নিজে নিজে টয়লেট ব্যবহার করতে পারে সেজন্য তাকে তৈরি করতে এটি একটি স্বল্পমেয়াদি শিক্ষানির্দেশনা পরিষেবা । একজন প্যারাপ্রফেশনাল এ কর্মসূচির জন্য সময়সূচি তৈরি করেন, শিক্ষানির্দেশনা প্রদান করেন এবং শিক্ষার্থীকে সাহায্য করেন।

পিতামাতা পরামর্শ পরিষেবা ও প্রশিক্ষণ – আপনার সন্তানের বিশেষ চাহিদা বুঝতে যদি পিতামাতা হিসেবে আপনার সাহায্য প্রয়োজন হয় তাহলে আপনার সন্তানের বিকাশ সম্পর্কে পিতামাতা পরামর্শ পরিষেবা ও প্রশিক্ষণ আপনাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে পারে। আপনার সন্তান যদি ৮:১:১, ৬:১:১ এবং ১২:১:৪ অনুপাতের বিশেষ ক্লাসে অধ্যয়ন করে থাকে তাহলে তার কর্মসূচির অংশ হিসেবে পিতামাতা পরামর্শ পরিষেবা ও প্রশিক্ষণ প্রদান করা হয়। এটি বয়স্ক পরামর্শ পরিষেবা নয় এবং আপনার ব্যক্তিগত বা শিক্ষাগত চাহিদা পূরণের জন্য এটি প্রদান করা হয় না।

ট্রাভেল ট্রেনিং – ট্রাভেল ট্রেনিংয়ের আওতায় দৃষ্টি ও শ্রবণ প্রতিবন্ধী ছাড়া হাই স্কুলের অন্যান্য প্রতিবন্ধী শিক্ষার্থীর বাড়ি থেকে অন্যকোন স্থানে (সাধারণত স্কুল বা কর্মক্ষেত্রে) যাবার সময় পাবলিক ট্রান্সপোর্টেশনে নিজে নিজে নিরাপদে যাতায়াতের ওপর স্বল্পমেয়াদি, সমন্বিত ও বিশেষভাবে প্রণীত শিক্ষা নির্দেশনা প্রদান করা হয়।

ক্রান্তিকালীন সহায়তা পরিষেবা – ক্রান্তিকালীন সহায়তা পরিষেবা যেমন পরামর্শ এবং/বা প্রশিক্ষণ আপনার সন্তানের সাথে যেসব কর্মীরা কাজ করেন তাদেরকে স্বল্পসময়ের জন্য দেয়া হতে পারে যখন আপনার সন্তান স্ব-নিয়ন্ত্রিত বিশেষ ক্লাস থেকে সাধারণ শিক্ষার ক্লাসে বা কম নিষেধাত্মক শ্রেণিকক্ষে স্থানান্তরিত হয়।

সেকশন ৫

আইইপি তৈরির পর: আইইপি দলের বৈঠকে ভর্তি প্রক্রিয়া এবং পরিষেবার ব্যবস্থা করা

আইইপি দলের বৈঠক সম্পন্ন হওয়ার আগে আপনার সন্তানের বর্তমান পাবলিক স্কুলে বিদ্যমান কর্মসূচি এবং আপনার সন্তান সেখানে থাকবে কি-না সে বিষয়ে অবশ্যই আলোচনা করতে হবে।

আপনার সন্তান তার বর্তমান স্কুলে থাকবে যদি সে:

- তার বর্তমান কর্মসূচিতে থাকে;
- কেবল সংশ্লিষ্ট পরিষেবা গ্রহণের জন্য সুপারিশ করা হয়;
- সংশ্লিষ্ট পরিষেবাসহ বা ব্যতীত স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (এসইটিএসএস) গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

আপনার সন্তানকে যদি স্পেশাল ক্লাস বা কোলাবোরেটিভ টিম টিচিং/ইন্টেগ্রেটেড কো-টিচিং কর্মসূচিতে অংশগ্রহণ করার সুপারিশ করা হয় এবং এসব কর্মসূচি আপনার সন্তানের বর্তমান স্কুলে যদি না থাকে, তাহলে ডিস্ট্রিক্ট প্রতিনিধিকে অবশ্যই আপনার সন্তানের ডিস্ট্রিক্টের যেসব স্কুলে এই কর্মসূচি আছে সেসব স্কুলের সাথে আলোচনা করতে হবে।

আমার সন্তানের ভর্তির বিষয়ে যদি আমার দ্বিমত থাকে, তাহলে আমার আর কী কী বিকল্প আছে?
পৃষ্ঠা ৩৪ দেখুন

সুপারিশকৃত স্কুলের কর্মসূচি পরিদর্শনের অধিকার রয়েছে পিতামাতাদের।



আপনার সন্তান তার বর্তমান স্কুলে থাকুক বা নতুন স্কুলে ভর্তি হোক, আইইপি দলের বৈঠক শেষ হওয়ার আগেই সম্ভাব্য ক্লাস সম্পর্কে বিস্তারিত তথ্য আপনাকে দিতে হবে। আপনার সন্তানকে যদি স্পেশাল ক্লাস বা কোলাবোরেটিভ টিম টিচিং/ইন্টেগ্রেটেড কো-টিচিং কর্মসূচিতে অংশগ্রহণ করার সুপারিশ করা হয় এবং তার বর্তমান স্কুলে যদি সে ব্যবস্থা না থাকে, তাহলে আপনার সন্তানের ডিস্ট্রিক্টের যেসব স্কুলে এই কর্মসূচি আছে সেসব স্কুল সম্পর্কে তথ্য আপনার সাথে অবশ্যই আলোচনা করতে হবে। স্কুলগুলোর মধ্যে কোনোটির ব্যাপারে যদি আপনার অগ্রাধিকার থাকে, তাহলে আপনি ডিস্ট্রিক্ট প্রতিনিধিকে জানাতে পারেন। তবে, এসব বিকল্পের কোনো একটি যে দেওয়াই হবে এমন কোনো নিশ্চয়তা নেই।

আইইপি দলের বৈঠকে যদি স্কুলের স্থান সম্পর্কে সিদ্ধান্ত হয়, তবে আপনি অনতিবিলম্বে আপনার পছন্দের ভাষায় **সুপারিশের চূড়ান্ত নোটিস পত্র** পাবেন। আপনার সন্তান যে স্কুলে তার আইইপি-তে সুপারিশকৃত বিশেষ শিক্ষা পরিষেবা পাবে তার নাম ও ঠিকানা এই নোটিসে থাকবে।

আপনার সন্তানের আইইপি-তে সুপারিশকৃত কর্মসূচি তার বর্তমান স্কুলে বা ভিন্ন স্কুলে যেখানেই অবস্থিত হোক না কেন তার আইইপি-তে সম্মতি প্রদানের আগে বা পরে পিতা/মাতা হিসেবে আপনার অধিকার রয়েছে সেই কর্মসূচি পরিদর্শন করার। পরিদর্শনের সময়সূচি নির্ধারণের জন্য আপনার উচিত **সুপারিশের চূড়ান্ত নোটিস পত্রে** উল্লিখিত ব্যক্তির সাথে যোগাযোগ করা।

আপনি যদি আইইপি দলের বৈঠকে উপস্থিত না থাকেন বা বৈঠকে যদি ভর্তির সিদ্ধান্ত না দেওয়া হয়, তাহলে আপনি ডাকযোগে আপনার পছন্দের ভাষায় **সুপারিশের চূড়ান্ত নোটিস পত্র** পাবেন।

বিশেষ শিক্ষা পরিষেবা শুরুর আগে আপনাকে অবশ্যই প্রাথমিক সম্মতি প্রদান করতে হবে।

যেসব শিক্ষার্থী কখনো বিশেষ শিক্ষা পরিষেবা পায়নি: প্রাথমিক সম্মতি

আপনার সন্তান যদি কখনো বিশেষ শিক্ষা পরিষেবা না পায়, তাহলে সুপারিশকৃত বিশেষ শিক্ষা পরিষেবা প্রদানের আগে অবশ্যই আপনার সম্মতি লাগবে। **সুপারিশের চূড়ান্ত নোটিস পত্রের** নিচের দিকে আপনাকে সম্মতিপ্রদান ও তা উল্লিখিত ঠিকানায় ফেরত প্রদানের কথা বলা হবে। আপনি সম্মতি না দিলে সুপারিশকৃত পরিষেবা ছাড়াই আপনার সন্তান সাধারণ শিক্ষায় থাকবে।

যেসব শিক্ষার্থী বিশেষ শিক্ষা পরিষেবা পাচ্ছে

নতুন আইইপি দলের বৈঠকের ফলে আপনার সন্তানের সুপারিশকৃত বিশেষ শিক্ষা পরিষেবায় কোনো পরিবর্তন হলে আপনাকে তা **সুপারিশের চূড়ান্ত নোটিস পত্রে** জানানো হবে। যেসব শিক্ষার্থী ইতিমধ্যেই বিশেষ শিক্ষায় আছে, তাদের ব্যাপারে পুনরায় সম্মতি নেওয়া আবশ্যক নয়।

আপনি যদি সুপারিশের সাথে একমত হন, তাহলে আপনার উচিত **সুপারিশের চূড়ান্ত নোটিস পত্রে** স্বাক্ষর করে উল্লিখিত ঠিকানায় ফেরত পাঠিয়ে দেওয়া। সেক্ষেত্রে আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা পরিষেবার ব্যবস্থা করা হবে এবং আপনার কাছে একটি **উপস্থিতির অনুমোদন পত্র** পাঠানো হবে। এই নোটিসে নতুন পরিষেবা শুরুর তারিখ উল্লেখ থাকবে।

পরিষেবা ব্যাপারে আপনার যদি ভিন্নমত থাকে, তাহলে আপনার উচিত ডিওই-র সাথে যোগাযোগ করে আপনার ভিন্নমত সমাধানের চেষ্টা করা। আপনি যদি ডিওই-র সাথেও সমঝোতায় পৌঁছুতে না পারেন, তাহলে আপনার অধিকার রয়েছে মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ জানানো। মধ্যস্থতা, নিরপেক্ষ শুনানি, বা আপিল প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে, নিরপেক্ষ শুনানি কর্মকর্তা নির্ধারিত বা অন্য কোনো আপিল সম্পন্ন না হওয়া পর্যন্ত আপনার সন্তানের পরিষেবার পরিবর্তন নাও হতে পারে।

বিশেষ শিক্ষা পরিষেবার সম্মতি প্রত্যাহার করে নেওয়া

বিশেষ শিক্ষা পরিষেবার ব্যাপারে সম্মতি প্রদানের পর আপনার সন্তানের আইইপিতে উল্লিখিত বিশেষ শিক্ষা পরিষেবার বিষয়ে আপনি আপনার সম্মতি প্রত্যাহার করে নিতে পারেন। *তবে এ অনুরোধ অবশ্যই লিখিতভাবে জানাতে হবে।* আপনি যখন সম্মতি প্রত্যাহার করে নেবেন তখন তা আপনার সন্তানের আইইপিতে উল্লিখিত সব বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট সহায়তা পরিষেবার জন্য হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে বিশেষায়িত পরিবহন, সহায়ক প্রযুক্তি, কর্মসূচি সংশোধন, পরীক্ষা সংগতিপূর্ণ করা এবং সংশোধিত উত্তীর্ণের মানদণ্ডর প্রয়োজনীয়তা। যেসব শিক্ষার্থীর জন্য বিকল্প মূল্যায়নের সুপারিশ করা হয়েছে তারা আর বিকল্প মূল্যায়ন কর্মসূচিতে অংশগ্রহণের যোগ্য থাকবে না। আপনি বিশেষ শিক্ষা কর্মসূচি ও সংশ্লিষ্ট পরিষেবার অংশ বিশেষ থেকে সম্মতি প্রত্যাহার করে নিতে পারবেন না। যেসব ক্ষেত্রে আপনি আইইপি-র কেবল কিছু পরিষেবার ব্যাপারে একমত না হন, তখন শিক্ষার্থীর আইইপি পর্যালোচনার জন্য আইইপি দলের বৈঠক আয়োজন করা যেতে পারে বা এ দলিলের ৩৬ পৃষ্ঠায় প্রদত্ত আইনগত প্রক্রিয়াও আপনি নুসরণ করতে পারেন।

আপনার কাছ থেকে বিশেষ শিক্ষা পরিষেবা জন্য আপনার সম্মতি প্রত্যাহার করে নেবার লিখিত নোটিস পাবার ১০ ক্যালেন্ডার দিবসের মধ্যে স্কুল বা সিএসই অফিস (যেসব শিক্ষার্থীরা স্কুলে পড়ছে না, বেসরকারি স্কুলে পড়ছে, ধর্মীয় স্কুলে পড়ছে এবং চার্টার স্কুলে পড়ছে তাদের জন্য) আপনাকে অবশ্যই একটি সম্পন্ন করা **পিতামাতার সম্মতি প্রত্যাহারের জন্য বিশেষ শিক্ষা পরিষেবার সমাপ্তি নোটিস** পাঠাবে। নোটিসটি অবশ্যই আপনার পছন্দনীয় ভাষায় হতে হবে। এ নোটিসে থাকবে আপনার সন্তান অতি সম্প্রতি যে বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করছিল এবং আর লাভ করবে না তার রূপরেখা। যে ধরনের সাধারণ শিক্ষা ব্যবস্থায় আপনার সন্তান অধ্যয়ন করবে তা নোটিসে উল্লেখ থাকবে। এতে আপনার কাছে ব্যাখ্যা করা হবে যে যেকোন ধরনের শাস্তিমূলক/সাময়িক বহিষ্কার ব্যবস্থাসহ আপনার সন্তানকে সবসময়ের জন্যই সাধারণ শিক্ষার শিক্ষার্থী হিসেবে বিবেচনা করা হবে এবং আপনার সন্তানের জন্য আর কোন আইইপি দলের বৈঠক অনুষ্ঠিত হবে না। নোটিসে একজন ব্যক্তির নাম দেয়া থাকবে আপনার কোন উদ্বেগ বা প্রশ্ন থাকলে আপনি যার সাথে যোগাযোগ করবেন।

যখন কোন পিতামাতা বিশেষ শিক্ষা পরিষেবা থেকে তাদের সম্মতি প্রত্যাহার করে নেন, তখন স্কুল বা সিএসই অফিসের আপনার সন্তানের জন্য আইইপি দলের বৈঠক আহ্বানের ও আইইপি প্রণয়নের কোন আবশ্যকতা নেই। অধিকন্তু স্কুলের বা সিএসই অফিসের আপনার সন্তানের শিক্ষার রেকর্ড থেকে তার বিশেষ শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবা লাভের সুপারিশ মুছে ফেলে তা সংশোধনেরও প্রয়োজন নেই যেহেতু সম্মতি প্রত্যাহার করে নেয়া হয়েছে।

অনুগ্রহ করে মনে রাখবেন স্কুল বা সিএসই অফিস আপনার সন্তানকে আপনার সম্মতি ছাড়া পরিষেবা প্রদানের পক্ষে রায় পাবার জন্য আইনগত প্রক্রিয়া (অর্থাৎ মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানির প্রক্রিয়া) ব্যবহার *না*ও করতে পারে।

ভর্তির সময়সীমা

আইইপি-র সুপারিশ অনুসারে নিম্নলিখিতভাবে ডিওই আপনার সন্তানের ভর্তির ব্যবস্থা করবে:

- বিশেষ শিক্ষার জন্য প্রাথমিক রেফারেলের (প্রথমবার) ক্ষেত্রে আপনার সন্তানকে মূল্যায়নের জন্য আপনার সম্মতি লাভের **৬০ স্কুল দিবসের** মধ্যে;
- আপনার সন্তান যদি ইতিমধ্যেই বিশেষ শিক্ষা সহায়তা পেয়ে থাকে তাহলে পুনর্মূল্যায়নের জন্য রেফারেল পাবার তারিখ থেকে **৬০ স্কুল দিবসের** মধ্যে।

আপনার সন্তানের যদি বিশেষ শিক্ষা ক্লাসের প্রয়োজন হয় এবং আপনি যদি সম্মতি বা রেফারেল প্রদানের ৬০ স্কুল দিবসের মধ্যে ওই স্কুল বর্ষে বা পনেরই আগস্টের মধ্যে আসন্ন স্কুল বর্ষে ভর্তির জন্য **সুপারিশের চূড়ান্ত নোটিস পত্র** না পান, তাহলে আপনি **পি-১আর** পত্র পাবেন। এর মাধ্যমে আপনার সন্তান ডিওই-র খরচে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি দিবা স্কুলে পড়ার অধিকার লাভ করবে। যোগ্যতার নোটিসের সাথে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি দিবা স্কুলের তালিকা থাকবে। বেসরকারি স্কুলে সাক্ষাৎকার প্রদানের সময় আপনাকে অবশ্যই **পি-১**আর চিঠি এবং আপনার সন্তানের সর্বসাম্প্রতিক আইইপি-র কপি সাথে নিয়ে আসতে হবে।

আপনি যদি মূল্যায়ন, রেফারেল এবং/বা ভর্তির প্রক্রিয়া অকারণে বিলম্বিত করেন তাহলে সময়সীমা সে অনুসারে পরিবর্তন করা হবে।

আপনার সন্তান একবার নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত বেসরকারি দিবা স্কুল কর্তৃক গৃহীত হবার পর আপনাকে ও বেসরকারি স্কুলকে **পি-২ লেটার** স্বাক্ষর করতে বলা হবে। আপনার স্বাক্ষর নির্দেশ করবে যে আপনি বেসরকারি স্কুলে ভর্তির ব্যাপারে সম্মতি দিচ্ছেন এবং বেসরকারি স্কুল প্রতিনিধির স্বাক্ষর নির্দেশ করবে যে স্কুল আপনার সন্তানের আইইপি-তে উল্লিখিত শিক্ষাগত ও সংশ্লিষ্ট পরিষেবা প্রদান করতে সম্মত আছে। অনুমোদন লাভের পর আপনি একটি **সুপারিশের চূড়ান্ত নোটিস পত্র** পাবেন, যা আপনার সন্তানের ভর্তি চূড়ান্ত করবে। আপনার যদি এ প্রক্রিয়া সম্পর্কে কোন প্রশ্ন থাকে বা সাহায্যের প্রয়োজন হয় তাহলে **পি-১আর** চিঠির নিচে প্রদত্ত প্রতিনিধিদের সাথে যোগাযোগ করুন।

স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (এসইটিএসএস) বন্দোবস্ত করা

যদি আপনার সন্তানের স্কুলে এইসব পরিষেবা প্রদানের জন্য ডিওই-র কোন শিক্ষক না থাকে, তাহলে সিইটিএসএস-এর (**যাকে বলা হয় পি-৩ কর্তৃত্বপ্রদান**) কর্তৃত্ব প্রদানের জন্য একটি চিঠি ইস্যু করা হবে। **পি-৩** এর মাধ্যমে আপনি *বিনা খরচে* একজন যথাযথ ভাবে অনুমোদন বা লাইসেন্সপ্রাপ্ত স্বাধীন পরিষেবা প্রদানকারী চিহ্নিত করতে পারবেন। আপনার যদি কোন প্রশ্ন থাকে বা আপনি যদি এসইটিএসএস সেবা প্রদানকারী চিহ্নিত করতে না পারেন তাহলে সাহায্যের জন্য ডিওই-তে আপনি কার সাথে যোগাযোগ করবেন সে সম্পর্কেও আপনাকে তথ্য দেয়া হবে।

কোলাবোরেটিভ টিম টিচিং/ইন্টিগ্রেটেড কো-টিচিং (সিটিটি/আইসিটি)

আপনার সন্তানের সিটিটি/আইসিটি পরিষেবা লাভের জন্য যদি সুপারিশ করা হয় এবং রেফারেল পাবার **৬০ স্কুল দিবসের** মধ্যে যদি আপনাকে এ পরিষেবা প্রদান করা না হয় *এবং* আপনার সন্তান যদি বর্তমানে কম নিষেধাত্মক পরিবেশে থাকে (যথা সাধারণ শিক্ষা, এসইটিএসএস, কেবল সংশ্লিষ্ট পরিষেবা), **তাহলে** ডিওই বিকল্প ব্যবস্থা হিসেবে আপনার সন্তানের বর্তমান স্কুলে দিনে দুই পিরিয়ড এসইটিএসএস (যথা, বহুবিধ এসইটিএসএস) পরিষেবার ব্যবস্থা করবে।

যদি বহুবিধ এসইটিএসএস আপনার সন্তানের বর্তমান স্কুলে না থাকে, তাহলে আপনাকে কর্তৃত্বপ্রদান করে **পি-৩** চিঠি পাঠানো হবে যাতে আপনি বিনা খরচে দিনে দুই পিরিয়ডের পিএসটিএসএস ক্লাস নেবার জন্য একজন স্বাধীন যথাযথভাবে অনুমোদনপ্রাপ্ত পরিষেবাদানকারী পান। আপনার যদি কোন প্রশ্ন থাকে বা আপনি যদি পরিষেবা প্রদানকারী চিহ্নিত করতে না পারেন তাহলে সাহায্যের জন্য ডিওই-তে আপনি কার সাথে যোগাযোগ করবেন সে সম্পর্কেও আপনাকে তথ্য দেয়া হবে।

সংশ্লিষ্ট সেবার ব্যবস্থা করা

ডিওই তার একজন কর্মীকে সংশ্লিষ্ট পরিষেবা প্রদানের জন্য নিয়োগ করবে। যদি ডিওই-র কোন কর্মীকে না পাওয়া যায় তাহলে ডিওই-র সাথে চুক্তি রয়েছে এমন কোন সংস্থার কর্মীর মাধ্যমে এ ব্যবস্থা করা হবে।

যে ক্ষেত্রে ডিওই বা চুক্তিবন্ধ সংস্থা কারো কর্মীই পাওয়া যাবে না, সেক্ষেত্রে আপনাকে একটি **রিলেটেড সার্ভিসেস অথরাইজেশন (আরএসএ)** ইস্যু করা হবে। আরএসএ-এর মাধ্যমে আপনি *বিনা খরচে* একজন স্বাধীন যথাযথভাবে অনুমোদনপ্রাপ্ত সেবাদানকারী পাবেন। আপনাকে বর্তমান স্বাধীন সেবাদানকারীদের সম্পর্কে, আরএসএ কীভাবে ব্যবহার করবেন সে সম্পর্কে নির্দেশনা দেয়া হবে এবং আপনার যদি কোন প্রশ্ন থাকে বা আপনি যদি পরিষেবা প্রদানকারী চিহ্নিত করতে না পারেন তাহলে সাহায্যের জন্য ডিওই-তে আপনি কার সাথে যোগাযোগ করবেন সে সম্পর্কেও আপনাকে তথ্য দেয়া হবে।

ইএসএল পরিষেবার ব্যবস্থা করা

আপনার সন্তানের জন্য যদি দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি পরিষেবার (ইএসএল) সুপারিশ করা হয় ডিওই একজন ডিওই ইএসএল শিক্ষক নিয়োগ করবে। যদি ডিওই ইএসএল শিক্ষক না পাওয়া যায়, ইএসএল পরিষেবার জন্য একটি কর্তৃত্ব প্রদানপত্র (**ইএসএল অথরাইজেশন পত্র**) ইস্যু করা হবে। এর মাধ্যমে আপনি *বিনা খরচে* একজন স্বাধীন যথাযথভাবে অনুমোদনপ্রাপ্ত ইএসএল পরিষেবাদানকারী পাবেন। ইএসএল কর্তৃত্ব প্রদানপত্রে কতদিন পর পর এবং কতদিন ধরে পরিষেবা প্রদান করা হবে তার উল্লেখ থাকবে। আপনার যদি কোন প্রশ্ন থাকে বা আপনি যদি সেবা প্রদানকারী চিহ্নিত করতে না পারেন তাহলে সাহায্যের জন্য ডিওই-তে আপনি কার সাথে যোগাযোগ করবেন সে সম্পর্কেও আপনাকে তথ্য দেয়া হবে।

যানবাহনের ব্যবস্থা করা

আপনার সন্তানের জন্য যদি বিশেষ শিক্ষা পরিষেবার সুপারিশ করা হয়ে থাকে তাহলে সে বাড়ি থেকে স্কুলে যাতায়াতের জন্য যানবাহন পাবার যোগ্যও হবে।

আপনার সন্তানকে যদি আপনার মহল্লার কোন স্কুলে বিশেষ শিক্ষা পরিষেবা লাভের জন্য সুপারিশ করা হয়, তাহলে হয়ত সে হেঁটেই স্কুলে যেতে পারবে। স্কুল থেকে আপনার বাড়ির দূরত্বের ওপর নির্ভর করে আপনার সন্তানের জন্য সাধারণ শিক্ষার ইয়েলো বাস পরিষেবা (অর্থাৎ স্টপেজ থেকে স্টপেজে) বা পাবলিক ট্রান্সপোর্টেশন ব্যবহারের জন্য নিউ ইয়র্ক সিটি মেট্রোকার্ড দেয়া হবে। যদি তারা সক্ষম হয়, বিশেষ শিক্ষা পরিষেবা পাচ্ছে এমন জুনিয়র হাই স্কুল বা হাই স্কুলের শিক্ষার্থী হয় তাহলে সাধারণভাবে ধরে নেয়া হয় যে তারা পাবলিক ট্রান্সপোর্টেশন ব্যবহার করবে।

বিশেষায়িত পরিবহনের (বাড়ি বাড়ি) জন্য সকল সুপারিশ আইইপি দল নির্ধারণ করে থাকে। সীমিত সচলতাসম্পন্ন, শারীরিক/অস্থিবিকৃতিরোগে প্রতিবন্ধী বা অন্যান্য স্বাস্থ্য প্রতিবন্ধীদের জন্য সাধারণত বাড়ি বাড়ি বাস পরিষেবার প্রয়োজন হয়। আপনার সন্তানের যদি বাড়ি বাড়ি বাস পরিষেবার প্রয়োজন হয় তাহলে তার আইইপি-তে এর উল্লেখ থাকবে। যত দ্রুত সম্ভব বাস পরিষেবার ব্যবস্থা করা হবে। তবে সাধারণত এর জন্য পাঁচদিনের বেশি সময় লাগে না। বাস পরিষেবা শুরু হবার তারিখ জানিয়ে অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশন (ওপিটি) আপনাকে লিখিত নোটিস পাঠাবে। আপনি যদি ওপিটি থেকে কোন নোটিস না পান তাহলে সাহায্যের জন্য **718-392-8855** হটলাইনে ফোন করুন।

যদি ডিপার্টমেন্ট সম্মতি লাভের তারিখ থেকে সুপারিশকৃত স্কুলের জন্য বাস পরিষেবার ব্যবস্থা করতে না পারে, তাহলে আপনার সন্তানকে স্কুল থেকে আনা নেয়ার জন্য বিকল্প যানবাহনের ব্যবস্থা করা হবে। এ ধরনের পরিস্থিতি দেখা দিলে আপনি একটি চিঠি ও ভ্রমণের ব্যয় পরিশোধের ফরম পাবেন। মূল্যায়নের জন্য সম্মতি প্রদানের সময় আপনি যে।

রেকর্ডের গোপনীয়তা ফরম

স্বাক্ষর করেছিলেন তাতে বলা হবে রেকর্ড প্রকাশের জন্য আপনাকে স্বাক্ষর করতে যাতে আইইপি দল বাইরের সংস্থা বা ডাক্তারের কাছ থেকে মেডিকেল রেকর্ড নিতে পারে যা আপনার সন্তানের মূল্যায়নের জন্য গুরুত্বপূর্ণ। যদিও এই রিলিজ ফরমে আপনার স্বাক্ষর করার বাধ্যবাধকতা নেই, তারপরও আইইপি টিম আপনার সন্তানের চাহিদা আরো ভালোভাবে বোঝার জন্য যাতে বাইরের সংস্থা বা ডাক্তারদের কাছ থেকে রেকর্ড সংগ্রহ করতে পারে সেজন্য ডিওই আপনার অনুমতি চাইবে।

সব মূল্যায়ন হবে লিখিত এবং তা শিক্ষার্থীর সরকারি স্কুল ও সিএসই অফিসে অফিসিয়াল ফাইলে/দাপ্তরিক নথিতে রাখা হবে। এ ফাইলের তথ্য *গোপনীয়* এবং আপনার অনুমতি ছাড়া বা আপনার সন্তানের তথ্য প্রকাশের জন্য আদালতের আদেশ ব্যতীত বাইরের কোন এজেন্সি বা ব্যক্তির কাছে তা প্রকাশ করা হবে না। স্কুলের যেসব কর্মী আপনার সন্তানের সাথে কাজ করে কেবল তারাই তা দেখতে পাবে।

আপনার সন্তানের মূল্যায়ন এবং প্রতিবেদন গোপনীয়।

রেকর্ডে প্রবেশাধিকার

আপনার সন্তানের জন্য আয়োজিত আইইপি দলের বৈঠকের আগে বিবেচনার জন্য যেকোন প্রতিবেদন বা রিপোর্ট আপনি পাবেন। আপনার সন্তানের ফাইলে লিখিত ও সংরক্ষিত যেকোন মূল্যায়ন বা রেকর্ডের কপির জন্য অনুরোধ জানানোর অধিকার আপনার রয়েছে। আপনি স্কুলের কাছে অনুরোধ জানিয়ে বা আপনার সন্তান যদি বেসরকারি স্কুল বা চার্টার স্কুলে পড়ে থাকেন তাহলে সিএসই অফিসের চেয়ারপারসনের কাছে অনুরোধ জানিয়ে তা করতে পারেন। অনেকসময় পিতামাতারা তাদের সন্তানের রেকর্ডে যে বক্তব্য থাকে তার সাথে একমত হন না। এসব ক্ষেত্রে আপনার দ্বিমত রয়েছে এমন বিষয়ে আলোচনা করতে আপনি আপনার সন্তানের স্কুল বা সে যদি বেসরকারি বা চার্টার স্কুলে পড়ে থাকে তাহলে সিএসই অফিসের চেয়ারপারসনের সাথে আলোচনা করতে লিখিতভাবে অনুরোধ জানাতে পারেন।

এ ধরনের আলোচনার পর স্কুল বা সিএসই অফিস রেকর্ডের অংশবিশেষ বাদ দেয়ার সিদ্ধান্ত নিতে পারে। আপনার সন্তানের রেকর্ডে যেকোন পরিবর্তনের বিষয়ে আপনাকে জানানো হবে। যদি স্কুল বা সিএসই অফিস আপনি যে অংশটির বিষয়ে প্রশ্ন করেছেন তা বাদ দিতে অস্বীকৃতি জানায় বা আপনার প্রশ্নের সন্তোষজনক উত্তর বা সমাধান যদি আপনি না পান তাহলে রেকর্ডের যে অংশের বিষয়ে আপনি একমত নন সে সম্পর্কে স্কুল বা সিএসই অফিসের চেয়ারপারনের কাছে চিঠি লিখতে পারেন। স্কুল বা সিএসই অফিস আপনার সন্তানের ফাইলে এ চিঠিটি রেখে দেবে। ***আপনি চ্যান্সেলরের রেগুলেশন এ-৮২০ "শিক্ষার্থীর তথ্যের রেকর্ড গোপন ও প্রকাশের নীতি; রেকর্ড সংরক্ষণ।"***

পিতামাতার জন্য বিকল্প

আপনার সন্তানের পরিষেবার বিষয়ে সম্মতিদানের আগে পিতামাতা হিসেবে আপনার অধিকার ও দায়িত্ব হল আপনার সন্তানের আইইপি-তে যা লেখা আছে তা যে আপনি পুরোপুরি বুঝতে পেরেছেন তা নিশ্চিত করা। আইইপি-তে বর্ণিত আপনার সন্তানের শিক্ষার বিষয়ে স্কুলের সুপারিশের ব্যাপারে অনেকসময় আপনি একমত নাও হতে পারেন। আপনার সন্তানের যোগ্যতা, মূল্যায়ন, পরিষেবা ও ভর্তির বিষয়ে সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার অধিকার আপনার রয়েছে। আপনি যদি স্কুলের পদক্ষেপের বিষয়ে বা এসব ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণে অস্বীকৃতি জানানোর বিষয়ে দ্বিমত পোষণ করেন তাহলে আপনার সামনে নিম্নলিখিত বিকল্পগুলো রয়েছে:

মধ্যস্থতার জন্য আবেদন: মধ্যস্থতা করার সময় আপনি ও আইইপি দলের একজন সদস্য নিরপেক্ষ তৃতীয় পক্ষের সাথে আলোচনায় বসবেন যিনি আপনার ও ডিপার্টমেন্ট অব এডুকেশনের মধ্যে সমঝোতা প্রতিষ্ঠার জন্য সহায়তা ও উৎসাহ প্রদান করবেন। আপনার সন্তান যদি কোন বেসরকারি স্কুলে পড়ে থাকে তাহলে আপনি মধ্যস্থতার জন্য আপনার সন্তানের স্কুল বা সিএসই অফিসের কাছে অনুরোধ জানাতে পারেন।

নিরপক্ষে শুনানির জন্য আবেদন: পিতামাতা হিসেবে আপনি যাকে বলা হয় রিপেক্ষ শুনানির জন্য আবেদন করতে পারেন। এটি একটি আইনগত প্রক্রিয়া। নিরপেক্ষ শুনানির সময় আপনি একজন নিরপেক্ষ শুনানি অফিসারের (ডিওই-এর কর্মী নন) সামনে উপস্থিত হয়ে আপনার বক্তব্য তুলে ধরবেন। শুনানির অফিসার আপনার ও ডিওই প্রতিনিধির কথা শুনবেন, সাক্ষী ও দলিলপত্র থেকে প্রমান সংগ্রহ করবেন আপনি যে সমস্যাটি উত্থাপন করেছেন তা কিভাবে সমাধা করা সম্ভব তা লিখিতভাবে জানাবেন।

যখন কোন নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ জানানো হয় **"যথাস্থিত অবস্থা"** (অনেকসময় যাকে বলা হয় **"স্থগিত রাখা"**) কার্যকর হবে। এর অর্থ হল সমস্যাটি সমাধা না হওয়া অবধি অথবা আপনি ডিওই-এর সাথে কোন সমঝোতায় না পৌঁছানো পর্যন্ত যেকোন আইনগত প্রক্রিয়া চলাকালে আপনার সন্তান তার বর্তমান অবস্থানেই থাকবে।

পিতামাতাদের অধিকার আছে সন্তানের আইইপি-কে চ্যালেঞ্জ করার।

নিরপেক্ষ শুনানির জন্য অবশ্যই নিরপেক্ষ শুনানি অফিসে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে:

Office of Impartial Hearings
131 Livingston Street, Room 201
Brooklyn, New York 11201
(718) 935-3280

আপনাকে অবশ্যই:

- নিরপেক্ষ শুনানির অফিসকে লিখিতভাবে আবেদন অনুরোধ জানাতে হবে;
- আপনার উদ্বেগের কারণসমূহ এবং প্রস্তাবিত সমাধান বনর্ণা করুন;
- আপনার সন্তানের নাম ও ঠিকানা উল্লেখ করুন; এবং
- আপনার সন্তান যে স্কুলে পড়ে তার নাম উল্লেখ করুন।

একটি সুপারিশকৃত ফরম লেটার যা আপনি নিরপেক্ষ শুনানির অনুরোধ জানানোর জন্য ব্যবহার করবেন সিএসই অফিস বা নিরপেক্ষ শুনানির অফিসে তা পাওয়া যাবে। নিউ ইয়র্ক স্টেট অফিস ফর ভোকেশনাল ট্রেনিং এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা পরিষেবা অফিস থেকে সংগ্রহ করতে পারেন।

নিরপেক্ষ শুনানির আবেদন গৃহীত হবার পর প্রতিবিধানের প্রক্রিয়া

নিরপেক্ষ শুনানির জন্য আবেদন জানানোর ১৫ দিনের মধ্যে ডিওই আপনি নিরপেক্ষ শুনানির অনুরোধপত্রে যে সমস্যাটির কথা বর্ণনা করেছেন তা সমাধানের মীমাংসা বৈঠক আহবানের মাধ্যমে আপনার সাথে কাজ করবেন। এটা ঠিক মধ্যস্থতা নয়, তবে নিরপেক্ষ শুনানি প্রক্রিয়ার এটি একটি আবশ্যকীয় অংশ।

তিনটি ক্ষেত্রে কোন মীমাংসা বৈঠক অনুষ্ঠিত হবে না:

১. যদি আপনি ও ডিপার্টমেন্ট অব এডুকেশন *লিখিতভাবে* মীমাংসা বৈঠক না করার জন্য সম্মত হন, তাহলে নিরপেক্ষ শুনানি অফিসকে অবশ্যই তা জানাতে হবে এবং ১৪ ক্যালেন্ডার দিবসের মধ্যেই নিরপেক্ষ শুনানি অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।

২. আপনি যদি নিরপেক্ষ শুনানির জন্য আপনার অনুরোধ প্রত্যাহার করে নেন, তাহলে মীমাংসা বৈঠকের আর কোন প্রয়োজন হবে না।

৩. মীমাংসা বৈঠকের সময়সূচি নির্ধারণের জন্য যদি ডিপার্টমেন্ট অব এডুকেশন বার বার চেষ্টা করে এবং আপনি তাতে অংশ না নেন বা লিখিতভাবে মীমাংসা বৈঠক তুলে নেয়ার অনুরোধ না জানান এবং যদি এসবের প্রমাণ থাকে, তাহলে নিরপেক্ষ শুনানির অফিসকে তা জানাতে হবে এবং ডিওই-এর অধিকার রয়েছে আপনার আবেদন খারিজ করে দেবার।

নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ পাবার পর, শুনানির দিনতারিখ নির্ধারণের জন্য শুনানি অফিস ও ডিওই টেলিফোনে আপনার সাথে যোগাযোগ করবে। আপনি নিরপেক্ষ শুনানি প্রক্রিয়ার একটি পূর্ণাঙ্গ বিবরণ হাতে পাবেন এবং আপনাকে শুনানি অনুষ্ঠিত হবার তারিখ, সময় এবং স্থান সম্পর্কে অবহিত করা হবে। আপনি যদি শুনানিতে কোন এটর্নিকে আনতে চান, তাহলে শুনানির আগে এটর্নিকে অবশ্যই হাজিরা নোটিস নিরপেক্ষ শুনানি অফিসে পাঠাতে হবে। স্কুল কর্মীও নিরপেক্ষ শুনানির জন্য আবেদন জানাতে পারে। প্রয়োজন হলে একজন দোভাষও দেয়া হবে। শুনানির পর , যেখানে আপনি ও ডিপার্টমেন্ট অব এডুকেশনের কর্মী নিজ নিজ অবস্থানের পক্ষে যুক্তি তুলে ধরবেন এবং স্বাক্ষ্য-প্রমাণ উপস্থাপন করবেন, শুনানি অফিস লিখিতভাবে সিদ্ধান্ত জানাবে। সিদ্ধান্তের একটি কপি ডাকযোগে আপনার কাছে পাঠানো হবে।

শুনানি অফিসারের সিদ্ধান্ত পুরোপুরি শুনানিতে যে স্বাক্ষ্য-প্রমাণ উপস্থাপন করা হবে তার ওপর ভিত্তি করে হবে। এতে সিদ্ধান্ত গ্রহণের কারণ ও ভিত্তি উল্লেখ করতে হবে। সিদ্ধান্তে উল্লেখ করা হবে আপনার বা ডিপার্টমেন্টের এ সিদ্ধান্তের বিরুদ্ধে নিউ ইয়র্ক স্টেট রিভিউ অফিসারের কাছে আপিল করার অধিকার রয়েছে। আপনি যদি সিদ্ধান্ত পাবার তারিখ হতে ৩০ দিনের মধ্যে আপিল না করেন তাহলে সবপক্ষকে শুনানি অফিসারের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

স্টেট রিভিউ অফিসারের কাছে আপিল

মতানৈক্য দূর করার আরেকটি পদক্ষেপ হল নিউ ইয়র্ক স্টেট রিভিউ অফিসারের কাছে আপিল করা। আপিলের জন্য আবেদন করা একটি আইনগত প্রক্রিয়া। আইনজীবী আবশ্যক নয়, তবে আপিল করার সুনির্দিষ্ট প্রক্রিয়া রয়েছে এবং বিলম্ব বা মামলা খারিজের ঝুঁকি এড়াতে তা সঠিকভাবে অনুসরণ করা উচিত। **"নিউ ইয়র্ক স্টেটের ৩-২১ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য বিশেষ শিক্ষা: একটি পিতামাতা নির্দেশিকা"** নামক পুস্তিকার "আইনগত প্রক্রিয়ার অধিকার" শীর্ষক অংশে এ সম্পর্কিত তথ্য আছে।

আইনগত প্রক্রিয়া

আপনার সন্তানের বিনামূল্যে অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (এফএপিই) লাভের অধিকার এবং আপনার এর সাথে জড়িত হবার এবং তা পূর্ণাঙ্গভাবে বোঝার অধিকার নিশ্চিত করতে যে আইনসম্মত প্রক্রিয়া ব্যবহার করা হয় তাকেই আইনগত প্রক্রিয়া বলা হয়েছে। আইনগত প্রক্রিয়া নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করে:

সম্পূর্ণরূপে অবগত থাকার অধিকার: শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত প্রণয়ন প্রক্রিয়ায় আপনার অধিকার সম্পর্কে আপনাকে অবশ্যই আপনার পছন্দনীয় ভাষায় বা যোগাযোগ মাধ্যমের সাহায্যে যথাযথভাবে অবহিত করতে হবে।

যেসব ক্ষেত্রে আপনার সম্মতি প্রদানের প্রয়োজন রয়েছে এই প্যারেন্ট গাইডে তা লেখা রয়েছে। সম্মতি প্রদানের অর্থ হল আপনি যে পদক্ষেপের জন্য সম্মতি প্রদান করছেন সে সম্পর্কে সকল তথ্য আপনাকে আপনার পছন্দনীয় ভাষায় পুরোপুরি অবহিত করা হয়েছে এবং আপনি পদক্ষেপটি বুঝেছেন ও লিখিতভাবে আপনার সম্মতি প্রদান করেছেন এবং নোটিসে বলা হয়েছে যদি কোন রেকর্ড প্রকাশ করা হয় তাহলে কোন রেকর্ডটি প্রকাশ করা হবে এবং তা কার কাছে করা হবে। সম্মতি অর্থ হল আপনি স্বেচ্ছায় সম্মতি দিচ্ছেন এবং যেকোন সময় আপনি আপনার সম্মতি প্রত্যাহার করে নিতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন আপনার সম্মতিদানের পর ও তা প্রত্যাহার করে নেয়ার পূর্বে নেয়া কোন পদক্ষেপ আপনার সম্মতি প্রত্যাহার করে নেয়ার জন্য বাতিল করা হবে না।

অংশগ্রহণের অধিকার: আপনার অধিকার রয়েছে বৈঠকে উপস্থিত হয়ে ও অন্যান্যভাবে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করার যাতে আপনার মতামত বিবেচিত হয়। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে আপনার সন্তানের সম্পর্কে জ্ঞান ও বিশেষ অভিজ্ঞতা রয়েছে এমন কোন ব্যক্তিকে বৈঠকে নিয়ে আসার অধিকার। আপনার সন্তানের জন্য সুপারিশকৃত পরিষেবা নিয়ে আলোচনার জন্য বৈঠক অবশ্যই আয়োজন করতে হবে উভয়ের জন্য সুবিধাজনক সময়ে। আপনার যদি দোভাষীর প্রয়োজন হয় তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশন তার ব্যবস্থা করবে।

সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার অধিকার: আপনার সন্তানের বিষয়ে স্কুলের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার অধিকার আপনার রয়েছে। আপনার সন্তানের শিক্ষায় বিরূপ প্রভাব ফেলে বা মতানৈক্য দূর করার জন্য আপনি মধ্যস্থতা ,নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ জানাতে পারেন বা যেকোন সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করতে পারেন। আপনার যদি দোভাষীর প্রয়োজন হয় তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশন তার ব্যবস্থা করবে।

আবেদন করার অধিকার: নিরপেক্ষ শুনানি অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপনার অধিকার রয়েছে নিউ ইয়র্ক স্টেট রিভিউ অফিসারের কাছে আপিল করার বা স্টেট রিভিউ অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতের সিদ্ধান্ত চাওয়ার। ডিপার্টমেন্ট অব এডুকেশন কোন আপিল করতে তার বিরোধিতা করার অধিকারও আপনার আছে।

আইইপি দলের বৈঠকে পিতামাতা সদস্যর অংশগ্রহণের বিষয়ে অস্বীকৃতি জানানোর অধিকার: আপনার আইইপি দলের বৈঠকে পিতামাতা সদস্যর অংশগ্রহণের বিষয়ে অস্বীকৃতি জানানোর অধিকার রয়েছে। আপনি যদি পিতামাতা সদস্যের অংশগ্রহণের বিষয়ে অস্বীকৃতি জানানোর সিদ্ধান্ত নেন তাহলে আপনি যে অস্বীকৃতি জানাচ্ছেন তার পক্ষে আপনাকে একটি বিবৃতি স্বাক্ষর করতে বলা হবে। এটি আপনার সন্তানের সিএসই অফিস ফাইলের রেকর্ডে সংরক্ষণ করে রাখা হবে।

আপনার অধিকার রয়েছে আপনার সন্তানের স্কুলের রেকর্ড লাভের এবং/বা যাচাই করে দেখার। যেকোন আইইপি দলের বৈঠকের আগে সব প্রতিবেদন ও মূল্যায়ন হাতে পাবার ও বিচারবিবেচনা করে দেখার অধিকার আপনার রয়েছে। আপনার পছন্দনীয় ভাষায় আপনার সন্তানের আইইপি ও মূল্যায়নের কপি পাবার অধিকার রয়েছে আপনার।

হাই স্কুল ডিপ্লোমা বিকল্প ও মাধ্যমিক পরবর্তী পরিকল্পনা

একজন তরুণের বিকশিত হবার ক্ষেত্রে হাই স্কুল গ্র্যাজুয়েশন সম্পন্ন হওয়া একটি গুরুত্বপূর্ণ ধাপ।

হাই স্কুল গ্র্যাজুয়েশনের জন্য প্রস্তুতিগ্রহণে শিক্ষার্থী ও পিতামাতাদের গ্র্যাজুয়েশনের শর্তাবলি সম্পর্কে জানা এবং শিক্ষার্থীদেরকে তাদের লক্ষ্য অর্জনে সহায়তা করতে সকল প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া আবশ্যক। নিউ ইয়র্ক স্টেট শিক্ষার্থীদের নিম্নলিখিত ডিপ্লোমা প্রদান করে থাকে:

গ্র্যাজুয়েশনের জন্য পরিকল্পনা

- উচ্চতর রিজেন্ট ডিপ্লোমা
- রিজেন্ট ডিপ্লোমা
- লোকাল বা স্থানীয় ডিপ্লোমা
- আইইপি ডিপ্লোমা

আইইপি ডিপ্লোমা

আইইপি ডিপ্লোমা প্রত্যায়ন করে আপনার সন্তান তার আইইপি-এর লক্ষ্যগুলো অর্জন করেছে। আইইপি ডিপ্লোমা কলেজে বা সামরিক বাহিনীতে ভর্তির জন্য বা কিছু চাকুরিতে যোগ্য হাই স্কুল ডিপ্লোমা হিসেবে গ্রহণ করা হয় না। যেসব শিক্ষার্থীরা আইইপি ডিপ্লোমা লাভ করছে তারা স্কুল বর্ষ শেষ না হওয়া পর্যন্ত অর্থাৎ তাদের বয়স ২১ বছর হওয়া পর্যন্ত স্কুলেই থাকবে এবং এখান থেকেই তারা উচ্চতর রিজেন্ট, রিজেন্ট, লোকাল, পেশাগত ও কারিগরি শিক্ষা (সিটিই) বা জিইডি ডিপ্লোমা অর্জন করতে পারবে তাদের আইইপি-তে যে লক্ষ্যের কথাই থাকুক না কেন।

ডিপ্লোমার শর্তাবলি কী কী?

পৃষ্ঠা ৩৯ দেখুন

আপনার সন্তান হাই স্কুল থেকে লোকাল বা রিজেন্টস ডিপ্লোমা নিয়ে উত্তীর্ণ হবার আগে আপনি অবশ্যই একটি লিখিত নোটিস পাবেন যাতে লেখা থাকবে যে উত্তীর্ণ হবার পর আপনার সন্তান আর বিনামুল্যে ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (এফএপিই) লাভের যোগ্য থাকবে না। এ বিধান প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না যারা হাইস্কুল থেকে আইইপি ডিপ্লোমা নিয়ে বের হবে।

ডিপ্লোমার মৌলিক শর্তাবলি

রিজেন্ট ও লোকাল বা স্থানীয় ডিপ্লোমা পেতে হলে শিক্ষার্থীদের ৪৪ ক্রেডিট অর্জন ও কয়েকটি সুনির্দিষ্ট স্টেট পরীক্ষায় পাস করতে হবে। নিম্নলিখিত বিষয়গুলোতে সব শিক্ষার্থীদের অবশ্যই প্রদত্ত ক্রেডিট পেতে হবে:

- ৮ ক্রেডিট ইংরেজিতে
- ৮ ক্রেডিট সমাজপাঠ
- ৬ ক্রেডিট গণিতে
- ৬ ক্রেডিট বিজ্ঞান
- ২ ক্রেডিট দ্বিতীয় ভাষায়
- ১ ক্রেডিট সঙ্গীতে
- ১ ক্রেডিট শিল্পকলায়
- ৫ ক্রেডিট শরীরচর্চা শিক্ষায়
- ৭ ক্রেডিট ঐচ্ছিক

যেসব ডিপ্লোমায় পরীক্ষা দিতে হয়

সব শিক্ষার্থীরা উচ্চতর রিজেন্ট ডিপ্লোমা, রিজেন্ট ডিপ্লোমা এবং লোকাল ডিপ্লোমা লাভের উপযুক্ত। এসব ডিপ্লোমা অর্জনের জন্য শিক্ষার্থীদের কিছু নির্দিষ্ট পরীক্ষা দিতে হয়।

অনুগ্রহ করে মনে রাখবেন আপনার সন্তান যদি বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে থাকে তাহলে সে লোকাল *বা* রিজেন্ট ডিপ্লোমা লাভের উপযুক্ত হবে না।

ক্রান্তিকালীন সেবা ও মাধ্যমিক পরবর্তী বিকল্প

ক্রান্তিকালীন সেবা হল একগুচ্ছ সমন্বিত কার্যক্রম যা স্কুল থেকে স্কুল পরবর্তী জীবনের কর্মকাণ্ডে প্রবেশের পথে সাহায্য করে। এর অন্তর্ভুক্ত রয়েছে মাধ্যমিক পরবর্তী শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা, প্রতিযোগিতামূলক চাকুরি, অব্যাহত ও বয়স্ক শিক্ষা, বয়স্ক পরিষেবা, স্বাধীনভাবে বসবাস, এবং কম্যুনিটির অংশগ্রহণ। এ সমন্বিত কার্যক্রম অবশ্যই আপনার সন্তানের জন্য চাহিদানির্ভর হতে হবে এবং আপনার সন্তানের শক্তি, পছন্দ ও আগ্রহকে বিবেচনায় রেখে হতে হবে। এর লক্ষ্য হল একটি যোগাযোগের প্রক্রিয়া গড়ে তোলা যা শিক্ষার্থীর শক্তি, আগ্রহ এবং সক্ষমতার ওপর জোর দেয়। এ তথ্য পরিকল্পনার ভিত্তি যাতে শিক্ষার্থীরা মাধ্যমিক স্কুল ত্যাগের সময় ভালোভাবে প্রস্তুত থাকে এবং হাই স্কুল ত্যাগের পর তাদের সামনে যতবেশি সম্ভব বিকল্প থাকে।

আপনার সন্তানের বয়স যখন ১৫ বছর হবে তখন তার আইইপি-তে অবশ্যই ক্রান্তিকালীন পরিষেবা অন্তর্ভুক্ত থাকতে হবে। আইইপি দলের বৈঠকে বার্ষিক পর্যালোচনার অংশ হিসেবে প্রতি বছর তা হালনাগাদ করা হবে।

ক্রান্তিকালীন পরিষেবা নিম্নলিখিত বিষয়গুলোর ওপর জোর দেয়:

- আপনার সন্তানকে তার ক্রান্তিকালীন লক্ষ্য অর্জনে সাহায্য করতে যেসব শিক্ষানির্দেশনা কার্যক্রম প্রদান করা হবে;
- চাকুরি অন্যান্য স্কুল পরবর্তী জীবনযাপন দক্ষতা গড়ে তোলা;
- কম্যুনিটির সাথে অঙ্গীভুত হওয়া;
- সেইসব শিক্ষার্থীর মধ্যে দৈনন্দিন জীবনযাপন দক্ষতা গড়ে তোলা যাদের এ ধরনের সাহায্যের প্রয়োজন।

ক্রান্তিকালীন পরিষেবা নিম্নলিখিত মানদণ্ড পূরণ করে থাকে:

- এগুলো হয় ফলভিত্তিক;
- এগুলো কর্মীদের শিক্ষার্থীর অ্যাকাডেমিক ও প্রায়োগিক সাফল্যের উপর অভিনিবেশ করতে সাহায্য করে। এসব পরিষেবা শিক্ষার্থীর স্বতন্ত্র চাহিদার ওপর ভিত্তি করে হয়ে থাকে;
- এগুলো শিক্ষার্থীর শক্তি, পছন্দ ও আগ্রহের কথা বিবেচনায় রেখে প্রণয়ন করা হয়;
- এগুলো হল একীভুত পরিষেবা যা স্কুলের অভিজ্ঞতার বিভিন্ন দিকের ওপর ভিত্তি করে হয়ে থাকে এবং স্কুল কম্যুনিটির সদস্যদের মিলিতভাবে দায়-দায়িত্ব গ্রহণের বিষয়টিকে অন্তর্ভুক্ত করে।

আপনার সন্তানকে এবং আপনি যদি লিখিতভাবে অনুমতি প্রদান করেন তাহলে ক্রান্তিকালীন পরিষেবা প্রদান বা পরিষেবা প্রদানের জন্য অর্থ প্রদানের জন্য যে সংস্থা দায়ী থাকবে তার প্রতিনিধিকে ক্রান্তিকালীন পরিষেবা নিয়ে আলোচনার জন্য আইইপি বৈঠকে ডাকা হবে। ক্রান্তিকালীন পরিষেবা নিয়ে আলোচনার জন্য আয়োজিত এ বৈঠকে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করা হবে:

- আপনার সন্তান আইইপি বৈঠকে অংশগ্রহণ করুক বা না করুক আইইপি দলকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তার পছন্দ ও আগ্রহের কথা বিবেচনা করা হয়েছে; এবং
- কোন প্রতিষ্ঠান তার প্রতিনিধি পাঠাক বা না পাঠাক যেকোন ক্রান্তিকালীন পরিকল্পনা প্রণয়নের সময় প্রতিষ্ঠানটিকে সম্পৃক্ত করার পদক্ষেপ নিতে হবে।

প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য উত্তীর্ণের শর্তাবলি

যেসব শিক্ষার্থী সেপ্টেম্বর ২০০১–সেপ্টেম্বর ২০০৬ সালে ৯ম গ্রেডে প্রবেশ করছে তাদের উত্তীর্ণ হবার শর্তাবলি নিয়ে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের কর্মীর সাথে যোগাযোগ করুন। উত্তীর্ণের শর্তাবলি সংক্রান্ত আরো তথ্যের জন্য অনুগ্রহ করে www.http://schools.nyc.gov –ঠিকানায় আমাদের ওয়েবসাইট পরিদর্শন করুন

যেসব শিক্ষার্থীরা ২০০৭,২০০৮ বা ২০০৯ সালে ৯ম গ্রেডে প্রবেশ করছে

	লোকাল ডিপ্লোমা	রিজেন্টস ডিপ্লোমা	উচ্চতর রিজেন্ট ডিপ্লোমা	
রিজেন্টস পরীক্ষার শর্ত	**স্কোর**	**স্কোর**	**স্কোর†**	
সামগ্রিক ইংরেজি	রিজেন্টস–এ ৫৫**বা** তার বেশি নম্বর পাওয়া **বা** রিডিং ও রাইটিংয়ে আরসিটি পরীক্ষায় পাস করা	৬৫ বা তার বেশি নম্বর	৬৫ বা তার বেশি নম্বর	
গণিত	গণিত আরসিটি পরীক্ষায় পাস করা **বা**		২টি পরীক্ষা	৩টি পরীক্ষা
সমন্বিত বীজগণিত ১	কোন অঙ্ক বিষয়ে ৫৫ বা তার বেশি নম্বর	৬৫ বা তার বেশি নম্বর **বা**		৬৫ বা তার বেশি নম্বর† **বা**
ম্যাথ এ	৫৫ বা তার বেশি নম্বর **বা**	৬৫ বা তার বেশি নম্বর **বা**	৬৫ বা তার বেশি নম্বর **বা**	৬৫ বা তার বেশি নম্বর† **এবং**
ম্যাথ বি	৫৫ বা তার বেশি নম্বর **বা**	৬৫ বা তার বেশি নম্বর **বা**	৬৫ বা তার বেশি নম্বর† **এবং**	
জ্যামিতি	৫৫ বা তার বেশি নম্বর **বা**	৬৫ বা তার বেশি নম্বর **এবং**		৬৫ বা তার বেশি নম্বর† **এবং**
বীজগণিত দ্বিতীয়ভাগ/ ত্রিকোণমিতি	৫৫ বা তার বেশি নম্বর	৬৫ বা তার বেশি নম্বর	৬৫ বা তার বেশি নম্বর†	৬৫ বা তার বেশি নম্বর†
বিশ্ব ইতিহাস ও ভূগোল	রিজেন্টস পরীক্ষাগুলোতে ৫৫ **বা** তার বেশি নম্বর পাওয়া **বা** বিশ্ব ইতিহাস ও ভূগোল আরসিটি পরীক্ষায় পাস করা	৬৫ বা তার বেশি নম্বর	৬৫ বা তার বেশি নম্বর	
যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার	রিজেন্টস পরীক্ষাগুলোতে ৫৫ **বা** তার বেশি নম্বর পাওয়া **বা** যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার আরসিটি পরীক্ষায় পাস করা	৬৫ বা তার বেশি নম্বর	৬৫ বা তার বেশি নম্বর	
বিজ্ঞান	রিজেন্ট পরীক্ষাগুলোতে ৫৫ **বা** তার বেশি নম্বর পাওয়া **বা** বিজ্ঞান (যেকোন বিজ্ঞান) আরসিটি পরীক্ষায় পাস করা	৬৫ বা তার বেশি নম্বর (যেকোন বিজ্ঞান)	৬৫ বা তার বেশি নম্বর (জীব বিজ্ঞান)	
বিজ্ঞান			৬৫ বা তার বেশি নম্বর (শারীরিক বিজ্ঞান)	
ইংরেজি ব্যতীত অন্য ভাষা			৬৫ বা তার বেশি নম্বর*	

*শিল্পকলা বা সিটিই অনুমোদিত ১০ ক্রেডিট ক্রমমান সম্পন্ন করছে যেসব শিক্ষার্থী তাদেরকে উচ্চতর মান নিয়ে রিজেন্ট ডিপ্লোমা অর্জনের জন্য দ্বিতীয় ভাষায় ২ ক্রেডিট সম্পন্ন করলেই হবে এবং ইংরেজি ব্যতিত অন্যভাষায় রিজেন্ট পরীক্ষা দিতে হবে না। তবে তারপরও তাদেরকে ক্রেডিটের মোট সংখ্যক ইউনিট পাবার শর্ত পূরণ করতে হবে (৪৪)।

† উচ্চতর রিজেন্ট ডিপ্লোমা:
২টি পরীক্ষা: ম্যাথ এ **এবং হয়** ম্যাথ বি **অথবা** বীজগণিত ২য় ভাগ/ত্রিকোণমিতি
৩টি পরীক্ষা: **হয়** একীভূত বীজগণিত ১ম ভাগ **অথবা** গণিত এ এবং জ্যামিতি **এবং** বীজগণিত ২য় ভাগ/ত্রিকোণমিতি

শিক্ষার্থীর গ্র্যাজুয়েট হবার পূর্বে সর্বশেষ ক্রান্তিকালীন বৈঠকে কী আলোচনা করা উচিত?

শিক্ষার্থীর গ্র্যাজুয়েট হবার পূর্বে সর্বশেষ আইইপি দলের বৈঠকে অন্যান্য বিষয়ের মধ্যে যা অন্তর্ভুক্ত থাকা উচিত তা হল:

- স্কুল/প্রশিক্ষণ, বসবাসের ব্যবস্থা, যাতায়াত এবং অর্থের ব্যবস্থা সম্পর্কে পরিকল্পনা;
- মাধ্যমিক-পরবর্তী পরিকল্পনার জন্য প্রয়োজনীয় লেখালেখি ও নথিপত্রের কাজ সম্পন্ন করা;
- শিক্ষার্থী এবং/অথবা পিতামাতা/অভিভাবকের কাছে সব কাগজপত্রের কপি আছে কিনা;
- শিক্ষার্থী এবং/অথবা পিতামাতা/অভিভাবকের কাছে বিভিন্ন সংস্থার নাম, ঠিকানা, ফোন নম্বর এবং সংস্থার যাদের সাথে যোগাযোগ করতে হবে তাদের নাম আছে কিনা।

অধিকন্তু স্কুলগুলোকে নিম্নলিখিত শিক্ষার্থীদের একটি **স্টুডেন্ট একজিট সামারি** প্রদান করতে হবে:

- যেসব প্রতিবন্ধী শিক্ষার্থী সরকারি ও বেসরকারি স্কুলে অধ্যয়ন করছে; এবং
- রিজেন্টস, লোকাল বা আইইপি ডিপ্লোমা অর্জনের জন্য যেসব প্রতিবন্ধী শিক্ষার্থীর বর্তমান বছরেই বিশেষ শিক্ষা পরিষেবা লাভের মেয়াদ শেষ হয়ে যাবে; বা
- যে শিক্ষার্থী ২১ বছরে পা দেবে।

সারসংক্ষেপ আপনার সন্তানের শক্তি, সামর্থ্য, দক্ষতা, স্বাভাবিক কর্মসম্পাদন ও অ্যাকাডেমিক স্তর, চাহিদা, সীমাবদ্ধতা, প্রয়োজনীয় আনুকূল্য ও সুপারিশের একটি অর্থবহ চিত্র প্রদান করে যা তাকে ডিপার্টমেন্ট অব এডুকেশন ছেড়ে চলে যাবার পর তার লক্ষ্য অর্জনে সহায়তা করবে। এই সারসংক্ষেপ মাধ্যমিক পরবর্তী শিক্ষাক্ষেত্র, কর্মক্ষেত্র এবং কম্যুনিটিতে শিক্ষার্থীকে যুক্তিসঙ্গত আনুকূল্য ও সহযোগিতা পাবার যোগ্য করে গড়ে তোলে।

অফিস অব ভোকেশনাল অ্যান্ড এডুকেশনাল সার্ভিসেস ফর ইনডিভিজুয়ালস উইথ ডিজঅ্যাবিলিটিজ (ভিইএসআইডি)

প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য অফিস অব ভোকেশনাল অ্যান্ড এডুকেশনাল সার্ভিসেস ফর ইনডিভিজুয়ালস উইথ ডিজঅ্যাবিলিটিজ (ভিইএসআইডি) প্রতিবছর প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে কর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হতে সাহায্য করে। ভিইএসআইডি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এডুকেশনের একটি দপ্তর এবং এটি যোগ্য প্রতিবন্ধী শিক্ষার্থীদের চাকরির জন্য প্রস্তুতিগ্রহণে সহায়তা করে । যেসব প্রতিবন্ধী শিক্ষার্থীর চাকরি বজায় রাখতে সমস্যা হচ্ছে ভিইএসআইডি তাদেরকেও সহায়তা প্রদান করে।

স্কুল থেকে বের হবার দু বছর আগে ভিইএসআইডি-এর কাছে পাঠালে শিক্ষার্থীর পরিষেবা পাওয়া অব্যাহত থাকবে এবং এটি শিক্ষার্থীকে পরিণত বয়স্কদের জীবনে প্রবেশে সহায়তা করবে। পাঁচটি বরোর প্রত্যেকটিতে ভিইএসআইডি অফিস আছে।

বরো ডিস্ট্রিক্ট অফিস	**ফোন নম্বর**	**ঠিকানা**
ব্রংক্স	718-931-3500	1215 Zerega Avenue Bronx, NY 10462
ব্রুকলিন	718-722-6700	New York State Office Building 55 Hanson Place, Second Floor Brooklyn, NY 11217
ম্যানহাটান	212-630-2300	116 West 32nd Street, 6th Floor New York, NY 10001
হারলেম স্যাটেলাইট অফিসের *আওতায় ১১তম স্টিট থেকে* *১৫৫তম স্টিট*	212-961-4420	Adam Clayton Powell, Jr. State Office Building 163 W. 125th Street, 7th Floor, Room 713 New York, NY 10027
কুইন্স	347-510-3100	1 LeFrak City Plaza 59-17 Junction Boulevard, 20th Floor Corona, NY 11368
স্ট্যাটেন আইল্যান্ড স্যাটেলাইট অফিস	718-816-4800	2071 Clove Road, Suites 204 and 205 Staten Island, NY 10304

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে ভিইএসআইডি ওয়েবসাইট দেখুন: www.vesid.nysed.gov
www.fcny.org/train/trainhtml/geninfo.htm

আরো গুরুত্বপূর্ণ তথ্য

পরিভাষা

সঙ্গতিপূর্ণকরণ (Accommodations): যেসব উপকরণ ও পদ্ধতি শিক্ষানির্দেশনা ও মূল্যায়নের ক্ষেত্রে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য সমান সুযোগ দান করে। প্রতিবন্ধী শিক্ষার্থীদের সমান সুযোগ সৃষ্টির লক্ষ্যে তৈরি সংগতিপূর্ণকরণ ব্যবস্থাকে সাধারণত নিম্নলিখিত শ্রেণিসমূহে ভাগ করা যায়:

- উপস্থাপনা (যেমন, নির্দেশনা পুনরাবৃত্তি করা, উচ্চৈস্বরে পড়া, উত্তরপত্রে বড় বড় বাবল ব্যবহার করা, ইত্যাদি);
- উত্তরপ্রদান (যেমন, বইয়ে উত্তর দাগিয়ে দেয়া, রেফারেন্স, পয়েন্টারের সাহায্য নেয়া, কম্পিউটার ব্যবহার করা, ইত্যাদি);
- সময়/সময়সূচি নির্ধারণ (যেমন, দীর্ঘায়িত সময়, বার বার বিরতি দেয়া, ইত্যাদি);
- পরিবেশ (যেমন,স্টাডি কেরেল, বিশেষ ধরনের আলোকসজ্জা ব্যবস্থা, পৃথক কক্ষ, ইত্যাদি)।

অ্যাডপটেড ফিজিক্যাল এডুকেশন (এপিই) (Adapted Physical Education, APE): যেসব প্রতিবন্ধী শিক্ষার্থী নিরাপদে বা সফলভাবে নিয়মিত শরীরচর্চা শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে না তাদের জন্য বিশেষায়িত শরীরচর্চা শিক্ষা কর্মসূচি।

দত্তক পিতামাতা (Adoptive Parents): আইনগত দত্তক প্রক্রিয়ার মাধ্যমে যেসব পরিণত বয়স্ক ব্যক্তিকে কোন শিশু লালনপালনের দায়িত্ব দেয়া হয়েছে যা জন্মদানকারী পিতামাতার অধিকারের অবসান ঘটায় বা খারিজ করে।

বিকল্প ভর্তি (Alternate Placement): যেসব শিক্ষার্থীর জন্য দ্বিভাষী ক্লাসের সুপারিশ করা হয়েছে কিন্তু তার জন্য দ্বিভাষী শিক্ষক/ক্লাস পাওয়া যাচ্ছে না। একজন একক ভাষার শিক্ষকের সাথে একজন দ্বিভাষী আধাপেশাদারকে কাজ বা সহযোগিতা করার জন্য নিয়োগ করা যেতে পারে যিনি দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি কর্মসূচির রীতি ও পদ্ধতির ওপর প্রশিক্ষণ প্রাপ্ত হবেন।

বিকল্প পরিষেবা (Alternative Services): সাধারণ শিক্ষার যেসব শিক্ষার্থীরা স্কুলে সমস্যায় পড়ছে তাদের জন্য এইসব সেবা প্রদান করা হয়। যেসব শিক্ষার্থীরা প্রতিবন্ধী হিসেবে চিহ্নিত হয়নি বা বিশেষ শিক্ষা পরিষেবার জন্য মূল্যায়নের রেফারেল প্রদানের পূর্বে বিশেষ শিক্ষার বিকল্প হিসেবে শিক্ষার্থীদের এইসব পরিষেবা প্রদান করা হয়। বিশেষ শিক্ষার বিকল্প হতে পারে পঠন ও গণিত ঘাটতি বা ক্ষতিপূরণ কর্মসূচি, গাইডেন্স পরিষেবা এবং কথা ও ভাষা থেরাপি যা বিশেষ শিক্ষা মূল্যায়নের জন্য রেফারেল প্রদানের পূর্বে স্কুলের ভেতরেই প্রদান করা হয়।

বার্ষিক লক্ষ্য (Annual Goals): আইইপি-তে লিখিত লক্ষ্যসমূহ যা বর্ণনা করে এক বছর সময়পরিসরের মধ্যে প্রতিবন্ধিতার ক্ষেত্রগুলোতে শিক্ষার্থী কী অর্জন করবে বলে প্রত্যাশা করা হয়।

বার্ষিক বা বাৎসরিক পর্যালোচনা (Annual Review): প্রতি স্কুল বর্ষে অন্তত একবার আইইপি দলের বৈঠকে শিক্ষার্থীর শিক্ষক কর্তৃক প্রতিবন্ধী শিক্ষার্থীর বিশেষ শিক্ষা কর্মসূচি ও তার অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ সময়ে বিশেষ শিক্ষা কর্মসূচিতে পরিবর্তন আনার সুপারিশ করা হতেও পারে আবার নাও পারে।

আর্টিকুলেশন (Articulation): এটি হল একটি প্রক্রিয়া যা বসন্তকালে শুরু হয় এবং একই কর্মসূচির মধ্যে শিক্ষার্থীর প্রাথমিক স্কুল থেকে মিডল বা মিডল থেকে হাই স্কুলে প্রবেশের বিষয়টি নির্ধারণ করে।

মূল্যায়ন (Assessment): শিক্ষার্থীর শিক্ষা কর্মসূচির উন্নয়নের জন্য তার শক্তি ও দুর্বল দিকগুলো সম্পর্কে তথ্য সংগ্রহ করার প্রক্রিয়া। পরীক্ষা, পর্যবেক্ষণ এবং সাক্ষাতকারের মাধ্যমে সংগৃহীত তথ্য শিক্ষার্থীর কর্মসম্পাদন ও শিক্ষাগত চাহিদা নির্ধারণে সাহায্য করে।

মূল্যায়নের কর্তৃত্বপ্রদান (Assessment Authorization): যে চিঠি পিতামাতাকে ডিপার্টমেন্ট অব এডুকেশনের খরচে তাদের সন্তানের জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের বাইরের একজন স্বাধীন সেবাপ্রদানকারীর স্বাধীন মূল্যায়ন লাভের অধিকার সম্পর্কে অবহিত করে।

সহায়ক প্রযুক্তির যন্ত্রপাতি ও পরিষেবা (Assistive Technology Devices and Services): সহায়ক প্রযুক্তির যন্ত্রপাতি হল এমন যেকোন যন্ত্রপাতি, পণ্য বা ব্যবস্থা যা একজন প্রতিবন্ধী শিক্ষার্থীর কর্ম সম্পাদনের ক্ষমতা বাড়াতে, বজায় রাখতে বা উন্নত করতে ব্যবহার করা হয় (যেমন, যোগাযোগের যন্ত্র, এফএম ইউনিট, কম্পিউটার ব্যবহারের সুযোগ)। সহায়ক প্রযুক্তি পরিষেবা হল যেকোন ধরনের পরিষেবা যা শিক্ষার্থীকে সহায়ক প্রযুক্তির যন্ত্র নির্বাচন,লাভ ও ব্যবহারের ক্ষেত্রে সহায়তা করে। আপনার সন্তানের প্রয়োজনীয় যেকোন সহায়ক প্রযুক্তির কথা তার আইইপি-তে উল্লেখ থাকতে হবে। যদি আপনি মনে করেন আপনার সন্তানের সহায়ক প্রযুক্তি প্রয়োজন তাহলে আপনি সহায়ক প্রযুক্তির জন্য মূল্যায়নের আবেদন করতে পারেন।

শ্রবণ ক্ষমতার মূল্যায়ন (Audiological Evaluation): শিক্ষার্থীর কানে শোনার ক্ষেত্রে কোন বড় ধরনের সমস্যা আছে কিনা তা নির্ধারনের জন্য বিশেষায়িত শ্রবণ ক্ষমতার পরীক্ষা নেয়া হয়।

উপস্থিতির কতৃত্ব প্রদান পত্র (Authorization to Attend Letter): পিতামাতা বিশেষ শিক্ষা পরিষেবার বিষয়ে সম্মতি প্রদানের পর শিক্ষার্থী যে তারিখ থেকে সুপারিশকৃত বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করতে শুরু করবে তা জানিয়ে বাড়িতে পিতামাতার কাছে প্রেরিত নোটিস।

বিহেভিয়ার ইন্টারভেনশন প্ল্যান (বিআইপি) (Behavior Intervention Plan, BIP): আচরণের সমস্যা দূর করার পরিকল্পনা। যর্থাথতা অনুসারে এর মধ্যে থাকতে পারে ইতিবাচক আচরণগত হস্তক্ষেপ, কৌশল ও সহায়তা, কর্মসূচি সংশোধন, সম্পূরক সাহায্য ও পরিষেবা অর্থাৎ সমস্যা সৃষ্টিকারী আচরণ সংশোধনের জন্য যা কিছু প্রয়োজন।

বাইলিঞ্জুয়াল ইভালুয়েশন (Bilingual Evaluation): যে মূল্যায়ন ইংরেজি ও শিক্ষার্থীর পছন্দীয় উভয় ভাষাতেই যিনি দুটি ভাষাই বোঝেন এমন একজন পেশাদার কর্তৃক পরিচালনা করা হয়।

ডিপার্টমেন্ট অব এডুকেশনের একজন দ্বৈত ভাষার শিক্ষক, ডিপার্টমেন্ট অব এডুকেশনের সাথে চুক্তিবদ্ধ কোন সংস্থার নিযুক্ত মূল্যায়নকারী, ডিপার্টমেন্ট অব এডুকেশনের বাইরের একজন স্বাধীন মূল্যায়নকারী বা একজন দোভাষীর সহায়তায় একজন একক ভাষার মূল্যায়নকারী মূল্যায়নটি পরিচালনা বা সম্পন্ন করতে পারেন।

বাইলিঙ্গুয়াল ইনস্ট্রাকশন (Bilingual Instruction): দুটি ভাষায় (ইংরেজি ভাষায় এবং শিক্ষার্থীর মাতৃ ভাষায়) শিক্ষানির্দেশনা দেয়া হয় সেইসব ইংরেজি ভাষা শিক্ষার্থীদের যারা ইংরেজি ভাষাভাষী নয় এবং ইংরেজি শিখতে শুরু করেছে বা যারা আরো উচ্চস্তরে তাদের কর্মদক্ষতা দেখাতে শুরু করেছে তবে ইংরেজি ভাষাভাষী শিক্ষার্থীদের মত নয়।

চাইল্ড ফাইন্ড (Child Find): প্রতিবন্ধিতা আছে বলে সন্দেহ করা হচ্ছে এ শহরে বসবাসরত এমন সব শিক্ষার্থীর অবস্থান নির্ধারণ, চিহ্নিত ও মূল্যায়ন করার জন্য স্টেট ও স্থানীয় স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক গৃহীত চলমান কার্যক্রম যাতে সরকারি, বেসরকারি এবং ধর্মীয় স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীসহ সব শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা (এফএপিই) সহজলভ্য করা যায়।

শ্রেণির আয়তন (Class Size): সর্বোচ্চ যতজন শিক্ষার্থী সুপারিশকৃত পরিষেবায় এবং/বা ক্লাসে থাকতে পারবে। শিক্ষার্থীর আইইপি-তে এর উল্লেখ থাকবে।

শ্রেণিবিভাজন (Classification): নিউ ইয়র্ক স্টেট আইন থেকে এই শব্দটি নেয়া হয়েছে এবং এটি দিয়ে প্রতিবন্ধিতার ধরণ বোঝানো হয়েছে।

শ্রেণিকক্ষ পরিদর্শন (Classroom Observation): শিক্ষার্থী কীভাবে শেখে ও কি ধরনের আচরণ করে তা দেখার জন্য স্কুল দিবসে শ্রেণিকক্ষে ও স্কুলের অন্যান্য পরিবেশে শিক্ষার্থীকে পর্যবেক্ষণ করার প্রক্রিয়া।

ক্লিনিশিয়ান (Clinician): স্কুল মনোবিদ বা স্কুল সমাজ কর্মীর মতই ডিপার্টমেন্ট অব এডুকেশনের মূল্যায়ন পেশাদারদের বোঝানোর জন্য ব্যবহৃত আরেকটি শব্দ।

কমিশনারের প্রবিধান (Commissioner's Regulations): স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের নির্দেশিকা ফেডারেল ও স্টেট আইনের ওপর ভিত্তি করে তৈরি হয়েছে। এতে, অন্যান্যের মধ্যে, বিশেষ শিক্ষা রেফারেল, মূল্যায়ন ও ভর্তির প্রক্রিয়ায় স্কুল ডিস্ট্রিক্টকে যেসব আইন অবশ্যই অনুসরণ করতে হবে তা উল্লেখ করা আছে।

কমিটি অন স্পেশাল এডুকেশন (সিএসই) অফিস (Committee on Special Education, (CSE) Office): "সিএসই" দিয়ে সাধারণত কমিটি অন স্পেশাল এডুকেশন অফিসকে, যে দলটি ওই অফিসে রয়েছে এবং অন্যান্য আরো আইইপি দলকে বোঝানো হত। বর্তমানে "কমিটি অন স্পেশাল এডুকেশন অফিস" ও "আইইপি দল"-কে পৃথকভাবে বোঝানো হয়। স্কুলে ও কমিটি অন স্পেশাল এডুকেশন অফিস উভয় স্থানেই আইইপি দল রয়েছে। তারা পূর্ণাঙ্গ কমিটি বা সাব-কমিটি হিসেবে তৈরি হতে পারে। চেয়ারপারসনের নেতৃত্বে কমিটি অন স্পেশাল এডুকেশন অফিসে যে আইইপি টিম রয়েছে তারা
শিক্ষার্থীদের বেশকটি দলেরর জন্য দায়বদ্ধ।

ডিস্ট্রিক্টের সীমানার মধ্যে অবস্থিত নিম্নলিখিত যেকোন ধরনের স্কুলে অধ্যয়নরত ৫ থেকে ২১ বছর বয়সী সব শিক্ষার্থীর দায়িত্ব এই দলের ওপর ন্যস্ত:

- বেসরকারি স্কুল
- ধর্মীয় স্কুল
- চার্টার স্কুল
- স্টেট অনুমোদিত বেসরকারি স্কুল

ডিস্ট্রিক্টের ভৌগোলিক সীমারেখার মধ্যে অবস্থিত কমিটি অন স্পেশাল এডুকেশনের অফিসের পরিষেবা প্রাপ্ত শিক্ষার্থীরাও কমিটি অন স্পেশাল এডুকেশনের অফিসে অবস্থিত আইইপি দলের অধীনে যারা:

- নিউ ইয়র্ক সিটি ও নিউ ইয়র্ক স্টেটর বাইরে অবস্থিত বেসরকারি স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থী;
- যেসব শিক্ষার্থী তাদের আইইপি অনুসারে বাড়িতে অথবা হাসপাতালে শিক্ষা দির্দেশনা লাভ করে থাকে। (যেসব শিক্ষার্থী সাময়িকভাবে বাড়িতে শিক্ষানির্দেশনা লাভ করছে তারা এর অন্তর্ভুক্ত নয়, যেহেতু এই শিক্ষার্থীরা তাদের আগের স্কুলে প্রত্যাবর্তন করবে বলে প্রত্যাশা করা হয়);
- যেসব শিক্ষার্থী বাড়ির স্কুলে রয়েছে; এবং
- যেসব শিক্ষার্থী স্কুলে অধ্যয়ন করছে না।

গোপনীয়তা (Confidentiality): ডিপার্টমেন্ট অব এডুকেশনের শিক্ষার্থীর বিশেষ শিক্ষার রেকর্ড এমনভাবে সংরক্ষণ করার কর্তব্য যাতে যথাযথ কর্মী ছাড়া আর কেউ শিক্ষার্থীর আইইপি ও রেকর্ড দেখার সুযোগ না পায় তা নিশ্চিত করা যায়।

সম্মতি (Consent): সম্মতি হতে হবে "জ্ঞাত" অর্থাৎ কেবল স্বাক্ষর করা নয় সব জেনেশুনে সম্মতি দিতে হবে। জ্ঞাত সম্মতি লাভের জন্য নিম্নলিখিত পদক্ষেপসমূহ নিতে হবে:

- যে কার্যক্রমের জন্য আপনার সম্মতি চাওয়া হচ্ছে সে সম্পর্কিত সকল তথ্য আপনার পছন্দনীয় ভাষায় বা যোগাযোগ মাধ্যমের মাধ্যমে আপনাকে পূর্ণাঙ্গরূপে অবহিত করতে হবে। আপনার সন্তানের কোন রেকর্ডটি প্রকাশ করা হবে এবং কার কাছে প্রকাশ করা হবে তাও আপনাকে জানানো হবে। কোন পরীক্ষা নেয়া হলে কোন ধরনের পরীক্ষা নেয়া হবে এবং কোথায় এ পরীক্ষা অনুষ্ঠিত হবে সে সম্পর্কিত তথ্যও এর অন্তর্ভুক্ত থাকবে;
- যে কাজের জন্য আপনার সম্মতি চাওয়া হচ্ছে সে বিষয়টি আপনার পুরোপুরি বুঝতে হবে এবং তার সাথে লিখিতভাবে একমত হতে হবে; এবং
- আপনাকে অবশ্যই অবগত করতে হবে যে সম্মতি প্রদানের বিষয়টি সম্পূর্ণ আপনার ইচ্ছাধীন এবং আপনি যেকোন সময়ে আপনার সম্মতি প্রত্যাহার করে নিতে পারেন। তবে আপনি যদি সম্মতি প্রত্যাহার করে নেন তাহলে মনে রাখবেন যে আপনার সম্মতিদানের পর ও সম্মতি প্রত্যাহার করে নেবার পূর্বে যে যেসব পদক্ষেপ নেয়া হয়েছে আপনার সম্মতি প্রত্যাহারের কারণে সেগুলোও বাতিল করা হবে না।

কন্টিনাম (Continuum): ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষিত করে তোলার জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের যেসব শিক্ষা পরিষেবা রয়েছে।

সিএসই অফিস রেকর্ড বা সিএসই অফিস ফাইল (CSE Office Record or CSE Office File): শিক্ষার্থীর রেফারেল, মূল্যায়ন এবং ভর্তি সংক্রান্ত কাগজপত্রসহ আইনগত প্রক্রিয়ার নোটিস, আইইপি এবং স্কুল রিপোর্ট।

বধির- অন্ধত্ব (Deaf-Blindness): যেসব শিক্ষার্থীদের শ্রবণ ও দৃষ্টি উভয় প্রতিবন্ধিতা রয়েছে এবং এ ধরনের সমন্বয়ের কারণে তাদের গুরুতর যোগাযোগ এবং অন্যান্য বিকাশগত ও শিক্ষাগত চাহিদার সৃষ্টি হয় যা কেবল বধির বা কেবল অন্ধ শিক্ষার্থীদের জন্য তৈরি বিশেষ শিক্ষা কর্মসূচির মাধ্যমে পূরণ করা সম্ভব না।

বধিরতা (Deafness): যদি কোন শিক্ষার্থীর শ্রবণের সমস্যা এতটাই গুরুতর হয় যে সে এমপ্লিফিকেশন দিয়ে বা এমপ্লিফিকেশন ছাড়া কানে শুনে কোন কথা বুঝতে পারে না তাহলে তা শিক্ষার্থীর শিক্ষা ক্ষেত্রে নৈপুণ্য অর্জনের ওপর বিরূপ প্রভাব ফেলবে।

অব্যাহতি দেয়া/ডিক্লাসিফিকেশন (Declassification): আইইপি দলের সিদ্ধান্ত যে শিক্ষার্থীর আর বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন নেই।

অব্যাহতির পর সহায়তা পরিষেবা (Declassification Support Services): বিশেষ শিক্ষা পরিষেবা ছাড়া সাধারণ শিক্ষার ক্লাসে ডিসার্টিফাইড শিক্ষার্থীদের প্রত্যাবর্তনের পথে সহায়তা করতে যে পরিষেবা প্রদান করা হয়। যে তারিখ থেকে তাদেরকে প্রতিবন্ধী শ্রেণি বর্হিভূত বলে বিবেচিত করা হবে সে তারিখ থেকে পরবর্তী এক বছর পর্যন্ত এ পরিষেবা প্রদান করা হতে পারে যার অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষানির্দেশনাগত সহায়তা ও সংশোধনী, কথা ও ভাষা পরিষেবা, পরামর্শ পরিষেবা ইত্যাদি।

স্থগিত ভর্তি (Deferred Placement): আইইপি দলের বৈঠকে যেসব সিদ্ধান্ত নেয়া হয় তার অন্তর্ভুক্ত রয়েছে সুপারিশকৃত বিশেষ শিক্ষা পরিষেবা অনতিবিলম্বে প্রদান শুরু করা উচিত কি-না। সুপারিশকৃত বিশেষ শিক্ষা পরিষেবা অনতিবিলম্বে প্রদান শিক্ষার্থীর জন্য সর্বোত্তম বিকল্প নাও হতে পারে। একে বলা হয় "অমীমাংসিত বা স্থগিত" করা এবং এক্ষেত্রে পিতামাতার সম্মতি প্রয়োজন।

আইনগত প্রক্রিয়া (Due Process): আইনের যে ধারা রেফারেল, মূল্যায়ন এবং ভর্তির প্রক্রিয়ায় পিতামাতা, শিক্ষার্থী এবং ডিপার্টমেন্টের অধিকারের নিশ্চয়তা দেয় ও রক্ষা করে।

আইনগত অভিযোগদায়ের প্রক্রিয়া (Due Process Complaint): একে নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধও বলা হয়ে থাকে। কোন প্রতিবন্ধী শিক্ষার্থীকে চিহ্নিত, মূল্যায়ন, ভর্তি বা তার জন্য বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে কোন পিতামাতা বা স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক লিখিত অভিযোগ দায়ের করা। এর মাধ্যমে নিরপেক্ষ শুনানি অনুষ্ঠিত হয়।

শুনানির আইনগত প্রক্রিয়া (নিরপেক্ষ শুনানি) (Due Process Hearing): নিরপেক্ষ শুনানি অফিসার যিনি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের কোন কর্মী নন, তার সামনে অনুষ্ঠিত আইনগত প্রক্রিয়া। পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট উভয়ই তাদের যুক্তিতর্ক ও সাক্ষ্য উপস্থাপণ করে।

আবেগগত সমস্যা (Emotional Disturbance): যদি কোন শিক্ষার্থীর মধ্যে নিম্নলিখিত এক বা একাধিক লক্ষণ কোন দীর্ঘ সময় ধরে পরিলক্ষিত হয় এবং এই মাত্রায় পরিলক্ষিত হয় যে তা তার শিক্ষাগত পারফরমেন্সের ওপর বিরূপ প্রভাব ফেলে:

- শেখার ক্ষেত্রে যে অক্ষমতা যা কোন বুদ্ধিবৃত্তিক, স্নায়বিক বা স্বাস্থ্য সংক্রান্ত বিষয় দ্বারা ব্যাখ্যা করা যায় না;
- সহপাঠী ও শিক্ষকদের সাথে সন্তোষজনক পারস্পরিক সম্পর্ক গড়ে তুলতে বা বজায় রাখতে অক্ষমতা;
- স্বাভাবিক পরিস্থিতিতে অস্বাভাবিক আচরণ বা অনুভূতি প্রকাশ করা;
- সব সময় অসুখী বা বিষণ্ণভাব নিয়ে থাকা; বা
- ব্যক্তিগত বা স্কুলের সমস্যায় শারীরিক লক্ষণ বা ভয় পাওয়ার লক্ষণ প্রকাশের প্রবণতা।

"আবেগগত সমস্যা" শব্দটির মধ্যে স্কিজোফ্রেনিয়াও অন্তর্ভুক্ত রয়েছে। যাদের সামাজিক অভিযোজন সমস্যা রয়েছে তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না, যদি না এটা নির্ধারিত হয় যে তার আবেগীয় সমস্যা রয়েছে।

ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার (ইএলএল) *(প্রাক্তন ইংরেজিতে সীমিত জ্ঞান সম্পন্ন শিক্ষার্থী)* (English Language Learner, ELL): যে শিক্ষার্থী বাড়িতে ইংরেজি ব্যতীত অন্য ভাষায় কথা বলে এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ব্যবস্থায় প্রবেশের সময় যার ইংরেজির নম্বর স্টেট নির্ধারিত দক্ষতার মানের নিচে ছিল।

ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ (ইএসএল) (English as a Second Language, ESL): ইংরেজি ভাষায় দক্ষতা অর্জন করছে যেসব ইংরেজি ভাষা শিক্ষার্থী তাদের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত ইংরেজি ভাষাভাষী শিক্ষকদের শিক্ষাদান রীতি ও পদ্ধতি।

সুপারিশের চূড়ান্ত নোটিসপত্র (Final Notice of Recommendation): কোন বিশেষ শিক্ষা পরিষেবার সুপারিশ করা হয়েছে এবং তা কোথায় এ পরিষেবা প্রদান করা হবে তা জানিয়ে পিতামাতাকে পাঠানো চিঠি। পিতামাতাকে সম্মতি প্রদান করতে বা শিক্ষার্থীর ভর্তিকে মেনে নিতে বলা হয়।

ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন (এফএপিই) (Free Appropriate Public Education, FAPE): সরকারি খরচে, সরকারি তত্ত্বাবধানে ও নির্দেশে যে বিশেষ শিক্ষা ও এ সংক্রান্ত পরিষেবা প্রদান করা হয় এবং যার জন্য পিতামাতাকে কোন খরচ দিতে হয় না।

ফাংশনাল বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট (এফবিএ) (Functional Behavioral Assessment, FBA): শিক্ষার্থীর আচরণের সমস্যা সমাধানের জন্য এটি একটি সমস্যা-সমাধান প্রক্রিয়া। এফবিএ কোন নির্দিষ্ট আচরণের কারণ চিহ্নিত করতে বিভিন্ন ধরনের কৌশলের ওপর নির্ভর করে এবং যে হস্তক্ষেপ প্রত্যক্ষভাবে সমস্যা-সৃষ্টিকারী আচরনটি দূর করতে সাহায্য করবে তা নির্বাচনে আইইপি দলকে সাহায্য করে।

সাধারণ শিক্ষার পাঠক্রম (General Education Curriculum): যে জ্ঞান ও দক্ষতা প্রতিবন্ধী শিক্ষার্থীসহ সব শিক্ষার্থী আয়ত্ত করবে বলে প্রত্যাশা করা হয়।

শ্রবণ প্রতিবন্ধী (Hearing Impairment): যে শ্রবণ সমস্যা, তা স্থায়ী বা মাঝে মাঝে দেখা দেয় যেমনই হোক, শিক্ষার্থীর শিক্ষাগত নৈপুণ্য অর্জনের ক্ষেত্রে বিরূপ প্রভাব ফেলে কিন্তু তা বধিরের সংজ্ঞায় পড়ে না।

স্বাস্থ্য পরিষেবা (Health Services): যেসব শিক্ষার্থীদের এমন ধরনের মেডিকেল বা স্বাস্থ্য সমস্যা রয়েছে যার কারণে তাদের স্কুল চলাকালে নার্স বা স্বাস্থ্য আধাপেশাদারের সাহায্য প্রয়োজন হয় তাকে যে ধরনের পরিষেবা প্রদান করা হয় তাকে বলা হয় স্বাস্থ্য পরিষেবা। এ ধরনের পরিষেবার মধ্যে আছে খাওয়ানো, অ্যামবুলেশন, সাকশন বা ক্যাথেটেরাইজেশন।

হাই স্কুল ডিপ্লোমা (High School Diploma): এটি সেইসব শিক্ষার্থীকে প্রদান করা হয় যারা হয় সফলভাবে রিজেন্ট পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে অথবা প্রবিধানের নিয়ম অনুযায়ী প্রতিযোগিতামূলক পরীক্ষায় পাস করেছে এবং কোর্স ক্রেডিট সম্পন্ন করেছে।

শিক্ষার্থীর আইইপি-তে বাড়িতে শিক্ষানির্দেশনা কর্মসূচির সুপারিশ (Home Instruction as a program recommendation on the student's IEP): যেসব প্রতিবন্ধী শিক্ষার্থী শারীরিক অসুস্থতা বা মানসিক অসুস্থতার কারণে দীর্ঘ সময় (অর্থাৎ এক বছর বা তার বেশি সময়) সরকারি বা বেসরকারি স্কুলে যেতে পারে না তাদের জন্য আইইপি দল বাড়িতে শিক্ষা নির্দেশনা প্রদানের সুপারিশ করতে পারে।

হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে (এইচএলআইএস) (Home Language Identification Survey, HLIS): শিক্ষার্থী বাড়িতে ইংরেজি ছাড়া অন্য কোন ভাষায় কথা বলে কিনা তা নির্ধারণের জন্য এটি একটি পিতামাতা জরিপ।

হাসপাতালে শিক্ষানির্দেশনা (Hospital Instruction): শারীরিক অসুস্থতার কারণে হাসপাতালে ভর্তি হওয়ায় যেসব শিক্ষার্থীরা স্কুলে যেতে পারছে না তাদেরকে সাময়িকভাবে প্রদত্ত এটি একটি শিক্ষা পরিষেবা।

আইইপি ডিপ্লোমা (IEP Diploma): আইইপি ডিপ্লোমা প্রত্যয়ন করে যে শিক্ষার্থী আইইপি লক্ষ্য পূরণ করেছে। কলেজে বা সামরিক বাহিনীতে ভর্তির ক্ষেত্রে আইইপি ডিপ্লোমাকে গ্রহণ করা হয় না। যেসব শিক্ষার্থীরা বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করছেন এবং আইইপি ডিপ্লোমা অর্জনের প্রত্যাশা করছেন তাদের উচিত আইইপি দলের বৈঠকে গ্র্যাজুয়েশন পরবর্তী পরিকল্পনা ও চাকুরির প্রশিক্ষণসহ ক্রান্তিকালীন পরিকল্পনা নিয়ে আলোচনা করা। যেসব শিক্ষার্থীরা আইইপি ডিপ্লোমা লাভ করছে তাদেরকে স্কুল বর্ষের শেষ পর্যন্ত। অর্থাৎ তারা ২১ বছরে পা দেয়া পর্যন্ত স্কুলে থাকবে এবং সেখান থেকে উচ্চতর রিজেন্ট, রিজেন্ট, লোকাল, পেশাগত ও কারিগরি শিক্ষা (সিটিই), বা জিইডি ডিপ্লোমা নিতে পারবে।

স্বাধীন মূল্যায়ন (Independent Evaluation): ডিপার্টমেন্ট অব এডুকেশনের নিযুক্ত কর্মী নন এমন একজন ব্যক্তি কর্তৃক মূল্যায়ন পরিচালনা করা। এ মূল্যায়নের জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন তখনই অর্থ দেবে যখন একজন নিরপেক্ষ শুনানি অফিসার ডিপার্টমেন্ট অব এডুকেশনের মূল্যায়ন সঠিক নয় বলবে বা ডিওই স্বাধীন মূল্যায়নের জন্য অর্থ দিতে সম্মত হবে। যে মূল্যায়নের জন্য পিতামাতারা নিজেদের অর্থ ব্যয় করে বা বীমার মাধ্যমে অর্থ দিয়ে থাকে (ব্যক্তিগত মূল্যায়ন) সেই মূল্যায়ন আর এ মূল্যায়ন এক নয়।

ইনডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিজ এডুকেশন ইম্প্রুভমেন্ট অ্যাক্ট (আইডিয়া) (Individuals with Disabilities Education Improvement Act, IDEIA): যে ফেডারেল আইন প্রতিবন্ধী শিক্ষার্থীদের ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে ৩ থেকে ২১ বছর পর্যন্ত বিনামূল্যে উপযুক্ত সরকারি শিক্ষা (এফএপিই) লাভের বা হাই স্কুল ডিপ্লোমা লাভের অধিকার প্রদান করে।

ইন্টারিম অল্টারনেটিভ এডুকেশনাল সেটিংস (আইএইএস) (Interim Alternative Educational Setting, IAES): শিক্ষার্থীর বর্তমান ক্লাস ব্যতীত অন্যকোন ক্লাস যেখানে শিক্ষার্থীর বিশেষ শিক্ষা পরিষেবা লাভ অব্যাহত থাকে।

দোভাষী/অনুবাদক (Interpreter/Translator): যে ব্যক্তি পিতামাতার পছন্দনীয় ভাষায় কথা বলে / যোগাযোগের মাধ্যম ব্যবহার করে এবং পিতামাতাদের জন্য বৈঠকের বিষয় অনুবাদ করে দেয় এবং/বা শিক্ষার্থীদের জন্য মূল্যায়নকে অনুবাদ করে দেয়।

ল্যাঙ্গুয়েজ অ্যাসেসমেন্ট ব্যাটারি-রিভাইজড (এলএবি-আর) (Language Assessment Battery-Revised, LAB-R): ইংরেজিতে শিক্ষার্থীর দক্ষতার পর্যায় নির্ধারণ করতে এবং তার দ্বিভাষী ইএসএল শিক্ষানির্দেশনা পরিষেবার প্রয়োজনীয়তা নির্ধারণ করতে এ পরীক্ষা নেয়া হয়।

লিস্ট রেসট্রিকটিভ এনভায়রনমেন্ট (এলআরই) (Least Restrictive Environment, LRE): ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ বা লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট মানে বিশেষ ক্লাস, পৃথক স্কুল বা শিক্ষার নিয়মিত পরিবেশের বাইরে অন্য কোন পরিবেশে প্রতিবন্ধী শিক্ষার্থীকে কেবল তখনই সরিয়ে নেয়া হবে যখন প্রতিবন্ধিতার মাত্রা বা প্রকৃতি এতটাই তীব্র হবে যে সম্পূরক সহায়তা এবং পরিষেবা ব্যবহার করেও শিক্ষার সাধারণ পরিবেশে সন্তোষজনকভাবে শিক্ষা লাভ সম্ভব হয় না।

সীমিত সচলতা (Limited Mobility): যেসব শিক্ষার্থীর চলাফেরার ক্ষেত্রে বিশেষ ধরনের প্রতিবন্ধিতা রয়েছে তা শারীরিক বা স্নায়বিক যে কারণেই হোক না কেন এবং ভবনের নকশা যাদের চলাচলের ক্ষেত্রে বাধা হতে পারে এবং যাদেরকে আইন অনুযায়ী যতখানি প্রযোজ্য কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ প্রদান করতে হবে।

মূলধারায় আনা (Mainstreaming): যেসব শিক্ষার্থীদের শিক্ষাগত প্রতিবন্ধিতা আছে বলে চিহ্নিত হয়েছে এবং যারা স্কুল দিবসের পুরো সময় বা অধিকাংশ সময় জুড়ে বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করে থাকে তাদেরকে অবশ্যই যথার্থতা অনুসারে সাধারণ শিক্ষার ক্লাস ও পরিষেবায় অংশগ্রহণের সুযোগ দিতে হবে। মূলধারায় আনার অর্থ হল যে শিক্ষার্থী পূর্ণকালীন বা স্কুল দিবসের অধিকাংশ সময় জুড়ে বিশেষ শিক্ষার ক্লাস করে তাকে তার সমবয়সী সহপাঠীদের সাথে সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে স্থান দেয়া এবং সেইসব বিষয়ে শিক্ষা নির্দেশনা প্রদান করা যেসব বিষয়ে শিক্ষার্থীর প্রতিবন্ধিতা শিক্ষাগ্রহণ বা তার অংশগ্রহণের সক্ষমতাকে প্রভাবিত করে না। কোন শিক্ষার্থীকে গণিত, ভাষা শৈলী, বিজ্ঞান বা সমাজবিজ্ঞান, বা অপ্রাতিষ্ঠানিক কর্মসূচি যেমন সংগীত বা কলায় মূলধারায় আনা যায়।

ব্যবস্থাপনা চাহিদা (Management Needs): কোন শিক্ষার্থীর চাহিদা পূরনের জন্য বড়দের যে পরিমান তত্ত্বাবধান এবং পরিবেশগত যে ধরনের পরিবর্তন আনার প্রয়োজন হয়। শিক্ষার্থীর আইইপি-তে অবশ্যই তা উল্লেখ করতে হবে।

মেট্রন (Matron): বিশেষ শিক্ষার বাসে চড়ে স্কুলে যাতায়াতের সময় যে ব্যক্তি শিক্ষার্থীদের সাহায্য করে।

মধ্যস্থতা (Mediation): যে গোপনীয় স্বত:প্রণোদিত প্রক্রিয়ার মাধ্যমে পক্ষদ্বয় কোন আনুষ্ঠানিক আইনগত শুনানি প্রক্রিয়ার মধ্যে না গিয়েই তাদের মধ্যকার বিরোধের মীমাংসা করতে পারে। একজন নিরপেক্ষ মধ্যস্থতাকারী পক্ষদ্বয়কে তাদের মতামত ও অবস্থান জানাতে এবং অন্যদের মতামত ও অবস্থানকে বুঝতে সাহায্য করে। মধ্যস্থতাকারীর কাজ হল পক্ষদ্বয়ের মধ্যে আলোচনার পথকে সুগম করা এবং পক্ষদ্বয়কে ঐকমত্যে পৌঁছাতে সাহায্য করা, কোন সমাধানের সুপারিশ বা কোন অবস্থান বা পক্ষ নেয়া তার কাজ নয়। যদি পক্ষদ্বয় কোন ঐকমত্যে পৌঁছে তা মেনে চলা তাদের জন্য বাধ্যতামূলক এবং এর বিরুদ্ধে তারা কোন আপিল করতে পারবে না।

মেডিকেল পরীক্ষা (Medical Examination): শিক্ষার্থীর শারীরিক ও মেডিকেল অবস্থার ওপর প্রদত্ত ডাক্তারি রিপোর্ট বা প্রতিবেদন যা আইইপি বৈঠকের সময় বিবেচনা করা হয়।

সংশোধন (Modifications): এটি দিয়ে পাঠক্রমে পরিবর্তনকে বুঝায়। সংগতিপূর্ণ করা হল কাঠামো বা পদ্ধতিতে পরিবর্তন যা শিক্ষার্থীকে প্রতিবন্ধিতার বাধা অতিক্রম করে সহজভাবে অংশগ্রহণে সক্ষম করে, আর সংশোধন হল কঠিনতার স্তর এবং/বা বিষয়বস্তুর পরিমাণ উভয় ক্ষেত্রে আরো ব্যাপক পরিবর্তন আনা। যেসব প্রতিবন্ধী শিক্ষার্থীরা কোন শিক্ষকের পড়ানো সবগুলো বিষয় বুঝতে সক্ষম হয় না তাদের জন্যই সংশোধন বা পরিবর্তন আনার প্রয়োজন হয়। যেমন, কোন বুদ্ধি প্রতিবন্ধী প্রাথমিক স্কুলের শিক্ষার্থীর জন্য বাড়ির কাজের পরিমাণ কমিয়ে দেয়া হতে পারে এবং তা অনেকখানি পরিবর্তন করে দেয়া হতে পারে। কারণ বুদ্ধি প্রতিবন্ধিতার জন্য সে যে সাধারণ শিক্ষার ক্লাসে রয়েছে সেই ক্লাসে পড়ানো সব বিষয় সে বুঝতে পারে না বা তার সেই ক্ষমতা সীমিত হয়ে গেছে।

মাল্টি ডিসিপ্লিনারি মূল্যায়ন (Multidisciplinary Evaluation): শিক্ষার্থী প্রতিবন্ধী কিনা এবং তার বিশেষ শিক্ষা সহায়তা প্রয়োজন কিনা তা নির্ধারণের জন্য মূল্যায়ন দল কর্তৃক শিক্ষার্থীর পূর্ণাঙ্গ মূল্যায়ন।একে বলা হয় মাল্টিডিসিপ্লিনারি মূল্যায়ন।

স্নায়ুতাত্ত্বিক মূল্যায়ন (Neurological Evaluation): শিক্ষার্থীর মস্তিষ্কে এমন কোন সমস্যা আছে কিনা যা তার শিক্ষাগ্রহণের ওপর প্রভাব ফেলতে পারে তা নির্ধারণের জন্য মস্তিষ্কের চিকিৎসক কর্তৃক পরিচালিত বিশেষায়িত মূল্যায়ন।

নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (এনওয়াইএসইএসএলটি) (New York State English as a Second Language Achievement Test, NYSESLAT): কিন্ডারগার্ডেন থেকে ১২ গ্রেডে অধ্যয়নরত যেসব ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার (ইএলএল) ইএসএল, দ্বিভাষী ও দ্বৈত ভাষার ক্লাসে ভর্তি করা হয়েছে তারা এনওয়াইএসইএসএলটি পরীক্ষা দেয়। তারা ইএসএল ও বাইলিঙ্গুয়াল সার্ভিস ততদিন পর্যন্ত পেতে থাকবে যতদিন না তাদের এনওয়াইএসইএসএলটি পরীক্ষার ফল নির্দেশ করবে যে তারা কেবল ইংরেজিতে পরিচালিত কর্মসূচিতে অংশগ্রহণের মত যথেষ্ট দক্ষতা অর্জন করেছে।

অপ্রতিবন্ধী (Non-Disabled): যে শিক্ষার্থীকে প্রতিবন্ধী শিক্ষার্থী হিসেবে চিহ্নিত করা হয়নি এবং যে কোন বিশেষ শিক্ষা পরিষেবা পাচ্ছে না।

নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত বেসরকারি স্কুল (New York State Approved Non-Public School): যে স্কুল সরকারি অর্থায়নে পরিচালিত বিশেষ শিক্ষা কর্মসূচি প্রদান করে থাকে তবে সে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের কোন অংশ নয়।

বেসরকারি স্কুলের যোগ্যতা বিষয়ক নোটিস (পি-১আর) (Non-Public School Eligibility Notice, P-1R): প্রাথমিক রেফারেলের জন্য সম্মতি প্রদানের তারিখ থেকে ৬০তম স্কুল দিবস বা তার পূর্বে বা পূর্বে চিহ্নিত শিক্ষার্থীদের ক্ষেত্রে রেফারেল পাবার ৬০তম স্কুল দিবস থেকে যদি বিশেষ ক্লাসের প্রস্তাব দিয়ে সুপারিশের চূড়ান্ত নোটিসপত্র না পাঠানো হয় তাহলে ডিপার্টমেন্ট ৬০তম স্কুল দিবসে পিতামাতাকে একটি চিঠি (**পি-১আর**) পাঠাতে বাধ্য থাকবে যা শিক্ষার্থীকে সরকারি খরচে স্টেট অনুমোদিত বেসরকারি স্কুলে পড়ার অধিকার প্রদান করবে।

তবে যদি কাগজে-কলমে পিতামাতার বিলম্ব (যেমন: পিতামাতা প্রাথমিক মূল্যায়নের জন্য সম্মতি প্রদান করতে অস্বীকার করলে, শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির বাইরে কোথাও গিয়ে থাকলে, প্রিন্সিপ্যাল এবং পিতামাতা রেফারেল প্রত্যাহার করে নেবার সিদ্ধান্ত নিলে, যদি যে পক্ষ সুপারিশ করেছে সে পক্ষ সুপারিশ প্রত্যাহার করে নেয় বা যদি পিতামাতা কোন স্বাধীন মূল্যায়নের অনুরোধ করেন এবং তা নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন না হয়) করার প্রমাণ থাকে তাহলে ডিপার্টমেন্ট পিতামাতাকে প্রকৃত ৬০তম স্কুল দিবসের পর পিতামাতা যতদিন বিলম্ব করেছেন তার সমান সময় **পি-১আর** চিঠি পাঠানো থেকে বিরত থাকতে পারে।

রেফারেলের নোটিস (Notice of Referral): রেফারেল পাবার পাঁচদিনের মধ্যে পিতামাতার পছন্দনীয় ভাষায়, যদি জানা থাকে, পিতামাতার কাছে চিঠি পাঠানো।

শিক্ষার্থী ভর্তি দপ্তর (ওএসই) (Office of Student Enrollment, OSE): কেন্দ্রীয় শিক্ষার্থী ভর্তি দপ্তর সব গ্রেড স্তরের শিক্ষার্থীদের শহরভিত্তিতে ভর্তি, জোনভুক্ত কর্মসূচি ও কর্মসূচি পছন্দের ক্ষেত্রে সহায়তা করে। ওএসই যেসব শিক্ষার্থীদের জন্য সহযোগিতামূলক দলগত শিক্ষকতা এবং বিশেষ শিক্ষার ক্লাসের সুপারিশ করা হয় এবং শিক্ষার্থীর বর্তমান স্কুলে তা প্রদানের ব্যবস্থা না থাকে সেসব শিক্ষার্থীদের সহযোগিতামূলক দলগত শিক্ষকতা এবং বিশেষ শিক্ষার ক্লাসে ভর্তি করানোর জন্যও দায়ী থাকে।

অন্যান্য সহায়ক পরিষেবা (Other Support Services): যেসব শিক্ষার্থীর তার বর্তমান শিক্ষা কর্মসূচিতে থাকার জন্য বিকাশগত বা সংশোধনমূলক সহযোগিতা প্রয়োজন তাদেরকে সংশ্লিষ্ট পরিষেবা প্রদান করা হয়।

প্যারাপ্রফেশনাল (Paraprofessional): যে ব্যক্তি পুরো ক্লাস বা কোন একজন শিক্ষার্থী বা একদল শিক্ষার্থীকে আচরণ ব্যবস্থাপনা, স্বাস্থ্য সেবা, যাতায়াত বা টয়লেট ব্যবহারের প্রশিক্ষণ প্রদান, ভর্তির জন্য অপেক্ষমান অবস্থায়, বিকল্প ভর্তির ব্যবস্থা বা সাংকেতিক ভাষার দোভাষ হিসেবে সহায়তা প্রদান করেন।

পিতামাতা সদস্য (Parent Member): স্কুল ডিস্ট্রিক্টের একজন প্রতিবন্ধী শিক্ষার্থীর পিতা/মাতা যিনি আইইপি দলের বৈঠকে যোগদান করেন এবং অন্য আরেকজন জানা বা সন্দেহ করা হচ্ছে এমন প্রতিবন্ধী শিক্ষার্থীর পিতা/মাতাকে তার সন্তানের শিক্ষার বিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করেন। আইইপি দলের বৈঠকে পিতামাতা সদস্যের অংশগ্রহণের বিষয়ে অসম্মতি জানানোর অধিকার পিতা/মাতার রয়েছে।

স্থগিতাদেশ (Pendency): যখন কোন পক্ষ নিরপেক্ষ শুনানির জন্য সুপারিশ করে বা মধ্যস্ততায় অংশগ্রহণ করে, স্থগিতাদেশ, "পূর্বাস্থায়" রাখার ধারার মাধ্যমে তাহলে শিক্ষার্থীকে "উভয়ে সর্বশেষ যে অবস্থানের বিষয়ে সম্মত হয়েছিল" সে অবস্থানেই রাখা হবে যতদিন না নিরপেক্ষ শুনানি প্রক্রিয়া শেষ হয় (আপিল প্রক্রিয়াসহ) যদি না পিতামাতা এবং আইইপি দল লিখিতভাবে অন্যকোন বিকল্প ব্যবস্থার বিষয়ে একমত হয়।

অভিভাবকের দায়িত্বপালনকারী ব্যক্তি (Persons in Parental Relationship): নিউ ইয়র্ক এডুকেশন আইন অনুসারে শিক্ষার্থীর সাথে অভিভাবকের সম্পর্ক রয়েছে এমন ব্যক্তিদের মধ্যে পিতা বা মাতা (জন্মদানকারী বা দত্তক গ্রহণকারী), সৎ মা, সৎ বাবা, আইনগতভাবে নিযুক্ত অভিভাবক বা তত্ত্বাবধানকারী অন্তর্ভুক্ত রয়েছে। পিতামাতা বা অভিভাবকের মৃত্যু হওয়ায়, তারা কারাবন্দি থাকায়, মানসিক রোগগ্রস্ত, সম্পূর্ণ সময় কোন কাজে নিয়োজিত থাকায়, শিশুটিকে পরিত্যক্ত অবস্থায় ফেলে যাওয়ায়, স্টেটের বাইরে বসবাস করায় বা তাদের অবস্থান অজানা থাকার কারণে যখন কোন ব্যক্তি কোন শিশুর তত্ত্বাবধান ও দেখাশোনার দায়িত্ব নেয় তাকে তত্ত্বাবধানকারী বা কাস্টডিয়ান বলা হয়।

জেনারেল অবলিগেশন ল টাইটেল ১৫-এ অনুসারে, যেটি পিতামাতাকে তাদের সন্তানের শিক্ষার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য স্বেচ্ছায় কাউকে দায়িত্ব প্রদানের ক্ষমতা দেয়, কোন ব্যক্তিকে অভিভাবক স্থানীয় ব্যক্তি হিসেবে নিয়োগ দেয়া যেতে পারে। অবশ্যই লিখিতভাবে এ দায়িত্ব প্রদান করতে হবে এবং তা এককালীন বা একবারে ছয় মাসের বেশি সময়ের জন্য হতে পারবে না। যদি ৩০ দিনের বেশি সময়ের জন্য দায়িত্ব প্রদান করা হয় তাহলে অবশ্যই তা দলিলে লিখে প্রদান করতে হবে এবং তাতে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ও পিতামাতা উভয়ের স্বাক্ষর থাকতে হবে।

অভিভাবক হিসেবে দায়িত্ব পালনকারী ব্যক্তিকে আইইপি দল বিশেষ শিক্ষা পরিষেবা প্রদানের পুরো প্রক্রিয়ার সাথে যুক্ত হতে ও তা নিয়ে আলোচনা করতে ডাক দিয়ে থাকে। যদি জন্মদানকারী পিতা/মাতা যেকোন সময়ে প্রত্যাবর্তন করে অভিভাবকের দায়িত্ব বুঝে নেন তাহলে আইইপি দল তাদেরকে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার সাথে যুক্ত করবে এবং পিতামাতার প্রত্যাবর্তনের পুর্বে যারা অভিভাবকের দায়িত্ব পালন করেছে তাদের সাথে আর কোন যোগাযোগ করবে না।

পছন্দনীয় ভাষা (Preferred Language): পিতামাতা যে ভাষায় কথা বলতে সবচেয়ে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন। এ ভাষায় তিনি সবসময় বাড়িতে কথা বলতেও পারেন বা নাও পারেন।

মনোচিকিৎসকের মূল্যায়ন (Psychiatric Evaluation): শিক্ষার্থীর পরিবেশের সাথে খাপখাওয়ানোর ক্ষমতা এবং তার আবেগীয় সমস্যা কোন পর্যায়ে তার শিক্ষণের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করে তা নির্ধারণের জন্য মনোচিকিৎসক কর্তৃক পরিচালিত বিশেষায়িত মূল্যায়ন।

মনোবিদের মূল্যায়ন (Psychological Evaluation): শিক্ষার্থীর সামগ্রিক শিক্ষা গ্রহণ ক্ষমতার শক্তিশালী ও দুর্বল দিক এবং অন্যান্য শিক্ষার্থী ও বড়দের সাথে তার সম্পর্ক পরিমাপের জন্য একজন সনদ বা লাইসেন্সপ্রাপ্ত মনোবিদ কর্তৃক পরিচালিত মূল্যায়ন।

সুপারিশ (Recommendation): আইইপি দলের বৈঠকে যে বিশেষ শিক্ষা পরিষেবা প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়।

পুনর্মূল্যায়ন (Reevaluation): একজন প্রতিবন্ধী শিক্ষার্থীর জন্য হালনাগাদকৃত মূল্যায়ন। শিক্ষার্থীর শিক্ষক, পিতামাতা বা স্কুল ডিস্ট্রিক্ট এর জন্য অনুরোধ জানাতে পারে। অধিকন্তু, প্রতিবন্ধী

শিক্ষার্থীদের প্রতি তিনবছর পর পর একবার পুনর্মূল্যায়ন করতে হবে, যদি না ডিস্ট্রিক্ট ও পিতামাতা এ বিষয়ে লিখিতভাবে একমত হয় যে শিক্ষার্থীর জন্য কোন পুনর্মূল্যায়নের প্রয়োজন নেই। বছরে একবারের বেশি পুনর্মূল্যায়ন করা উচিত নয় যদি না স্কুল ও পিতামাতা এ বিষয়ে একমত হয়।

রেফারেল (Referral): রেফারেল মূল্যায়নের এবং শিক্ষার্থী প্রতিবন্ধী কিনা এবং তার বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন কিনা তা নির্ধারণের প্রক্রিয়া শুরু করে।

নিয়মিত শিক্ষা (Regular Education): নিয়মিত শিক্ষার পাঠক্রম দেখুন।

সংশ্লিষ্ট পরিষেবা (Related Services): বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের তাদের স্কুলের কর্মসূচিতে অংশগ্রহণে সাহায্য করার জন্য যেসব পরিষেবা প্রদান করা হয়। শিক্ষার্থীর আইইপি-তে অবশ্যই এসব পরিষেবার সুপারিশ থাকতে হবে এবং তাদেরকে ব্যক্তিগত বা দলীয়ভাবে তা প্রদান করতে হবে এবং এসব দলে পাঁচজনের বেশি শিক্ষার্থী থাকতে পারবে না। পরিষেবার মধ্যে রয়েছে: কাউন্সিলিং, স্কুল স্বাস্থ্য সেবা, শ্রবণ শিক্ষা পরিষেবা, কথা/ভাষা থেরাপি, দৃষ্টি শিক্ষা পরিষেবা, পরিচিতি ও চলাচলের ক্ষেত্রে পরিষেবা এবং “অন্যান্য সহায়ক” পরিষেবা।

রিলেটেড সার্ভিসেস অথরাইজেশন (আরএসএ) (Related Services Authorization, RSA): যখন নির্ধারিত সময়সীমার মধ্যে ডিপার্টমেন্ট অব এডুকেশন এসব পরিষেবা প্রদান করতে সক্ষম হয় না তখন যাতে পিতামাতারা ডিপার্টমেন্ট অব এডুকেশনের বাইরের কোন স্বাধীন পরিষেবা প্রদানকারীর কাছ থেকে ডিপার্টমেন্ট অব এডুকেশনের খরচে পরিষেবা গ্রহণ করতে পারে সে জন্য পিতামাতাদের একটি কর্তৃত্বপ্রদানপত্র দেয়া হয় যাকে বলা হয় আরএসএ।

যে পর্যালোচনার জন্য অনুরোধ করা হয়েছে (Requested Review): শিক্ষার্থীর আইইপি তার চাহিদা পূরণ করছে কিনা তা নির্ধারণের জন্য শিক্ষার্থীর আইইপি পর্যালোচনা করতে আইইপি দলের বৈঠক। যেকোন সময়ে পিতামাতা, শিক্ষক বা স্কুলের অন্যকোন কর্মী সদস্য এ অনুরোধ জানাতে পারে।

সমস্যা সমাধান বৈঠক বা রেজ্যুলুশন সেশন (Resolution Session): পিতামাতার কাছ থেকে আইনগত প্রক্রিয়ায় অভিযোগ পাবার ১৫ দিনের মধ্যে স্কুল ডিস্ট্রিক্টকে অবশ্যই এ বৈঠক আহ্বান করতে হবে। এ বৈঠকে পিতা/মাতা, এ অভিযোগের সাথে সংশ্লিষ্ট আইইপি দলের সদস্য এবং স্কুল ডিস্ট্রিক্টের একজন প্রতিনিধি যার সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রয়েছে সে উপস্থিত থাকবে।

ক্লাস পরিদর্শনের অধিকার (Right to Visit a Class): পিতামাতার যে স্কুলে তাদের সন্তান বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করবে তা পরিদর্শনে অধিকার রয়েছে। শিক্ষার্থীর জন্য যে ধরনের কর্মসূচির সুপারিশ করা হয়েছে পিতামাতাকে উদাহরণ হিসেবে সে ধরনের একটি ক্লাস পরিদর্শন করানো যেতে পারে।

স্বল্প মেয়াদি লক্ষ্য (Short-Term Objectives): শিক্ষার্থী যাতে তার বার্ষিক লক্ষ্য অর্জন করতে পারে সেজন্য যে বিশেষ পদক্ষেপগুলো গ্রহণ করা হয়। তারা শিক্ষক বা পরিষেবা প্রদানকারীদের কিভাবে বার্ষিক লক্ষ্য পূরণ করতে হবে এবং এসব লক্ষ্য পূরণে শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপ করতে হবে সে বিষয়ে দিকনির্দেশনা দেয়। আইইপি দল এসব স্বল্প মেয়াদি লক্ষ্য লিপিবদ্ধ করে এবং কেবল তখনই শিক্ষার্থীর আইইপি-তে এর উল্লেখ থাকে যখন শিক্ষার্থী বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে।

সামাজিক ইতিহাস (Social History): সামাজিক সম্পর্কসহ শিক্ষার্থীর স্বাস্থ্য, পরিবার এবং স্কুলের পটভূমি জানতে পিতামাতার সাক্ষাতকার গ্রহণ যা শিক্ষার্থীর মূল্যায়নের অংশ হিসেবে ব্যবহৃত হয়।

বিশেষ ক্লাস (Special Class): স্বনিয়ন্ত্রিত শ্রেণিকক্ষে প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিশেষ ক্লাস পরিষেবা প্রদান করা হয়। সম্পূরক সহায়তা ও পরিষেবা ব্যবহার করেও যেসব শিক্ষার্থীদের চাহিদা সাধারণ শিক্ষার ক্লাসে পূরণ করা যায় না তাদের জন্যই এই ক্লাস। বিশেষ শিক্ষার ক্লাসে অবশ্যই একই ধরনের শিক্ষাগত চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের একই দলে ফেলা হবে। এসব ক্লাসে একই ধরনের প্রতিবন্ধিতা বা বিভিন্ন ধরনের প্রতিবন্ধিতা রয়েছে এমন শিক্ষার্থীরা থাকতে পারে যতক্ষণ পর্যন্ত তাদের প্রাতিষ্ঠানিক ও শিক্ষণ বৈশিষ্ট্যর স্তর, সামাজিক উন্নয়নের/বিকাশের স্তর, শারীরিক বিকাশের স্তর এবং ব্যবস্থাপনা চাহিদা একই স্তরের হবে।

শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক এবং/বা ব্যবস্থাপনাগত চাহিদার ওপর নির্ভর করে বিশেষ ক্লাসে শিক্ষার্থী কর্মী অনুপাত বিভিন্ন ধরনের হয়ে থাকে।

বিশেষভাবে প্রণীত শিক্ষা-নির্দেশনা (Specially Designed Instruction): শিক্ষার্থীর প্রতিবন্ধিতার কারণে যে স্বতন্ত্র চাহিদার সৃষ্টি হয় তা পূরণের জন্য বিশেষ শিক্ষা পেশাজীবীরা যেভাবে বিষয়, পদ্ধতি (নিদির্ষ্ট কোন গ্রেডের পাঠ্যবিষয়কে যেভাবে বা যে পদ্ধতিতে শিক্ষা দেয়া হয়) বা শিক্ষানির্দেশনাদানের পদ্ধতিকে খাপখাইয়ে নেন। বিশেষভাবে প্রণীত শিক্ষানির্দেশনাকে এটাও নিশ্চিত করতে হবে যে যোগ্য শিক্ষার্থীরা যাতে সাধারণ শিক্ষার পাঠক্রম অধ্যয়নের সুযোগ পায় যাতে সব শিক্ষার্থীদের জন্য স্কুল ডিস্ট্রিক্টের যে শিক্ষাগত আর্দশমান রয়েছে সে তা পূরণ করতে পারে।

কথা ও ভাষা প্রতিবন্ধী (Speech or Language Impairment): যোগাযোগ করার ক্ষেত্রে যে শিক্ষার্থীর সমস্যা রয়েছে যেমন তোতলানো, কোন কোন শব্দ সঠিকভাবে বলতে না পারা, ভাষা প্রতিবন্ধিতা, বা কণ্ঠস্বরের প্রতিবন্ধিতা বা সমস্যা যা শিক্ষা ক্ষেত্রে তার নৈপুণ্য অর্জনকে ক্ষতিগ্রস্ত করে।

পিতামাতার স্থলাভিষিক্ত অভিভাবক (Surrogate Parents): শিক্ষার্থীর অধিকার সুরক্ষিত রাখার জন্য নিম্নলিখিত পরিস্থিতিতে ডিপার্টমেন্ট পিতামাতা বা অভিভাবকের স্থলে দায়িত্ব পালনের জন্য একজন “দায়িত্বপ্রাপ্ত পিতামাতা” নিযুক্ত করতে পারে:

- যদি কোন পিতামাতা চিহ্নিত করা না যায়;
- অনেক চেষ্টার পরও যদি ডিপার্টমেন্ট পিতামাতার কোন খোঁজ-খবর বের করতে না পারে;
- ম্যাকিনি-ভেন্টো গৃহহীন আইন অনুসারে শিক্ষার্থী একজন একাকী

গৃহহীন কিশোর;

- শিক্ষার্থী ওয়ার্ড অব দি স্টেট এবং পিতামাতার সংজ্ঞায় পড়ে এমন কোন পিতামাতা তার নেই। ওয়ার্ড অব দি স্টেট হল সেই শিশু বা ২১ বছরের কম বয়সী কিশোর যাকে কিশোর অপরাধ, পিনস বা শিশু সুরক্ষা কার্যধারার মাধ্যমে আদালতে আনা বা রিমান্ডে নেয়া হয়েছে; যে কমিশনার অব সোশাল সার্ভিস বা অফিস অব চিলড্রেন এন্ড ফ্যামিলি সার্ভিসের তত্ত্বাবধানাধীনে আছে; বা যে একটি অনাথ শিশু যাকে বাড়িতে কেউ দেখাশেনা করে না।

দায়িত্বপ্রাপ্ত পিতামাতা ডিপার্টমেন্ট অব এডুকেশনের বা স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের কোন কর্মকর্তা, কর্মচারি, বা এজেন্ট নয় বা শিক্ষার্থীর শিক্ষা বা পরিচর্যার সাথে জড়িত কোন সংস্থার সাথে কেউ নয়।

ক্রান্তিকালীন পরিষেবা (Transition Services): একগুচ্ছ সমন্বিত কার্যক্রম যা:

- স্কুল থেকে স্কুল পরবর্তী জীবনের কার্যক্রমে প্রবেশের সময় যেমন মাধ্যমিক পরবর্তী শিক্ষা, বৃত্তিমূলক শিক্ষা, সমন্বিত কর্মসংস্থান (সহায়ক কর্মসংস্থানসহ), অব্যাহত ও বয়স্ক শিক্ষা, বয়স্ক পরিষেবা, স্বাধীনভাবে জীবনযাপন বা কম্যুনিটিতে অংশগ্রহণ প্রর্বতি ক্ষেত্রে সহায়তা করতে শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক ও কর্মসম্পাদনের দক্ষতা বৃদ্ধি করা;
- এটি প্রতিটি শিক্ষার্থীর চাহিদার ওপর ভিত্তি করে তার শক্তি, পছন্দ ও আগ্রহকে বিবেচনায় রেখে করা হয়; এতে শিক্ষানির্দেশনা, সংশ্লিষ্ট পরিষেবা, কম্যুনিটি অভিজ্ঞতা, কর্মসংস্থানসহ স্কুল পরবর্তী অন্যান্য জীবনযাপন লক্ষ্য গঠন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রাত্যহিক জীবনযাপন দক্ষতা বা সাধারণ কর্মদক্ষতা এবং বৃত্তিমূলক কর্মসম্পাদন দক্ষতা মূল্যায়ন।

ক্রান্তিকালীন সহায়তা পরিষেবা (Transitional Support Services): ক্রান্তিকালীন সহায়তা পরিষেবা যথা পরামর্শ এবং/বা প্রশিক্ষণ যেসব স্কুল কর্মীরা অপেক্ষাকৃত কম নিষেধাত্মক পরিবেশে যেসব প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্থানান্তর করা হচ্ছে তাদের সাথে কাজ করে তাদেরকে (সাধারণত ৩০ দিনের জন্য) প্রদান করা হয়। যদিও ক্রান্তিকালীন পরিষেবা শিক্ষকদের প্রদান করা হয় কিন্তু এর সুফল প্রতিবন্ধী শিক্ষার্থীরাও পেয়ে থাকে।

যাতায়াতের প্রশিক্ষণ (Travel Training): এ পরিষেবা হাই স্কুল বয়সী শিক্ষার্থীদের স্কুলে বা কর্ম-অধ্যয়ন ক্ষেত্রে নিজে নিজে ও নিরাপদে যাতায়াত করতে শেখায়।

বারো-মাস স্কুল বর্ষ পরিষেবা (Twelve-Month School Year) *(দীর্ঘায়িত স্কুল বর্ষ পরিষেবা নামেও পরিচিত):* মারাত্মক প্রতিবন্ধী শিক্ষার্থীদের বার-মাস স্কুল বর্ষ পরিষেবা প্রদান করা হয়। জুলাই ও আগস্টে তাদের বিকাশ যাতে বাধাগ্রস্ত না হয় সেজন্য শিক্ষার এ ধারাবাহিকতা তাদের প্রয়োজন। এর জন্য আইইপি দলের সুপারিশ থাকতে হবে এবং শিক্ষার্থীর আইইপি-তে অবশ্যই এর উল্লেখ থাকতে হবে।পিতামাতাকেও দীর্ঘায়িত স্কুল দিবসের জন্য সম্মতি প্রদান করতে হবে।

বৃত্তিমূলক কাজের মূল্যায়ন (Vocational Assessment): চাকুরির সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলোতে শিক্ষার্থীদের আগ্রহ ও সামর্থ্য পরিমাপের জন্য জুনিয়র ও সিনিয়র হাই স্কুল শিক্ষার্থীদের ওপর এ পরীক্ষা নেয়া হয়। এ মূল্যায়ন আইইপি দল, পিতামাতা এবং শিক্ষার্থীকে ভবিষ্যৎ ক্যারিয়ার ও চাকুরির সম্ভানাসহ স্কুল থেকে স্কুল পরবর্তী জীবনের কার্যক্রমে প্রবেশের পরিকল্পনায় সহায়তা করে।

কর্ম-অধ্যয়ন (Work-Study): প্রাপ্ত বয়স্কদের জগতে প্রবেশের প্রস্তুতি হিসেবে মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের শিক্ষাগত, বৃত্তিমূলক ও কর্মসংক্রান্ত অভিজ্ঞতা অর্জনের সুযোগ প্রদান করে।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন
কমিটি অন স্পেশাল এডুকেশন অফিসের সাথে যোগাযোগের তথ্য

সিএসই অফিস	ডিস্ট্রিক্ট	ঠিকানা	ফোন নম্বর
1	7 9 10	One Fordham Plaza Bronx, New York 10458	(718) 329-8091
2	8 11 12	3450 East Tremont Avenue 2nd Floor Bronx, New York 10465	(718) 794-7428 or (718) 794-7429
3	25 26	30-48 Linden Place Flushing, New York 11354	(718) 281-3520
3	28 29	90-27 Sutphin Boulevard Jamaica, New York 11435	(718) 557-2500
4	24 30	28-11 Queens Plaza North 5th Floor Long Island City, New York 11101	(718) 391-8405
4	27	Satellite Office 82-01 Rockaway Boulevard 2nd Floor Ozone Park, New York 11416	(718) 642-5715
5	19 23 32	1655 St. Marks Avenue Brooklyn, New York 11233	(718) 240-3500
6	17 18 22	5619 Flatlands Avenue Brooklyn, New York 11234	(718) 968-6200
7	20 21	415 89th Street Brooklyn, New York 11209	(718) 759-4933
7	31	715 Ocean Terrace Building A Staten Island, New York 10301	(718) 420-5752
8	13 14 15 16	131 Livingston Street 4th Floor Brooklyn, New York 11201	(718) 935-4900
9	1 2 4	333 7th Avenue 4th Floor New York, New York 10001	(917) 339-1600
10	3 5 6	388 West 125th Street New York, New York 10027	(212) 342-8300

নোটস